পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের
মাঝে এক অপরূপ
ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দাম: ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 30, Issue No.: 69 Saturday, 8 February, 2025 ✱ ৩০ বর্ষ, ৬৮ সংখ্যা ✱ ২৫ মাঘ ১৪৩১, শনিবার, ৮ ফেব্রুয়ারি, ২০২৫ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য- ৩ টাকা

মাধ্যমিক পরীক্ষায় বিশেষ বাস পরিষেবার সিদ্ধান্ত

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ ফেব্রুয়ারি ঃ আসন্ন মাধ্যমিক পরীক্ষা উপলক্ষ্যে পরিবহণ দফতর বিশেষ বাস পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। পশ্চিমবঙ্গ পরিবহণ নিগম পরীক্ষার দিন গুলিতে দু'টো শিফটে বেশি পরিমাণ বাস পরিষেবা দেওয়ার জন্য সমস্ত ডিপো ম্যানেজারকে নির্দেশ দিয়েছে। সকাল সাড়ে ৬টা থেকে ১০টা এবং দুপুর দুটো থেকে বিকেল ৫ টা পর্যন্ত এই বিশেষ বাস পরিষেবা দিতে বলা হয়েছে নির্দেশিকায়। বাসের সামনে পরীক্ষা স্পেশাল লেখা বোর্ড লাগানো এবং সাধারণ ভাড়া অনুসারে ভাড়া নেওয়া হবে বলে ওই নির্দেশিকায় উল্লেখ করা হয়েছে। এদিকে, পরীক্ষার দিনগুলিতে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থাও অতিরিক্ত বাস চালাবে। এর পাশাপাশি বাসের যাতায়াত বাড়ানো হবে। পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থাও পরীক্ষার দিনগুলিতে অতিরিক্ত বাস পরিষেবা দেবে। আগামী সোমবার থেকে রাজ্যে শুরু হতে চলা এই বছরের মাধ্যমিক পরীক্ষায় দুই হাজার ৬৮৩টি কেন্দ্রে মোট ৯ লক্ষ ৮৪ হাজার ৭৫৩ জন পরীক্ষার্থী পরীক্ষা দেবে। মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় আজ এক সাংবাদিক বৈঠকে বলেন এর মধ্যে ৫ লক্ষ ৫৫ হাজার ৯৫০ জন ছাত্রী রয়েছে। প্রশ্ন ফাঁস ও টোকাটুকি রুখতে বেশ কিছু জেলায় বিশেষ নজর দেওয়া হবে বলে তিনি জানিয়েছেন। টয়লেটেও আলাদা করে নজরদারি চালানো হবে। কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে আজ দুপুর ২টো পর্যন্ত পর্ষদের পোর্টালে ১৮১ জন পরীক্ষার্থী নতুন করে নাম নথিভুক্ত করেছেন বলে তিনি জানান। ১৩৬টি স্কুল সঠিক ভাবে কাজ না করায় এই পরীক্ষার্থীরা বঞ্চিত হচ্ছিল বলে সভাপতি জানিয়েছেন।

কেন্দ্রীয় সরকার রাজ্যে প্রাকৃতিক বিপর্যয়ের ক্ষয়ক্ষতির হিসেব চেয়েছে

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ ফেব্রুয়ারি ঃ কেন্দ্রীয় সরকার রাজ্যে বিগত ১৩টি অর্থবর্ষে প্রাকৃতিক বিপর্যয়ের কারণে ঘটে যাওয়া ক্ষয়ক্ষতির হিসেব চেয়ে পাঠিয়েছে। ২০১১-১২ থেকে শুরু করে ২০২৩-২৪ পর্যন্ত ঘূর্ণিঝড়, বন্যা, ধস, খরা, অগ্নিকাণ্ড, মেঘ ভাঙা বৃষ্টি, হরপা বান,পতঙ্গের আক্রমণে ফসল নষ্ট সহ নির্দিষ্ট ১২ ধরনের বিপর্যয়ের কারণে ক্ষয়ক্ষতির পূর্ণাঙ্গ রিপোর্ট চেয়ে পাঠানো হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে। এই সময়কালে, প্রাকৃতিক বিপর্যয়ে মানুষ, গবাদি পশু মৃত্যুর সংখ্যা, ঘরবাড়ি নষ্টের পরিমাণও রিপোর্টে উল্লেখ করতে বলা হয়েছে। পুঙ্খানুপুঙ্খ হিসেব চাওয়া হয়েছে চাষের ক্ষয়ক্ষতিরও। এইসব প্রশ্নের উত্তর চেয়ে রাজ্য প্রশসন প্রতি জেলার কাছ থেকে তথ্য চেয়েছে। সেই জেলাভিত্তিক রিপোর্ট বিপর্যয় মোকাবিলা দপ্তরে দ্রুত পাঠানোরও নির্দেশ দেওয়া হয়েছে। একইভাবে তাড়াতাড়ি রিপোর্ট দিতে হবে কলকাতা পুরসভা, কৃষিদপ্তর এবং প্রাণিসম্পদ উন্নয়ন দপ্তরকেও।

কেন্দ্রের বাজেট বাংলা বিরোধী

রাজ্যের উন্নয়ন রুখে দেওয়ার চেষ্টা করল এনডিএ সরকার ঃ অভিষেক

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি ঃ কেন্দ্রীয় বাজেটে বাংলাকে বঞ্চনা করা

হয়েছে। এটা রাজ্যের উন্নয়নকে রুখে দেওয়ার চেষ্টা ছাড়া কিছুই নয় বলে সংসদে ঝড় তোলেন তৃণমূল কংগ্রেস। নির্মলা সীতারমণের বাজেটে বাংলার প্রতি বঞ্চনা ইস্যুতে কেন্দ্রকে ঝাঁজাল আক্রমণ তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের। লোকসভায় দাঁড়িয়ে অভিষেক দাবি করলেন, নির্মলা সীতারমণ যে বাজেট পেশ করেছেন, সেটা বাংলা বিরোধী বাজেট। সুপরিকল্পিতভাবে বাংলার উন্নয়নযোগ্যকে রুখে দেওয়ার চেষ্টা।

সংসদে জোরালো ভাষণে তথ্য তুলে তুলে কেন্দ্রের বাজেটকে আক্রমণ করেছেন অভিষেক। তাঁর দাবি, পাশের রাজ্য বিহারে শুধু বিজেপি সরকারে আছে বলে বিহার বোনাঞ্জা পাচ্ছে। আর বাংলায় বিজেপি ক্ষমতায় নেই বলে বাংলা পাচ্ছে বঞ্চনা। সংসদে অভিষেক দাবি করলেন, দেশে যুক্তরাষ্ট্রীয় কাঠামোর নামে 'হাফ ফেডারেলিজম' চলছে। কী এই হাফ ফেডারেলিজম? সেটার ব্যাখ্যাও দিয়েছেন অভিষেক। বাজেটের জবাবি ভাষণে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক বললেন, বিহারে বিজেপির ১২ জন সাংসদ আছেন। বাংলাতেও বিজেপির ১২ জন সাংসদ। কিন্তু বিহারে বিজেপি শাসক শিবিরে তাই বিহার বোনাস পাচ্ছে আর বাংলায় যেহেতু বিজেপি বিরোধী আসনে তাই অর্থনৈতিক বঞ্চনা ছাড়া আর কিছুই পাচ্ছে না। এটাই 'হাফ ফেডারেলিজম'। তথ্য তুলে ধরে অভিষেকের দাবি, বাংলার জন্য উল্লেখযোগ্য একটিও আর্থিক প্যাকেজ বা বড় প্রকল্প ঘোষণা করা হয়নি। উল্টে বাংলা বিভিন্ন প্রকল্পে কেন্দ্রের কাছে ১.৭ লক্ষ কোটি টাকা পাওনা। সেই বকেয়াও মেটানো হচ্ছে না। এটা উদ্দেশ্যপ্রণোদিতভাবে আর্থিক অবরোধ। সুপরিকল্পিতভাবে বাংলার উন্নয়ন এবং আর্থিক বৃদ্ধি রুখে দেওয়া হচ্ছে। অভিষেকে দাবি করেছেন, শুধু ১০০ দিনের কাজে ৭ হাজার কোটির বেশি বকেয়া রাজ্যের। বাংলার ৫৯ লক্ষ শ্রমিক বঞ্চিত। আবাস যোজনায় ৮ হাজার কোটি টাকার বেশি বকেয়া। এতে ১৩ লক্ষ পরিবার বঞ্চিত। এরপর অভিষেক জানিয়ে দেন, কেন্দ্রের বঞ্চনা সত্ত্বেও বাংলা এই কর্মপ্রাথীদের কাজ দিচ্ছে, গৃহহীনদের বাড়ি দিচ্ছে। অভিষেকের সাফ কথা, বাংলা মাথা নোয়াবে না। আমরা ভিক্ষা করব না। আমরা নতুন করে সম্পদ সৃষ্টি করব, বাংলা নিজের শক্তিতে উন্নতি করবে।

আর জি কর-কাণ্ডে জরুরি ভিত্তিতে শুনানিতে 'না' সুপ্রিম কোর্টের

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি ঃ কলকাতার আর জি কর হাসপাতালে তরুণী চিকিসককে ধর্ষণ ও খুনের মামলায় সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন নির্যাতিতার বাবা ও মা। জরুরি ভিত্তিতে শুনানির আবেদন জানিয়ে, এই মামলা পুনরায় তদন্তের জন্য আর জি করের নির্যাতিতার বাবা-মা সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন। কিন্তু, জরুরি ভিত্তিতে নতুন আবেদনের শুনানিতে সম্মত হয়নি সুপ্রিম কোর্ট। সুপ্রিম কোর্টের পক্ষ থেকে শুক্রবার জানানো হয়েছে, আগামী ১৭ মার্চ আবেদনটি তালিকাভুক্ত করা হয়েছে, ওই দিনই হবে শুনানি।

'রাজ্যের অধিকার নেই'

সঞ্জয়ের ফাঁসি চেয়ে রাজ্যের আর্জি খারিজ, মান্যতা পেল সিবিআই-এর আবেদন

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ ফেব্রুয়ারি ঃ আর জি কর কাণ্ডে দোষী সঞ্জয় রায়ের ফাঁসির দাবিতে হাই কোর্টের দ্বারস্থ হয়েছিল রাজ্য। কিন্তু সেই মামলা গ্রহণই করল না আদালত। বিচারপতি সাফ জানালেন, সর্বোচ্চ শাস্তি চেয়ে মামলা করার অধিকার রাজ্যের নেই। আদালত জানিয়েছে, এই মামলা একমাত্র করতে পারে সিবিআই। আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ-খুনের ঘটনায় দোষী সাব্যস্ত হয়েছে সঞ্জয় রায়। কিন্তু প্রত্যক্ষ প্রমাণের অভাবে এই মামলাকে 'বিরলের মধ্যে বিরলতম'বলে চিহ্নিত করেননি বিচারক। সিভিক ভলান্টিয়ার সঞ্জয়কে ফাঁসির বদলে যাবজ্জীবনের সাজা দিয়েছে নিম্ন আদালত। এই সাজায় খুশি হননি মুখ্যমন্ত্রীও। সাজা ঘোষণার পরই তিনি জানিয়েছিলেন, রাজ্য সরকার হাই কোর্টের দ্বারস্থ হবে। কথা মতোই রাজ্য আদালতেও যায়। হাই কোর্টে রাজ্যের করা আবেদনকে একপ্রকার চ্যালেঞ্জ করে সিবিআই। আদৌ রাজ্যের আবেদন গ্রহণযোগ্য কিনা, প্রশ্ন তোলে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। হাই কোর্টে রাজ্যের করা মামলার গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন তুলে সিবিআইয়ের আইনজীবী বলেন, মামলার সঙ্গে সরাসরি যুক্ত তিন

পক্ষ পরিবার, সিবিআই কিংবা দোষী হাই কোর্টের দ্বারস্থ না হলে, রাজ্য কীভাবে এই আবেদন করতে পারে?

সেই মামলার শুনানিতে শুক্রবার কলকাতা হাই কোর্ট স্পষ্টভাবে জানিয়েদিল, রাজ্য এক্ষেত্রে সর্বোচ্চ শাস্তি চেয়ে মামলা করতেই পারে না। রাজ্যের সেই অধিকারই নেই। ফলে এই মামলা গ্রহণই করেনি আদালত। বিচারপতি জানিয়েছেন, শুধুমাত্র সিবিআই-ই এই আবেদন করতে পারে। উল্লেখ্য, রাজ্য ও সিবিআই সঞ্জয়ের ফাঁসি চাইলেও অভয়ার পরিবার তা চায় না বলেই জানিয়েছে আদালতে।

আর জি কর দুর্নীতি মামলায় হাই কোর্টে সাময়িক স্বস্তি সন্দীপদের!

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ ফেব্রুয়ারি ঃ ডিভিশন বেঞ্চে সাময়িক স্বস্তি! আর জি কর দুর্নীতি মামলায় সন্দীপ ঘোষ-সহ পাঁচজনকে সিবিআই চার্জশিট পড়ে দেখার সময় দিল আদালত। অর্থাৎ বাড়ল চার্জ গঠনের সময়সীমা। বিচারপতি জয়মাল্য বাগচীর ডিভিশন বেঞ্চ জানিয়েছে, অভিযুক্তদের প্রতিনিধিরা চাইলে সিবিআই দপ্তরে গিয়ে প্রয়োজনীয় নথি যাচাই করতে পারবেন। যদি কোনও নথি না পেয়ে থাকেন বা অস্পষ্ট থাকে,

সিবিআই তা দেবে।নিম্ন আদালতে চার্জ গঠনের প্রক্রিয়া শুরুর সময়সীমা বাড়ানোর আর্জি নিয়ে কলকাতা হাই কোর্টের সিঙ্গল বেঞ্চের দ্বারস্থ হয়েছিলেন আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্ত্বীপ ঘোষ। কিন্তু তাতে লাভ হয়নি। পরবর্তীতে ডিভিশন বেঞ্চে যান তাঁরা। আদালত এদিন জানায়, অভিযুক্তদের আইনজীবীদের সিবিআই চার্জশিট পড়ার সময় দিতে হবে। আদালতের নির্দেশ, আগামী শনি এবং রবিবার সকাল ১০টায় সিবিআই অফিসে গিয়ে নিজেদের কাছে থাকা নথির সঙ্গে সিবিআইয়ের নথি যাচাই করে দেখতে পারবেন অভিযুক্তদের আইনজীবীরা। যদি কোনও নথি না পেযে.থাকেন বা অস্পষ্ট থাকে, সিবিআই তা তাঁদের দেবে। আগামী সোমবার সিবিআইয়ের বিশেষ আদালতে এবিষয়ে অগ্রগতি জানাবে সমস্ত পক্ষ। মঙ্গলবার হাই কোর্টে এই মামলার পরবর্তী শুনানি। ওইদিনই বাকি বিচারপ্রক্রিয়ার সময়সীমা নির্দিষ্ট করবে আদালত। উল্লেখ্য, ৬ ফেব্রুয়ারির মধ্যে নিম্ন আদালতে চার্জ গঠনের প্রক্রিয়া শুরু করার নির্দেশ ছিল। কিন্তু সন্দীপ ঘোষ-সহ ৩ জন সময়সীমা বাড়ানোর আর্জি নিয়ে হাই কোর্টের দ্বারস্থ হয়। তাঁরা জানান, অল্প সময়ে চার্জশিট পড়া সম্ভব হয়নি। তার পরিপ্রেক্ষিতেই এদিন চার্জশিট পড়ার সময় দিল আদালত। ফলে বাড়ল চার্জ গঠনের সময়সীমা।

মহারাষ্ট্রের বিধানসভা নির্বাচনে অসঙ্গতি রয়েছে ঃ রাহুল গান্ধী

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি ঃ মহারাষ্ট্রের বিধানসভা নির্বাচনে অসঙ্গতি রয়েছে। দাবি করলেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। শুক্রবার দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে রাহুল গান্ধী বলেছেন, আমরা নির্বাচন (মহারাষ্ট্র) সম্পর্কে কিছু তথ্য প্রকাশ্যে আনছি। আমরা বিস্তারিত অধ্যয়ন করেছি, ভোটার এবং ভোটার তালিকা নিয়ে আমাদের দল কাজ করেছে এবং আমরা অনেক অনিয়ম খুঁজে পেয়েছি। লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী, শিবসেনা (ইউবিটি) সাংসদ সঞ্জয় রাউত এবং এনসিপি-এসসিপি সাংসদ সুপ্রিয়া সুলে এদিন দিল্লিতে একটি যৌথ সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন। রাহুল এদিন বলেছেন, ২০১৯ সালের বিধানসভা নির্বাচন এবং ২০২৪ সালের লোকসভা নির্বাচনের মধ্যে ৫ বছরে - ৩২ লক্ষ ভোটার যুক্ত হয়েছিল। যাইহোক, ২০২৪ সালের লোকসভার মধ্যে ৫ মাসের মধ্যে এই দলগুলি (কংগ্রেস, এনসিপি-এসসিপি, শিবসেনা (ইউবিটি)) জিতেছিল এবং বিধানসভা নির্বাচনে - ৩৯ লক্ষ ভোটার যুক্ত হয়েছিল। প্রশ্ন হচ্ছে, এই ৩৯ লক্ষ ভোটার কারা? যা হিমাচল প্রদেশের মোট ভোটারের সমান। দ্বিতীয় বিষয় হল, মহারাষ্ট্রে সমগ্র ভোটার জনসংখ্যার চেয়ে বেশি ভোটার কেন? একরকম, হঠাৎ করেই মহারাষ্ট্রে ভোটার তৈরি হয়েছে। রাহুল গান্ধী আরও বলেছেন, আমরা নির্বাচন কমিশনকে বলে আসছি, আমরা অসঙ্গতি খুঁজে পাচ্ছি। আমাদের ভোটার তালিকা দরকার- মহারাষ্ট্রের ভোটারদের নাম ও ঠিকানা। আমাদের লোকসভা নির্বাচনের ভোটার তালিকা দরকার। আমাদের বিধানসভা নির্বাচনের ভোটার তালিকা দরকার। আমরা বুঝতে চাই, এই নতুন অতিরিক্ত ভোটার কারা। অনেক, অনেক, অনেক ভোটার মুছে ফেলা হয়েছে। এক বুথে থাকা ভোটারদের অন্য বুথে স্থানান্তর করা হয়েছে।

বাজেট পর্ব মেটার পর নয়া রেপো রেট ঘোষণা করল রিজার্ভ ব্যাঙ্ক

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি ঃ বাজেট পর্ব মেটার পর নয়া রেপো রেট ঘোষণা করল রিজার্ভ ব্যাঙ্ক। শক্তিকান্ত দাস অবসর নেওয়ার পর দায়িত্বভার গ্রহণ করা আরবিআইয়ের নতুন গভর্নর সঞ্জয় মালহোত্রা জানিয়েছেন, ২৫ বেসিস পয়েন্ট কমানো হয়েছে। ফলে ৬.৫ শতাংশ থেকে কমে রেপো রেট এবার দাঁড়াল ৬.২৫ শতাংশে।

প্রসঙ্গত, গত দুই বছর রেপো রেট অপরিবর্তিত রেখেছিল আরবিআই। অন্যদিকে শেষবার ২০২০ সালে কমানো হয়েছিল সুদের হার। অবশেষে কয়েক বছর পেরিয়ে ফের কমানো হল সুদের হার। ৫ থেকে শুরু হয়ে শুক্রবার, ৭ ফেব্রুয়ারি পর্যন্ত চলেছে রিজার্ভ ব্যাঙ্কের ঋণনীতি কমিটির বৈঠক। আর সেই বৈঠকে অধিকাংশ সদস্যই মত দেন রেপো রেট কমানোর পক্ষে। এরপরই এই সিদ্ধান্ত নেয় আরবিআই। তবে এই সিদ্ধান্ত অবধারিতই ছিল, মনে করছে ওয়াকিবহাল মহল। জিডিপির পালে হাওয়া দিতে এছাড়া বড় রাস্তা ছিল না সামনে। কাজেই সদর্থক পদক্ষেপ করতেই এবার কমানো হল রেপো রেট। সারা বিশ্বেই আর্থিক অস্থিরতা বাড়তে থাকা পরিস্থিতির দাবি মেনে মুদ্রাস্ফীতির মোকাবিলা করতে কয়েক দফায় বিপুল হারে রেপো রেট বানিয়েছিল শীর্ষ ব্যাঙ্ক। তবে ২০২৩ সালের ফেব্রুয়ারির পর আর রেপো রেট বাড়েনি। এবার বছর দুয়েক পরে তা কমল। ফলে নতুন করে গাড়ি-বাড়ির জন্য ঋণ নিলে কিংবা ব্যক্তিগত ঋণের ক্ষেত্রেও লাভবান হবে ঋণগ্রহীতারা। কীরকম লাভ হতে পারে? একটি হিসেব বলছে কেউ যদি ৫০ লক্ষ টাকার গৃহ ঋণ নিয়ে থাকেন, তাহলে ২০ বছরের জন্য সুদের হার ৮.৫ শতাংশের হিসেবে মাসে ইএমআই হত ৪৩ হাজার ৫৯ টাকা। এবার তা কমে হবে ৪২ হাজার ৪৫২ টাকা। অর্থাৎ মাসিক ৬০৭ টাকার সাশ্রয়। বছরের হিসেবে তা দাঁড়াবে ৭ হাজার ২৮৪ টাকা। প্রসঙ্গত, বাজেটে আয়করে ব্যাপক ছাড়ের ঘোষণা করেছিল অর্থমন্ত্রক। এরপরই ফের রেপো রেট কমানোর সিদ্ধান্তে শেয়ার বাজারে সদর্থক প্রভাব পড়বে বলেই আশা।

কল্যাণীর বাজি কারখানায় বিস্ফোরণে মৃত ৪, হতাহতের সংখ্যা বাড়ার আশঙ্কা

দুরন্ত বার্তা, কল্যাণী, ৭ ফেব্রুয়ারি ঃ কল্যাণী বাজি কারখানায় ভয়াবহ বিস্ফোরণ। ঘটনায় ৪ জনের মৃত্যু হয়েছে। গুরুতর আহত অবস্থায় আরও একজনকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। বিস্ফোরণের জেরে কার্যত ধ্বংসস্তূপে পরিণত হয়েছে কারখানাটি। ঘটনায় খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছিয়েছে পুলিশ ও দমকল। উদ্ধারকার্যে হাত লাগিয়েছেন স্থানীয়রা। ধ্বংসস্তূপে তলায় আর কেউ আটকে রয়েছেন কিনা দেখা হচ্ছে। ঘটনায় আতঙ্ক এলাকায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, শুক্রবার দুপুরে কল্যাণী পুরসভার ২০ নম্বর ওর্য়াডের রথতলা এলাকায় একটি বাজি কারখানায় আগুন লাগে। আগুনে ঝলসে মৃত্যু হয়েছে তিন মহিলা-সহ এক পুরুষের। আহত আরও এক মহিলার। তাঁকে কল্যাণী জহরলাল নেহেরু হাসপাতালে ভর্তি করা হয়েছে। মহিলার অবস্থা আশঙ্কাজনক বলে জানা গিয়েছে। তিনি মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। বিস্ফোরণের তীব্রতায় উড়ে গিয়েছে কারখানাটি। কালো ছাইয়ের স্তূপে পরিণত হয়েছে জায়গাটি। এখনও জ্বলছে কারখানাটি। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়েছে পুলিশ ও দমকল। ঘটনাস্থল থেকে তিনজনের দেহ উদ্ধার করে পুলিশ। উপস্থিত রয়েছেন রানাঘাট পুলিশ জেলার পুলিশ সুপার-সহ পুলিশের একাধিক আধিকারিকেরা। তবে কী করে বিস্ফোরণ তা জানা যায়নি। কারখানাটি বেআইনি কি না, তাও স্পষ্ট নয়। খাগড়াগড়, এগড়া, দত্তপুকুর, ভূপতিনগর-সহ একাধিক জায়গায় বাজি বিস্ফোরণে প্রাণহানীর পর সেই তালিকায় জুড়ল কল্যাণীর নাম।

ফলপ্রকাশের আগেই উত্তপ্ত দিল্লি! কেজরির বাড়িতে হানা এসিবির

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি ঃ ফলপ্রকাশের আগের দিন উথালপাথাল দিল্লির রাজনীতি। আপের 'অপারেশন লোটাসে'র অভিযোগ। উপরাজ্যপালের তদন্তের নির্দেশ। সেই নির্দেশ পাওয়ামাত্র এসিবির সক্রিয়তা এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের বাড়িতে হানা। সব মিলিয়ে সরগরম রাজধানী। দিল্লিতে ভোট পর্ব মেটার পরই আপের দুই শীর্ষ নেতা অরবিন্দ কেজরিওয়াল এবং সঞ্জয় সিং দাবি করেন, পরাজয় নিশ্চিত জেনে বিজেপি আপ প্রার্থীদের ভাঙানোর চেষ্টা করছে। অতীতে যেভাবে কর্নাটক, গোয়া, মণিপুরের মতো রাজ্যে অপারেশন লোটাস চালিয়েছে পদ্ম শিবির, দিল্লিতেও সেই একই চেষ্টা করা হচ্ছে। আপের অভিযোগ, এক এক জন প্রার্থীকেই দল বদলানোর জন্য ১৫ কোটি টাকা করে ' দেওয়া হচ্ছে। সঙ্গে থাকছে লোভনীয় মন্ত্রিত্বের অফারও। অন্তত ১৬ জন প্রার্থী এই প্রস্তাব পেয়েছেন। আপ এই অভিযোগ করার পর পাল্টা সক্রিয় হয় বিজেপি। তাদের অভিযোগ, এভাবে অহেতুক বাজার গরম করার চেষ্টা করা হচ্ছে। দিল্লি বিজেপির সাধারণ সম্পাদক বিষ্ণু মিত্তল সোজা গিয়ে উপরাজ্যপালের কাছে নালিশ ঠুকে দেন। তিনি দাবি করেন, আপের অভিযোগে কোনও সারবত্তা নেই। ভোটারদের মধ্যে অহেতুক আতঙ্ক সৃষ্টির চেষ্টা করা হচ্ছে। ওই বিজেপি নেতার বক্তব্য, সঠিক তদন্ত হলেই বোঝা যাবে এই

অভিযোগে কোনও সারবত্তা নেই। বিজেপির অভিযোগ পাওয়ামাত্রই তদন্তের নির্দেশ দেন উপরাজ্যপাল ভি কে সাক্সেনা।

উপরাজ্যপালের তদন্তের নির্দেশের পর উত্তপ্ত হয়ে ওঠে দিল্লি। শুক্রবার বিকেলের দিকে অ্যান্টি কোরাপশন ব্যুরোর আধিকারিকরা চলে যান অরবিন্দ কেজরিওয়ালের বা।তে। তদন্তের জন্য প্রাক্তন মুখ্যমন্ত্রীর বা।তে হানা দেওয়ার চেষ্টা হয়। কিন্তু এসিবি আধিকারিকদের বাড়িতে ঢুকতে দেননি কেজরিওয়াল। তাঁর আইনজীবীর বক্তব্য, বিজেপি অহেতুক উত্তেজনা সৃষ্টির চেষ্টা করছে। এভাবে প্রাক্তন মুখ্যমন্ত্রীর বাড়িতে ঢুকে পড়ার অধিকার এসিবির নেই। আপ নেতা সঞ্জয় সিংয়ের বক্তব্য, বিজেপি স্রেফ নাটক করছে। সব মিলিয়ে ফলপ্রকাশের কয়েক ঘণ্টা আগে উত্তপ্ত দিল্লি। বি আর আম্বেদকরের মূর্তিতে হামলা চালানোয় প্রবল ক্ষোভের মুখে পড়েছে পাঞ্জাবের আপ সরকার। এনিয়ে আম আদমি পার্টির সুপ্রিমো অরবিন্দ কেজরিওয়ালের বিরুদ্ধেও তোপ দেগেছে বিজেপি ও কংগ্রেস। দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রীর নেতৃত্বে পাঞ্জাব সরকার কেন কোনও পদক্ষেপ করল না সে নিয়ে আক্রমণ শানিয়েছে হাত ও গেরুয়া শিবির। স্থানীয় থানার সামনেই এই ঘটনা ঘটে। কিন্তু তাতেও কোনও পদক্ষেপ করা হয়নি। এখনও পর্যন্ত স্পষ্ট নয় ওই যুবক কেন সংবিধান প্রণেতার মূর্তিতে হামলা চালালেন বা তিনি কি কোনও দলের সমর্থক কি না। এই ঘটনায় ব্যাপক বিতর্ক শুরু হয় রাজনৈতিক মহলে। দলিতদের অপমান করছেন আপ প্রধান কেজরিওয়াল বলে অভিযোগ তুলেছে গেরুয়া শিবির।

সোমবার থেকে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ ফেব্রুয়ারি ঃ আগামী সোমবার ১০ ফেব্রুয়ারি থেকে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হচ্ছে। দুপুর দু'টোয.রাজ্যপালের অভিভাষণের মধ্যে দিয়ে অধিবেশনের সূচনা হবে। তার আগে শুক্রবার দুপুরে প্রথমফিক সর্বদল বৈঠক ডেকেছেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। অধ্যক্ষের ঘরে ঐ বৈঠকে বিরোধী বিজেপির কোনো বিধায়ক বৈঠকে যোগ দেননি। শুধুমাত্র উপস্থিত ছিলেন আই এস এফ বিধায়ক নওশাদ সিদ্দিকী। বৈঠকের পর বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বাজেট অধিবেশনের পূর্ণাঙ্গ সূচি প্রকাশ করে জানিয়েছেন, সোমবার রাজ্যপালের সঙ্গে আমি নিজে কথা বলেছি এবং আমন্ত্রণ জানিয়েছি। উনি আসবেন বলে জানিয়েছেন। ওইদিনই রাজ্যপালের ভাষণের উপর আলোচনা হবে। অধ্যক্ষ এদিন স্পষ্ট জানান, কিছু বিল রাজ্যপাল রাষ্ট্রপতির কাছে পাঠিয়েছেন বলে শুনেছি। কিন্তু তার বর্তমান অবস্থা সম্পর্কে বলতে পারব না। রাজ্যপালের দাবি, কোনও বিল নাকি রাজভবনে

পেন্ডিং নেই, এটা উনি কীভাবে বললেন তা নিয়েও প্রশ্ন তোলেন অধ্যক্ষ। অধ্যক্ষ আরো জানিয়েছেন, ১১ তারিখ সদ্য প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং-এর জন্য বিধানসভায় শোক প্রস্তাব আনা হবে। তারপর দিনের মতো মুলতুবি হয়ে যাবে অধিবেশন।১২ ফেব্রুয়ারি বিকেল চারটায় বাজেট পেশ হবে। এরপর ১৩ তারিখ রাজ্যপালের ভাষণের উপর চার ঘণ্টা আলোচনা হবে। ১৪ থেকে ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত ছুটি থাকবে বিধানসভা। এরপর ফের ১৭ তারিখ অর্থাৎ সোমবার রাজ্যপালের ভাষণের উপর ফের আলোচনা হবে। পাশাপাশি আগামী ১৮ তারিখ চার ঘণ্টা ও ১৯ তারিখ তিন ঘণ্টা বিধানসভায় বাজেট নিয়ে আলোচনা হবে। এরপর ১০ মার্চ থেকে ১৯ মার্চ পর্যন্ত পরবর্তী দফাওয়াড়ি বাজেট পেশ হবে। ওইসময় সরকারের যদি কোনও গুরুত্বপূর্ণ বিল থাকে সেগুলি নিয়ে আলোচনা হবে।২০২৬ সালে রাজ্যে বিধানসভা ভোট। সেই জায়গা থেকে দেখতে গেলে এটাই হতে চলেছে বিধানসভা ভোটের আগে শেষ পূর্ণাঙ্গ বাজেট। সুতরাং এই বাজেট অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

রেহাই পেল না বাংলাদেশের প্রাক্তন রাষ্ট্রপতির বাসভবন

ঢাকা, ৭ ফেব্রুয়ারি ঃ জনরোষের হাত থেকে রেহাই পেল না বাংলাদেশের প্রাক্তন রাষ্ট্রপতি আবদুল হামিদের বাসভবনও। বৃহস্পতিবার রাতে কিশোরগঞ্জে প্রাক্তন রাষ্ট্রপতির বানিতে ভাঙচুর করে আগুন ধরানো হয়। শুধু তাই নয়, গুঁড়িয়ে দেওয়া হয়েছে আওয়ামি লিগের কার্যালয়ও। স্থানীয় সংবাদ সংস্থা সূত্রে খবর, সেখানে একাধিক আওয়ামি লিগ নেতার বা।তিও হামলা চালানো হয়েছে। বুধবার রাত থেকে ফের উত্তপ্ত বাংলাদেশ।

মহাকুম্ভের ২৬-দিন, ত্রিবেণী সঙ্গমে ভক্তদের পুণ্যস্নান অব্যাহত

প্রয়াগরাজ, ৭ ফেব্রুয়ারি ঃ উত্তর প্রদেশের প্রয়াগরাজে শুক্রবার ২৬-তম দিনে পাল মহাকুম্ভ মেলা। গঙ্গা, যমুনা ও সরস্বতীর মিলনস্থল, ত্রিবেণী সঙ্গমে শুক্রবারও পুণ্যস্নান করলেন বিপুল সংখ্যক ভক্তরা। গত ১৩ জানুয়ারি থেকে শুরু হওয়া কুম্ভমেলা চলবে আগামী ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত, টানা ৪৫-দিন ধরে।এখনও পর্যন্ত মহাকুম্ভের সঙ্গমে পুণ্যস্নান করেছেন ৩৯.৭৪ কোটিরও বেশি ভক্ত। মহাকুম্ভে ইতিমধ্যেই দু'টি অমৃতস্নান সম্পন্ন হয়েছে। পরবর্তী পুণ্যস্নান হবে ১২ ফেব্রুয়ারি (মাঘি পূর্ণিমা) এবং ২৬ ফেব্রুয়ারি (মহা শিবরাত্রিতে)। মহাকুম্ভে নিরাপত্তা অনেকটাই জোরদার করা হয়েছে। সার্বিক ব্যবস্থাপনা দেখে পুণ্যার্থীরাও খুশি।

শ্রীনগর কাঁপছে মাইনাস ২ ডিগ্রিতে, শীতে অপরূপ সৌন্দর্য্যে সেজে উঠেছে ভূস্বর্গ

শ্রীনগর, ৭ ফেব্রুয়ারি ঃ কনকনে ঠান্ডায় কাঁপছে সমগ্র কাশ্মীর উপত্যকা। শীতের মরশুমে অপরূপ সৌন্দর্য্যে সেজে উঠেছে সমগ্র ভূস্বর্গ। শ্রীনগর থেকে গুলমার্গ, পহেলগাম থেকে কার্গিল সর্বত্রই শুক্রবারও কনকনে ঠান্ডা অনুভূত হয়েছে। এই শীতের মরশুম ভালোই উপভোগ করছেন পর্যটকরা। শুক্রবার শ্রীনগরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল মাইনাস ২.০ ডিগ্রি সেলসিয়াস।জম্মু ও কাশ্মীরের ডোডা জেলায় আবারও তুষারপাত হয়েছে। ডোডা জেলার ভাদেরওয়াহে নতুন করে তুষারপাতের পর প্রাকৃতিক সৌন্দর্য্য আরও বৃদ্ধি পেয়েছে। চারিদিকে শুধু বরফ আর বরফ। এই বরফ দেখতে ভিড় বাড়ছে পর্যটকদের।

রাম জন্মভূমি তীর্থক্ষেত্রর ট্রাস্টি কামেশ্বর চৌপালের প্রয়াণে শোকপ্রকাশ প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি ঃজন্মভূমি তীর্থক্ষেত্র ট্রাস্টের ট্রাস্টি কামেশ্বর চৌপালের মৃত্যুতে শোকপ্রকাশ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী জানান, প্রবীণ বিজেপি নেতা এবং রাম জন্মভূমি তীর্থক্ষেত্র ট্রাস্টের ট্রাস্টি কামেশ্বর চৌপালের মৃত্যুতে গভীরভাবে শোকাহত। তিনি একজন একনিষ্ঠ রাম ভক্ত ছিলেন। তিনি অযোধ্যায় রাম মন্দির নির্মাণে মূল্যবান অবদান রেখেছিলেন। সমাজের বঞ্চিত সম্প্রদায়ের কল্যাণের জন্য তাঁর কাজের জন্য দলিত পটভূমি থেকে আসা কামেশ্বর জিকে সর্বদা স্মরণ করা হবে। তাঁর পরিবার পরিজনদের আমার সমবেদনা জানাই। ওম শান্তি!

বিজেপি সবসময় অন্য দল ভাঙতে বিশ্বাস করেঃসঞ্জয় সিং



নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি ঃ ভারতীয় জনতা পার্টির তীব্র সমালোচনা করলেন আম আদমি পার্টির সাংসদ সঞ্জয় সিং। তাঁর কথায়, বিজেপি সবসময় অন্য দল ভাঙতে বিশ্বাস করে। শুক্রবার সঞ্জয় সিং বলেছেন, বিজেপি দেশের সবচেয়ে দুর্নীতিগ্রস্ত দল। বিজেপি সবসময় অন্য দল ভাঙতে বিশ্বাস করে, মহারাষ্ট্র, কর্ণাটক, মধ্যপ্রদেশ, উত্তরাখণ্ড, অরুণাচল প্রদেশে বিজেপি সরকার পতন করেছে।সঞ্জয় সিং আরও বলেছেন, আমরা কি তাঁদের কাছ থেকে একটি সার্টিফিকেট চাই, যে তাঁরা অসৎ নয়। আমরা এই বিষয়ে অভিযোগ করেছি এবং তদন্ত দাবি করেছি। আমাদের অভিযোগের পর দিল্লি বিজেপির সভাপতি বীরেন্দ্র সচদেবা দিল্লি এলজির কাছে গিয়ে এসিকে চিঠি দিয়েছেন। আমি অভিযোগ করতে এসেছি এবং তদন্ত চাই।

কংগ্রেস আমলে সব কিছুতেই তোষণ ছিলঃ প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি ঃ কংগ্রেসকে তীব্র আক্রমণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গত বৃহস্পতিবার রাজ্যসভায় প্রধানমন্ত্রী মোদী বলেছেন, কংগ্রেসের কাছ থেকে'সবকা সাথ, সবকা বিকাশ' আশা করা বড় ভুল হবে। এটি তাদের চিন্তার বাইরে এবং এটি তাদের রোডম্যাপের সঙ্গেও খাপ খায় না, কারণ পুরো দলটি শুধুমাত্র একটি পরিবারের জন্য উৎসর্গীকৃত। কংগ্রেসের মডেলে পরিবারই সর্বাগ্রে।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণের ওপর ধন্যবাদ জ্ঞাপনে বৃহস্পতিবার রাজ্যসভায় প্রধানমন্ত্রী মোদী বলেছেন, রাষ্ট্রপতির ভাষণটি ছিল অনুপ্রেরণামূলক, কার্যকরী এবং আমাদের সকলকে সামনের পথ দেখায়। প্রধানমন্ত্রী আরও বলেছেন, দেশবাসী আমাদের উন্নয়নের মডেল পরীক্ষা করেছে, বুঝেছে এবং সমর্থন করেছে। আমাদের উন্নয়নের মডেল হল- 'দেশ সর্বাগ্রে'। প্রধানমন্ত্রীর কথায়, কংগ্রেস আমলে সব কিছুতেই তোষণ ছিল। এটা ছিল তাদের রাজনীতি করার পদ্ধতি। প্রধানমন্ত্রী মোদী জোর দিয়ে বলেছেন, ২০১৪ সালের পর, ভারত শাসনের একটি বিকল্প মডেল পেয়েছিল। এই মডেলটি তোষণের দিকে নয়, বরং সন্তুষ্টির উপর দৃষ্টি নিবদ্ধ করে।অন্যদিকে সমাজে জাতপাতের বিষ ছড়ানোর চেষ্টা চলছে। উদ্বেগ প্রকাশ করে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণের ওপর ধন্যবাদ জ্ঞাপনে গত বৃহস্পতিবার রাজ্যসভায় প্রধানমন্ত্রী মোদী বলেছেন, বহু বছর ধরে, সমস্ত দলের ওবিসি সাংসদরা ওবিসি প্যানেলের সাংবিধানিক মর্যাদা দাবি করে আসছিলেন। কিন্তু তাদের দাবি প্রত্যাখ্যান করা হয়েছিল, কারণ এটি তাদের (কংগ্রেস) রাজনীতির জন্য উপযুক্ত নাও হতে পারে। কিন্তু আমরা এই প্যানেলকে সাংবিধানিক মর্যাদা দিয়েছি।প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, আমাদের সরকার, 'সবকা সাথ, সবকা বিকাশ' মন্ত্রে অনুপ্রাণিত হয়ে সাধারণ শ্রেণীর দরিদ্রদের ১০ শতাংশ সংরক্ষণ দিয়েছে। প্রধানমন্ত্রী আরও বলেছেন, ডঃ বাবা সাহেব আম্বেদকরের প্রতি কংগ্রেসের কতটা ক্ষোভ ও ঘৃণা ছিল তা ভালভাবে নথিভুক্ত। তারা কখনও বাবা সাহেবকে ভারতরত্ন পুরস্কারের যোগ্য মনে করেননি। কিন্তু এখন বাধ্য হয়ে 'জয় ভীম' স্লোগান তুলতে হচ্ছে।

কেরলের সঙ্গে অবিচার করেছে কেন্দ্র, বাজেটে বললেন অর্থমন্ত্রী কে এন বালাগোপাল

তিরুবনন্তপুরম, ৭ ফেব্রুয়ারি ঃ কেরলের অর্থমন্ত্রী কে এন বালাগোপাল শুক্রবার রাজ্য বাজেট পেশ করলেন। শুক্রবার বিধানসভায় বাজেট পেশ করার সময় অর্থমন্ত্রী কে এন বালাগোপাল বলেছেন, কেন্দ্রীয় সরকার কেরলের প্রতি অন্য রাজ্যের মতো ন্যায়বিচার করেনি। আমরা সময় মতোই ওয়ানাড পুনর্বাসন সম্পন্ন করব। প্রথম পর্যায়ে ৭৫০ কোটি টাকা বরাদ্দ করা হবে।বাজেট পেশ করার সময় কেরলের অর্থমন্ত্রী কে এন বালাগোপাল বলেছেন, সব ধরনের অভিবাসনকে অন্ধভাবে উৎসাহিত করা উচিত নয় এই পদ্ধতির সংশোধন করা দরকার। কে এন বালাগোপাল আরও বলেন, কোচি, কোঝিকোড় এবং তিরুবনন্তপুরম শহরের উন্নয়নের জন্য মেট্রোপলিটন প্ল্যান কমিটি গঠন করা হবে। এটি কেরলের নগরায়নকে ত্বরান্বিত করার পরিকল্পনার অংশ। তিরুবনন্তপুরম মেট্রো রেলের কার্যক্রম ২০২৫-২৬ সালে শুরু হবে।

আজ দিল্লিতে ভোটের ফল, উৎকণ্ঠায় বিজেপি-সহ তিনটি দল

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি ঃ রাজধানী দিল্লিতে বিধানসভা নির্বাচনের ভোটগণনা ৮ ফেব্রুয়ারি, শনিবার। শেষ মুহূর্তের প্রস্তুতি চলছে জোরকদমে। ভোট গণনার জন্য দিল্লির ১১টি জেলায় ১৯টি গণনা কেন্দ্র তৈরি করা হয়েছে। নিরাপত্তা ব্যবস্থাও আঁটোসাঁটো করা হচ্ছে। এই মুহূর্তে নির্বাচন কমিশন ও পুলিশ কর্তাদের সার্বক্ষণিক নজরদারিতে রয়েছে ইভিএমগুলি। ভোটের ফল ঘোষণার আগে উৎকন্টায় রয়েছে বিজেপি, আম আদমি পার্টি ও কংগ্রেস।দিল্লিতে মোট বিধানসভা আসনের সংখ্যা ৭০। শনিবার সকাল ৭টা থেকে শুরু হবে ভোটগণনা, সন্ধ্যা ৬টার মধ্যেই সবকিছু পরিষ্কার হয়ে যাবে বলে আশা করা হচ্ছে। মোট ৬৯৯ জন প্রার্থীর ভাগ্যপরীক্ষা হয়েছে গত ৫ ফেব্রুয়ারি, ৬৯৯ জনের মধ্যে ৬০৩ জন পুরুষ এবং ৯৬ জন মহিলা। এর আগে ২০২০ সালের নির্বাচনে আম আদমি পার্টি ৭০টি আসনের মধ্যে ৬২টি আসন জিতে উল্লেখযোগ্য সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছিল, যেখানে ভারতীয় জনতা পার্টি (বিজেপি) বাকি আটটি আসন পেয়েছে। ওই নির্বাচনে কংগ্রেস কোনও আসন পায়নি।

রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে আরও এক অভিনেত্রী গ্রেফতার ঢাকায়

ঢাকা, ৭ ফেব্রুয়ারি ঃ গত বৃহস্পতিবার সন্ধ্যায় ধানমন্ডি থেকে গ্রেফতার করা হয় প্রয়াত সাহিত্যিক হুমায়ুন আহমেদের স্ত্রী, অভিনেত্রী, সংগীত শিল্পী ও নির্মাতা মেহের আফরোজ শাওনকে। এর পর গ্রেফতার হলেন আরও এক অভিনেত্রীকে।ধানমন্ডি ৩২ নম্বরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন'-এর ' বুলডোজার কর্মসূচি'-র পর এ নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে মেহের শাওন- 'বাচ্চারা, এত্ত ভয় পেয়েছো' লিখে পোস্ট দেন। এতে তাঁর ওপর ক্ষুব্ধ হয় ছাত্র-জনতা। এছাড়া এর আগেও একাধিকবার 'বিতর্কিত' পোস্ট করে সমালোচনার শিকার হন শাওন। সন্ধ্যায় জামালপুরের নরুন্দিতে তাঁর গ্রামের বাড়িতে আগুন দেওয়া হয়। এর কিছুক্ষণ পরই তাঁর গ্রেফতার হওয়ার খবর আসে।গভীর রাতেই রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে আটক করা হয় অভিনেত্রী সোহানা সাবাকে। শুক্রবার সকালে রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে তাঁকে গ্রেফতার করে পুলিশ। নৃত্যশিল্পী হিসাবে কেরিয়ার শুরু করেছিলেন সোহানা সাবা। তবে বর্তমানে অভিনেত্রী হিসাবেই তাঁর পরিচিতি।সোহানা সাবার বিরুদ্ধে অভিযোগ রয়েছে গত বছর জুলাইয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে সোহানা সাবা-সহ শিল্পীদের একাংশ হোয়াটসঅ্যাপে 'আলো আসবেই' নামের একটি গ্রুপে আন্দোলনের বিরুদ্ধে সক্রিয় ছিলেন। আন্দোলনে সরকার পতনের পর ওই হোয়াটসঅ্যাপ গ্রুপ সংশ্লিষ্ট বার্তার কিছু স্ক্রিনশট ছড়িয়ে পড়লে সমালোচনার মুখে পড়েন অভিনেত্রী।তাদের ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) কার্যালয়ে আনা হয়েছে। বিভিন্ন বিষয়ে পুলিশের কার্যালয়ে তাদের টানা জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। তবে তাদের কোন মামলায় গ্রেফতার দেখানো হচ্ছে, এ বিষয়ে এখনও নির্দিষ্ট করে ঘোষণা করেনি পুলিশ।প্রসঙ্গত, হাসিনা সরকারের পতনের পর থেকেই উত্তাল বাংলাদেশ। 'বিপ্লবী'ছাত্রদের তাণ্ডবে বুধবার থেকে নতুন করে উত্তাল হয়ে উঠেছে বাংলাদেশ। গত নতুন করে অশান্তি চরমে ওঠে। মুজিবের স্মৃতিবিজড়িত বাড়ি তথা জাদুঘরে গিয়ে বাইরের ফটক ভেঙে ফেলে 'বিপ্লবী' ছাত্ররা। বঙ্গবন্ধু ভবনের পাশাপাশি একাধিক জায়গায় ব্যাপক ভাঙচুর করা হয়েছে। জ্বালিয়ে দেওয়া হয়েছে আগুন।

অর্থের বিনিময়ে দলবদলের প্রস্তাব! কেজরির অভিযোগ খতিয়ে দেখতে নির্দেশ সাক্সেনার

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারিঃ দলীয় প্রার্থীদের টাকার বিনিময়ে দলবদলের প্রস্তাব দিচ্ছে বিজেপি। এমনই অভিযোগ করেছেন দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির সুপ্রিমো অরবিন্দ কেজরিওয়াল। যদিও আম আদমি পার্টির সেই অভিযোগ উ।য়ে দিয়েছে বিজেপি। মানহানি করেছেন কেজরিওয়াল, অভিযোগ বিজেপি শিবিরের। এরই সঙ্গে টাকার বিনিময়ে দলবদলের বিষয়টি খতিয়ে দেখতে দিল্লির লেফ্টেন্যান্ট গভর্নরের দ্বারস্থ হয় বিজেপি নেতৃত্ব। গেরুয়া শিবিরের দাবি মেনে গোটা বিষয়টি তদন্ত করে দেখার নির্দেশ দিয়েছেন লেফ্টেন্যান্ট গভর্নর ভি কে সাক্সেনা। এই ইস্যুতে ভোট গণনার আগে সরগরম দিল্লির রাজনীতি।এএপি প্রার্থী অবধ ওঝা বলেছেন, ১০-১৫ জন বিধায়ক বলেছেন (তাঁদের কাছে বিজেপির প্রস্তাব এসেছে)। এএপি বিধায়ক জার্নাইল সিং বলেছেন, বিজেপি এএপি বিধায়ক এবং প্রার্থীদের প্রলুব্ধ করার চেষ্টা করছে। আমরা অরবিন্দ কেজরিওয়ালকে আশ্বস্ত করেছি, আমাদের কেউই নত করতে পারবে না। আমরা শক্তিশালীভাবে নির্বাচনে লড়াই করেছি এবং আজ এএপি সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সরকার গঠন করবে। এএপি সাংসদ সঞ্জয় সিং বলেছেন, তাঁরা নাটক তৈরি করতে চায়। আমরা অভিযোগ করতে চাই আমরা ব্যবস্থা চাই। এসিবিকে অবশ্যই ব্যবস্থা নিতে হবে। আমি অভিযোগ জানাতে এসিবির অফিসে যাচ্ছি।

শাস্ত্রীয় সঙ্গীতকে বিশ্বমঞ্চে স্বীকৃতি দিয়েছিলেন, ভীমসেন জোশীকে শ্রদ্ধা শাহর

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারিঃ প্রয়াত বিশিষ্ট শিল্পী ভীমসেন জোশীর জন্মদিনে শ্রদ্ধা জানালেন ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।অমিতবাবু গত মঙ্গলবার এক্সবার্তায় লিখেছেন, ভারতরত্ন পুরস্কারে ভূষিত পণ্ডিত ভীমসেন জোশী, সঙ্গীত ও সুরের এক বিস্ময়কর কারিগর, তাঁর অসাধারণ গানের মাধ্যমে ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীতকে নতুন উচ্চতা দিয়েছিলেন। ভীমসেন জোশী জি, যিনি শাস্ত্রীয় সঙ্গীতকে বিশ্বমঞ্চে স্বীকৃতি দিয়েছিলেন, তিনি ভক্তি ও সঙ্গীতের ঐতিহ্যকে জনসাধারণের সাথে সংযুক্ত করার জন্য একটি অভূতপূর্ব কাজ করেছিলেন। পণ্ডিত ভীমসেন যোশী জির জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি।প্রসঙ্গত, ভীমসেন জোশী (জন্ম গত ৪ ফেব্রুয়ারি ১৯২২ - মৃত্যু ২৪ জানুয়ারি ২০১১) ভারতীয় মার্গ সঙ্গীত বা হিন্দুস্থানী শাস্ত্রীয় সঙ্গীতের প্রবাদপ্রতিম শিল্পী। পশ্চিমবঙ্গের বর্ধমানে অনেকদিন ছিলেন। তিনি ধ্রুপদী সঙ্গীত খেয়াল গায়ক হিসাবে বেশি পরিচিত। ভজন, ঠুংরি, দাদরার মতো শাস্ত্রীয় সঙ্গীতের অন্যান্য ধারা ছিল তাঁর সহজাত। ১৯৭২-এ পদ্মশ্রী, '৭৫-এ সঙ্গীত নাটক অ্যাকাডেমি, '৮৫ সালে 'পদ্মভূষণ এবং ২০০৮ সালে ভারত সরকার তাঁকে দেশের সর্বোচ্চ অসামরিক পুরস্কার 'ভারতরত্ন দেয়। গান গেয়েছেন হিন্দি, কন্নড়, মরাঠির মতো একাধিক ভাষার চলচ্চিত্রে।

অরুণাচলের তাওয়াঙে বহু কোটি টাকার একাধিক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস মুখ্যমন্ত্রী খান্ডুর

তাওয়াং, ৭ ফেব্রুয়ারি ঃ অরুণাচল প্রদেশের ভারত-চিন সীমান্তবর্তী তাওয়াং জেলার অন্তর্গত বোংখার সার্কলে বেশ কয়েক কোটি টাকার একাধিক অবকাঠামো প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করেছেন মুখ্যমন্ত্রী পেমা খান্ডু।নিজের গৃহজেলায় চারদিনের সফরকালে মুখ্যমন্ত্রী খান্ডু যে সব প্রকল্প উদ্বোধন করেছেন সেগুলির মধ্যে অন্যতম প্রত্যন্ত সীমান্ত অঞ্চলে সংযোগ, জনসাধারণের সুযোগ-সুবিধা উন্নত করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ সুবিধাবলি, একটি নতুন পরিদর্শন বাংলো, মাল্টিপারপাস হল, স্থানীয় সম্প্রদায়ের সমাবেশস্থল প্রভৃতি।এছাড়া স্থানীয় যুবাদের ক্রীড়া ও আধুনিক বিনোদনের সুবিধা প্রদান করতে একটি মিনি স্টেডিয়াম এবং সাধারণ মাঠ সহ বনলেং থেকে ডুমরি গ্রাম এবং এর হেলিপ্যাডকে পিএমজিএসওয়াই সড়কের সাথে সংযোগকারী একটি গুরুত্বপূর্ণ সড়কও উদ্বোধন করেছেন মুখ্যমন্ত্রী।কেবল তা-ই নয়, খারুং গ্রাম এবং টংপাশেং-এর মধ্যে আরেকটি গুরুত্বপূর্ণ সড়ক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন মুখ্যমন্ত্রী খান্ডু। প্রস্তাবিত এই সংযোগটি বোংখার সার্কলের বেশ কয়েকটি প্রত্যন্ত জনপদকে উপকৃত করবে বলে আশা করা হচ্ছে।উল্লেখ্য, অরুণাচল প্রদেশের ভারত-চিন সীমান্ত এলাকাকে বিকশিত করতে কেন্দ্রীয় সরকার ধারাবাহিকভাবে নানা অবকাঠামোগত প্রকল্প বাস্তবায়নে অর্থানুদান করছে। এই প্রকল্পগুলিকে স্পর্শকাতর সীমান্ত অঞ্চলে জীবনযাত্রার মান এবং সংযোগের উন্নতি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলে মনে করা হচ্ছে।

''বাঙালি মুসলমান জাতটাই এখন একটা নিকৃষ্ট চোরের জাত'', তোপ তসলিমার

কলকাতা, ৭ ফেব্রুয়ারি ঃ বাংলাদেশের ভাঙচুর নিয়ে শুক্রবার ফের তোপ দাগলেন নির্বাসিত লেখিকা তসলিমা নাসরিন। সামাজিক মাধ্যমে তিনি লিখেছেন, ৩২ নম্বরের ধ্বংসস্তূপে শত শত লোক দাঁড়িয়ে আছে। তারা মাটি খুঁড়ে দেখছে কোনও গর্তে টাকা পয়সা উঁকি দিচ্ছে কি না, কোথাও ধন দৌলত লুকোনো আছে কি না। পেলেই লুট করবে। দু'হাতে যত পারে নিয়ে দৌড়োবে বাড়ির দিকে। তারা ইতিউতি আয়নাঘর খোঁজে, ওখানেও কিছু জিনিসপত্র আছে কিনা, থাকলে সেসব মাথায় নিয়ে দৌড়োবে বাড়ির দিকে।বাঙালি মুসলমান জাতটাই এখন একটা নিকৃষ্ট চোরের জাত। হাসিনার ওপর রাগের এদের প্রধান কারণ হাসিনা এবং তাঁর পেয়ারের লোকেরা প্রচুর টাকা চুরি করেছে , অথচ তারা করতে পারেনি চুরি। তারাও যদি চুরি করতে পারতো, তাহলে রাগ বলতে কিছু থাকতো না।অপর একটি পোস্টে তিনি লিখেছেন, ধার্মিকদের বশ করার বদ উদ্দেশ্য নিয়ে ৫৬০টি মডেল মসজিদ বানিয়েছিলেন হাসিনা। হাসিনার অপকর্মের প্রতিবাদ করতে গিয়ে যেসব ইমারত ধ্বংস করা হচ্ছে, সেসবের নির্মাতা হাসিনা

জম্মুতে প্রতিবাদ শিবসেনার, বাংলাদেশি ও রোহিঙ্গাদের নির্বাসনের দাবি

জম্মু, ৭ ফেব্রুয়ারি ঃ শিবসেনা শুক্রবার জম্মুতে প্রতিবাদ বিক্ষোভ প্রদর্শন করলো। কেন্দ্রীয় সরকারকে আমেরিকার থেকে অনুপ্রেরণা নিয়ে জম্মু ও কাশ্মীরের উপর বিশেষ মনোযোগ দিয়ে দেশ থেকে অবৈধ বাংলাদেশি এবং রোহিঙ্গা অভিবাসীদের বিতাড়িত করার আবেদন জানিয়েছে। শিবসেনা (ইউবিটি)-র জম্মু ও কাশ্মীর ইউনিটের প্রধান মনীশ সাহনির নেতৃত্বে বিক্ষোভে অংশ নেন শতাধিক কর্মী।তাঁরা বলেন, শেখ হাসিনাকে ফেরত পাঠান। অবৈধ রোহিঙ্গা, বাংলাদেশিদের নির্বাসন-এর মতো স্লোগান সম্বলিত প্ল্যাকার্ড বহন করে তাঁরা প্রতিবাদ বিক্ষোভে শামিল হন। অবৈধ বাংলাদেশি এবং রোহিঙ্গা অভিবাসীদের বিতাড়িত করার আবেদন জানানো হয়।

দিল্লিতে ১৬টি আসনেও জিতবে না এএপি, কটাক্ষ গিরিরাজ সিংয়ের

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি ঃ দিল্লিতে ১৬টি আসনেও জিততে পারবে না আম আদমি পার্টি (এএপি)। শুক্রবার কটাক্ষের সুরে এই মন্তব্য করলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা গিরিরাজ সিং। শনিবার দিল্লিতে দিল্লিতে বিধানসভা নির্বাচনের ফল ঘোষণা, তার আগে শুক্রবার সংসদ ভবনে চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে গিরিরাজ সিং বলেছেন, দিল্লিতে এএপি ১৬টি আসনেও জিততে পারবে না।নির্বাচন কমিশন সম্পর্কে সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদবের মন্তব্যেরও সমালোচনা করেছেন গিরিরাজ সিং। তাঁর কথায়, এটা তাঁদের পরাজয়ের পরিণতি। অখিলেশ যাদব হোক, অরবিন্দ কেজরিওয়াল অথবা রাহুল গান্ধী, তাঁরা সবাই হেরেছে।

ব্যাঙ্কিং ও পেমেন্ট সিস্টেমে নিরাপত্তা বাড়ানোর জন্য আরবিআই পদক্ষেপ নিচ্ছে ঃসঞ্জয় মালহোত্র

মুম্বই, ৭ ফেব্রুয়ারি ঃ ব্যাঙ্কিং ও পেমেন্ট সিস্টেমে ডিজিটাল নিরাপত্তা বাড়ানোর জন্য রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় বিভিন্ন পদক্ষেপ নিচ্ছে। জানালেন আরবিআই-এর গভর্নর সঞ্জয় মালহোত্র। আরবিআই আর্থিক জালিয়াতি মোকাবিলা করার জন্য '.bank.in' ডোমেন ঘোষণা করেছে, ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থা প্রসারিত করতে এই উদ্যোগ।আরবিআই গভর্নর সঞ্জয় মালহোত্র বলেছেন, ভারতীয় ব্যাঙ্কগুলির জন্য রিজার্ভ ব্যাঙ্ক 'http:bank.in' ইন্টারনেট ডোমেইন বাস্তবায়ন করবে। এই ডোমেইন নামের রেজিস্ট্রেশন চলতি বছরের এপ্রিল থেকে শুরু হবে। এটি ব্যাঙ্কিং জালিয়াতি এড়াতে সাহায্য করবে। এটি সম্পূর্ণ আর্থিক ক্ষেত্রে জন্য 'http:fin.in' ডোমেন দ্বারা অনুসরণ করা হবে।

মৎস্যজীবীদের মুক্তি চেয়ে সংসদ চত্বরে বিক্ষোভ বিরোধীদের, স্থায়ী সমাধান চাইলেন কানিমোঝি

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি ঃ শ্রীলঙ্কায় আটকে থাকা মৎস্যজীবীদের মুক্তি চেয়ে শুক্রবার সংসদ ভবন চত্বরে বিক্ষোভ প্রদর্শন করলেন ডিএমকে-সহ বিরোধী দলের সাংসদরা। শ্রীলঙ্কা নৌবাহিনীর হাতে পাকড়াও ভারতীয় মৎস্যজীবীদের ফিরিয়ে আনার দাবিতে শুক্রবার বিরোধী সাংসদরা সংসদ চত্বরে বিক্ষোভ প্রদর্শন করেছেন। ডিএমকে সাংসদ কানিমোঝি এই বিষয়ে স্থায়ী সমাধানের দাবি করেছেন।কানিমোঝি বলেছেন, শ্রীলঙ্কার নৌবাহিনী তামিলনাড়ুর মৎস্যজীবীদের গ্রেফতার ও হয়রানি করছে। এখন তামিলনাড়ুর প্রায় ৯৭ জন মৎস্যজীবীকে গ্রেফতার করা হযেছে। আমাদের মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন। মুখ্যমন্ত্রী এই সমস্যার সমাধানের জন্য প্রধানমন্ত্রীর কাছে জোর দিয়েছেন। তামিলনাড়ুতে এটি একটি বড় সমস্যা হয়ে উঠছে, বিশেষ করে মস্যজীবীদের জন্য, কারণ তাঁদের সমগ্র জীবিকা, পরিবার এবং সবকিছুই ক্ষতিগ্রস্ত হচ্ছে। যে কেন্দ্রীয় সরকার মৎস্যজীবীদের গোষ্ঠীগুলির মধ্যে আলোচনার প্রতিশ্রুতি দিয়েছে এবং স্থায়ীভাবে এই সমস্যাটি সমাধানের জন্য কমিটি গঠন করেছে, তারা এখনও পর্যন্ত এ বিষয়ে কিছুই করেনি।

৫০টি আসনে এএপি জিতবেই, জোরদার লড়াই হবে ৬-৭টি কেন্দ্রেঃ গোপাল রাই

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি ঃ শনিবার দিল্লিতে ভোটগণনা, তার ঠিক একদিন আগে আম আদমি পার্টির নেতা গোপাল রাই দাবি করলেন, ৫০টি আসনে এএপি জিতবেই, জোরদার লড়াই হবে ৬-৭টি কেন্দ্রে। শুক্রবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে গোপাল রাই বলেছেন যে, অরবিন্দ কেজরিওয়ালের নেতৃত্বে, শুক্রবার সমস্ত এএপি বিধায়কের একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছিল, যেখানে সমস্ত প্রার্থী নিজেদের রিপোর্ট দিয়েছেন। তাঁদের রিপোর্ট অনুসারে, এএপি প্রায় ৫০ টি আসন জিতবে এবং ৬-৭টি আসনে জোরদার লড়াই হবে।গোপাল রাই আরও বলেছেন, দিল্লির জনতা এএপি-কে সরকার গঠনের জন্য জনাদেশ দিয়েছে। 'গলি গলোচ পার্টি' যেভাবে এক্সিট পোলের মাধ্যমে একটি পরিবেশ তৈরি করার চেষ্টা করছে যে তারা সরকার গঠন করবে, কিন্তু তাঁদের হতাশা বাস্তবতাই দেখায়। যেভাবে আমাদের প্রার্থীদের বিজেপিতে যোগ দেওয়ার জন্য ফোন আসছে এবং মন্ত্রীত্বের প্রস্তাব দিয়ে প্রলুব্ধ করা হচ্ছে। তাঁরা এক্সিট পোল ব্যবহার করে মনস্তাত্ত্বিক চাপ তৈরি করে 'অপারেশন লোটাস' চালানোর চেষ্টা করছে। অরবিন্দ কেজরিওয়াল সমস্ত প্রার্থীদের বলেছেন, এএপি সরকার গঠন করতে চলেছে।

''মৌলবাদীর তাণ্ডবে আফগানিস্তান হয়ে উঠছে বাংলাদেশ'', কটাক্ষ রাধারমণ দাসের

কলকাতা,৭ ফেব্রুয়ারিঃ বামিয়ানের বুদ্ধমূর্তি ধ্বংসের কথা মনে পড়ছে। বাংলাদেশ যেন মৌলবাদীর তাণ্ডবে আফগানিস্তান হয়ে উঠছে। চিন্ময়কৃষ্ণের গ্রেফতারি নিয়েও মুখ খুললেন গোটা পরিস্থিতিতে উদ্বিগ্ন কলকাতা ইসকনের মুখপাত্র রাধারমণ দাস।সংবাদমাধ্যমে তিনি বৃহস্পতিবার বলেন, বাংলাদেশ স্বাধীন করেছেন যিনি, একদল ছাত্র বিপ্লবের নামে প্রয়াত শেখ মুজিবর রহমানের বাড়িতে ধ্বংসলীলা চালাচ্ছে। এই ঘটনা আমাকে বামিয়ানের বুদ্ধমূর্তি ভাঙচুরের কথা মনে করিয়ে দিচ্ছে। বাংলাদেশ আফগানিস্তানে পরিণত হবে বলেই আশঙ্কা প্রকাশ করলেন তিনি।চিন্ময়কৃষ্ণের গ্রেফতারি ও জামিন নিয়ে রাধারমণ দাস বললেন, গোটা বিশ্ব দেখছে কী চলছে।প্রসঙ্গত, বুধবার রাত থেকে নতুন করে উত্তপ্ত হয়ে উঠেছে বাংলাদেশ। বঙ্গবন্ধু মুজিবর রহমানের বাড়িতে রীতিমতো বুলডোজার চালায় 'বিপ্লবী' ছাত্ররা। গত বৃহস্পতিবার সকালেও ধ্বংসযজ্ঞ অব্যাহত।

দিল্লি ও নয়ডার স্কুলে ফের বোমাতঙ্ক, তদন্ত শুরু পুলিশের

নয়াদিল্লি, ৭ ফেব্রুয়ারি ঃ দিল্লি এনসিআর-এর স্কুলে আবারও বোমাতঙ্ক! শুক্রবার হুমকি বার্তা পেয়েছে দিল্লি ও নয়ডার স্কুল। এই হুমকি পাওয়ার পরই পুলিশ তদন্ত শুরু করেছে। যদিও, তল্লাশি পর অস্বাভাবিক কিছুই পায়নি পুলিশ। শুক্রবার সকাল ৭.৪২ মিনিট নাগাদ দিল্লির সেন্ট স্টিফেন কলেজেও ইমেলের মাধ্যমে বোমার হুমকি আসে। খবর পাওয়ার পর বোমা নিষ্ক্রিয়কারী দল ঘটনাস্থলে পৌঁছয়।দিল্লি পুলিশ জানিয়েছে, দিল্লির ময়ুর বিহার ফেজ ১-এর আহলকন ইন্টারন্যাশনাল স্কুলের পক্ষ থেকে এসএইচও-পান্ডব নগরকে টেলিফোনে জানিয়েছিল, শুক্রবার স্কুল কর্তৃপক্ষ বোমার হুমকি পেয়েছে। স্কুলের অধ্যক্ষকে ইমেলের মাধ্যমে হুমকি পাঠানো হয়েছিল। স্কুল চত্বরে পুঙ্খানুপুঙ্খ তল্লাশি চালানো হয়, অস্বাভাবিক কিছু পাওয়া যায়নি।

পূর্ণাঙ্গ পাঞ্জিকা

২৫মাঘ ১৪৩১ বঙ্গাব্দ, শনিবার, ইংরেজীঃ৭ফেব্রুয়ারী ২০২৫, ৫৩৮ চৈতনাব্দ, কলিঃ৫১২৫, সৌরঃ২৪ মাঘ, চান্দ্রঃ ৬ গোবিন্দ মাস, ১৯৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সাম্ব, ২৫৬৮ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২২ মাঘ ১৪৩১, ভারতীয় সিভিলঃ১৭ মাঘ ১৯৪৬, মৈতৈঃ৬ ফাইরেন, আসামঃ২৩ মাঘ, মুসলিমঃ৫-শা'বান-১৪৪৬ হিজরী।শীতলা ষষ্ঠী সূর্য উদয়ঃসকাল ০৬ঃ১৬ঃ৫০ এবং অস্তঃবিকাল ০৫ঃ২৩ঃ৫৯।চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ০৪ঃ০৮(৪) এবং অস্তঃরাত্রি ১১ঃ২৫ঃ২১(৪)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) শেষ রাত্রি ঘ ০৫ঃ১৬ঃ৩৩ দং ৫৭৩০১২.৫ পর্যন্তনক্ষত্রঃঅশ্বিনী রাত্রিঃ১২ঃ৪৬ঃ১২ দং ৪৬১৪২০ পর্যন্ত পরে ভরণীকরণঃগর রাত্রিঃ ০৬ঃ২৭ঃ২৮ দং ৩০২৬২২.৫ পর্যন্ত পরে বণিজযোগঃশুভ শেষ রাত্রি ঘ ০৩ঃ০৬ঃ৫৭ দং ৫২৬১২.৫ পর্যন্ত পরে শুক্রঅমৃতযোগঃদিন ০৮ঃ৩০ঃ২১ থেকে - ১০ঃ৪৩ঃ৪৭ পর্যন্ত, তারপর ১২ঃ৫৭ঃ১৩ থেকে - ০২ঃ২৬ঃ১০ পর্যন্ত, তারপর ০৩ঃ১০ঃ৩৯ থেকে - ০৪ঃ৩৯ঃ৩৬ পর্যন্ত এবং রাত্রি ০৫ঃ২৪ঃ০৪ থেকে - ০৬ঃ১৫ঃ৩৬ পর্যন্ত, তারপর ০৮ঃ৫০ঃ১০ থেকে - ১১ঃ২৪ঃ৪৪ পর্যন্ত, তারপর ০১ঃ৫৯ঃ১৮ থেকে - ০৩ঃ৪২ঃ২১ পর্যন্ত।কুলিকবেলাঃ দিন ১২ঃ৫৭ঃ১৩ থেকে - ০১ঃ৪১ঃ৪১ পর্যন্ত।কুলিকরাত্রিঃ১২ঃ১৬ঃ১৬ থেকে - ০১ঃ০৭ঃ৪৭ পর্যন্ত।বারবেলাঃদিন ০৭ঃ৪০ঃ১৯ থেকে - ০৯ঃ০৩ঃ৪৩ পর্যন্ত। কালবেলাঃদিন ০১ঃ১৩ঃ৫৪ থেকে - ০২ঃ৩৭ঃ১৭ পর্যন্ত। কালরাত্রিঃ ০৭ঃ০০ঃ৪১ থেকে - ০৮ঃ৩৭ঃ১৭ পর্যন্ত।গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃ রবিঃ৯২২০৩৩ (২২) ৪ পদচন্দ্রঃ ০১৫৫০২১ (২) ১ পদমঙ্গলঃ ২২৬২২০ (৭) ২ পদবুধঃ ৯২১৫১৪৫ (২২) ৪ পদ বৃহস্পতিঃ১১৭৪২১৯ (৪) ৩ পদ শুক্রঃ১১৩৩৮১৮ (২৬) ১ পদ শনিঃ১০২০৪৪৩২ (২৫) ১ পদ রাহুঃ১১৭৪৩৪৩ (২৬) ২ পদকেতুঃ ৫৭৪৩৪৩ (১২) ৪ পদমঙ্গল বক্রি বৃহস্পতি বক্রি।লগ্নঃমকর রাশি সকাল ০৬ঃ৪৭ঃ২৭ পর্যন্ত। কুম্ভ রাশি সকাল ০৮ঃ২০ঃ৫০ পর্যন্ত। মীন রাশি সকাল ০৯ঃ৫১ঃ৫৪ পর্যন্ত। মেষ রাশি সকাল ১১ঃ৩২ঃ২৭ পর্যন্ত। বৃষ রাশি দুপুর ০১ঃ৩০ঃ৫২ পর্যন্ত। মিথুন রাশি দুপুর ০৩ঃ৪৪ঃ১০ পর্যন্ত। কর্কট রাশি বিকাল ০৫ঃ৫৯ঃ৫৪ পর্যন্ত। সিংহ রাশি সন্ধ্যা ০৮ঃ১১ঃ১৩ পর্যন্ত। কন্যা রাশি রাত্র ১০ঃ২১ঃ২৪ পর্যন্ত। তুলা রাশি রাত্রি ১২ঃ৩৫ঃ৩৫ পর্যন্ত। বৃশ্চিক রাশি শেষ রাত্রি ০২ঃ৫১ঃ২০ পর্যন্ত। ধনু রাশি শেষ রাত্রি ০৪ঃ৫৬ঃ৩৭ পর্যন্ত।

আবহাওয়া

মহানগরী কলকাতায় তাপমাত্রার ওঠানামা অব্যাহত রয়েছেই, কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ফের নামলো তাপমাত্রা। আরও তাপমাত্রা হ্রাসের সম্ভাবনার কথাও জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। তার আগে শুক্রবার কলকাতার নূন্যতম তাপমাত্রা ছিল ১৭.৩ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ০.৪ ডিগ্রি বেশি। আগামী ২৪ ঘণ্টার মধ্যে আরও ১-২ ডিগ্রি তাপমাত্রা কমতে পারে দক্ষিণবঙ্গে।আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, আপাতত কলকাতা সহ দক্ষিণবঙ্গে তাপমাত্রার ওঠানামা অব্যাহত থাকবে। রবিবারের মধ্যে দক্ষিণবঙ্গে তিন থেকে চার ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা কমতে পারে। কুয়াশার সম্ভাবনার কথাও জানানো হয়েছে। মোটামুটি সোমবার পর্যন্ত ঠান্ডা থাকবে দক্ষিণবঙ্গে। উত্তরবঙ্গের ক্ষেত্রে উত্তর দিনাজপুর, জলপাইগুড়ি ও কোচবিহারে কুয়াশার সম্ভাবনা রয়েছে।জোয়ার-সকাল ১০ টা ৫৫ মিনিট এবং রাত ১০টা ৫৫ মিনিট। ভাটা-সকাল ৭ টা ৫৫মনিট এবং রাত ১ টা ৫৫মিনিট। সূর্যঃউদয় সকাল ৬টা ১০মিনিট এবং অস্ত ৫টা ২২মিনিট

রাশিফল

মেষরাশিঃবন্ধুরা আপনাকে কোন বিশেষ ব্যক্তির সাথে আলাপ হবে।
বৃষভ রাশিঃআপনার ব্যক্তিত্ব উন্নত করার জন্য আন্তরিক চেষ্টা করুন।
মিথুন রাশিঃবিবাহের যোগ হবে না।
কর্কট রাশিঃআপনার মন ভাল জিনিষের প্রতি আগ্রহী হবে।
সিংহরাশিঃ বাড়িতে অতিথি আসবে
কন্যারাশিঃকাজের সুযোগ আছে।
তুলারাশিঃআপনি আপনার শারীরিক সক্ষমতা বজায় রাখতে পারবে আজ থেকে। শুভ দিন হবে
বৃশ্চিক রাশিঃ আপনার শক্তি পুনরুদ্ধার করতে সম্পূর্ণ বিশ্রাম নিন, যেহেতু ক্ষীণ শরীর আপনার মনকেও দুর্বল করে দেয়। শুভ দিন
ধনু রাশিঃ আর্থিক ব্যয় হতে পারে
মকর রাশিঃআর্থিক উন্নতি হবে।
কুম্ভ রাশিঃআপনি অবসর যাপনের আনন্দ উপভোগ করবেন।
মীন রাশিঃসংসারে শান্তি ফিরবে। বিববাহের যোগ হতে আজ থেকে।

উস্থিতে জমি সংক্রান্ত বিবাদকে ঘিরে চলল গুলি, প্রাণ হারালেন একজন

দুরন্ত বার্তা, উস্থি, ৭ ফেব্রুয়ারি ঃ দক্ষিণ ২৪ পরগনার উস্থিতে জমি সংক্রান্ত বিবাদকে কেন্দ্র করে চলল গুলি। বৃহস্পতিবার রাতে ঘটনাটি ঘটেছে উস্থি থানার অন্তর্গত বাগাড়িয়ায়। গুলিতে মৃত্যু হয়েছে বুদ্ধদেব হালদার নামে এক ব্যক্তির, তিনি উস্থি থানার শ্রীচন্দা গ্রাম পঞ্চায়েতের চক দেবী ঘোষ এলাকার বাসিন্দা। স্থানীয় সূত্রের খবর, বৃহস্পতিবার রাতে বাগাড়িয়াতে দুষ্কৃতীরা বুদ্ধদেব হালদারকে লক্ষ্য করে গুলি করে। তাকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করেন স্থানীয়রা। প্রথমে স্থানীয় একটি বেসরকারি হাসপাতালে নিয়ে গেলে সেখানে তার অবস্থার অবনতি হলে পরে তাকে ডায়মন্ড হারবার মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু সেখানে চিকিৎসকরা বুদ্ধদেবকে মৃত বলে ঘোষণা করেন। পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়ে, ঘটনার তদন্ত শুরু করেছে। এই খুনের পিছনে কি কারণ রয়েছে, কারা খুন করল বুদ্ধদেবকে সমস্ত বিষয়টি খতিয়ে দেখছে উস্থি থানার পুলিশ। এদিকে, খুনের ঘটনায় নিহতের পরিবারে নেমে এসেছে শোকের ছায়া। ঘটনার তদন্তে নেমে তিনজনকে আটক করেছে পুলিশ। জমি ও মাটির কারবার নিয়ে ব্যবসায়িক বিবাদের জেরে বুদ্ধদেবকে গুলি করা হয়েছে বলে প্রাথমিক অনুমান পুলিশের।

হাওড়ায় চটের বস্তা তৈরির কারখানায় আগুন, বিপুল ক্ষয়ক্ষতি

দুরন্ত বার্তা, হাওড়া, ৭ ফেব্রুয়ারি ঃ হাওড়ার বাঁকড়ায় ভয়াবহ আগুন লাগল একটি চটের বস্তা তৈরির কারখানায়। শুক্রবার সকালে ওই কারখানায় আগুন লেগে যায়। দাউ দাউ করে জ্বলে ওঠে বিস্তীর্ণ অংশ। চটের বস্তার গুদাম পুড়ে ছাই হয়ে গিয়েছে। অগ্নিকাণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে পৌঁছয় দমকল, প্রায় দু'ঘণ্টার চেষ্টায় আগুন আয়ত্তে এনেছে দমকল। স্থানীয় সূত্রের খবর, বাঁকড়ার ঝিলপাড়া এলাকার ওই কারখানায় চটের বস্তা তৈরি করা হত। শুক্রবার সকালে কারখানায় কাজ হচ্ছিল, সেই সকল আগুন লেগে যায়। সকাল ৮টা নাগাদ আগুন লেগে যায় বস্তায়। কারখানাটিতে প্রচুর পরিমাণে চটের বস্তা মজুত করা ছিল। তাই আগুন ভয়াবহ রূপ নেয়, এই অগ্নিকাণ্ডে প্রচুর ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে। দমকল সূত্রের খবর, আগুন লাগার কারণ খতিয়ে দেখা হচ্ছে।

ফের পারদ-পতন কলকাতায়, আরও তাপমাত্রা হ্রাসের পূর্বাভাস

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ ফেব্রুয়ারি ঃ মহানগরী কলকাতায় তাপমাত্রার ওঠানামা অব্যাহত রয়েছেই, কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ফের নামলো তাপমাত্রা। আরও তাপমাত্রা হ্রাসের সম্ভাবনার কথাও জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। তার আগে শুক্রবার কলকাতার নূন্যতম তাপমাত্রা ছিল ১৭.৩ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ০.৪ ডিগ্রি বেশি। আগামী ২৪ ঘণ্টার মধ্যে আরও ১-২ ডিগ্রি তাপমাত্রা কমতে পারে দক্ষিণবঙ্গে। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, আপাতত কলকাতা সহ দক্ষিণবঙ্গে তাপমাত্রার ওঠানামা অব্যাহত থাকবে। রবিবারের মধ্যে দক্ষিণবঙ্গে তিন থেকে চার ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা কমতে পারে। কুয়াশার সম্ভাবনার কথাও জানানো হয়েছে। মোটামুটি সোমবার পর্যন্ত ঠান্ডা থাকবে দক্ষিণবঙ্গে। উত্তরবঙ্গের ক্ষেত্রে উত্তর দিনাজপুর, জলপাইগুড়ি ও কোচবিহারে কুয়াশার সম্ভাবনা রয়েছে।

নিউটাউনে ঝোপের মধ্যে মিলল যুবতীর অর্ধনগ্ন দেহ

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ ফেব্রুয়ারি ঃ ঝোপের মধ্যে যুবতীর অর্ধনগ্ন দেহ উদ্ধারের ঘটনাকে কেন্দ্র করে প্রবল শোরগোল নিউটাউনে। খবর পেয়েই দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায় পুলিশ। প্রাথমিকভাবে অনুমান, ধর্ষণের পর খুন করা হয়েছে তরুণীকে। কিন্তু নেপথ্যে কে? জানতে তদন্ত শুরু করেছে পুলিশ। নিউটাউনের লোহার ব্রিজ সংলগ্ন ঝোপে প্রাতঃকৃত্য সারতে শুক্রবার সকালে কয়েকজন যান। তাঁরাই দেখতে পান, কিছু একটা পড়ে রয়েছে। কাছে যেতেই ভয়ংকর দৃশ্য। দেখেন, এক তরুণীর অর্ধনগ্ন দেহ পড়ে রয়েছে। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় থানায়। পুলিশ গিয়ে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, ধর্ষণের পর খুন করা হয়েছে ওই তরুণীকে। ওই ঝোপেই ধর্ষণ ও খুন করা হয়েছে? নাকি অন্যত্র খুনের পর দেহ ফেলা হয়েছে ওই জঙ্গলে? জানতে তদন্ত শুরু করেছে পুলিশ। মৃতার পরিচয় জানার চেষ্টাও করছেন তদন্তকারীরা।

শার্প বিজনেস সিস্টেমস (ইন্ডিয়া) ভারতের ভিজ্যুয়াল সলিউশন বাজারকে রূপান্তরিত করেছে

নিউ দিল্লি, ৭ ফেব্রুয়ারি,ঃ ভারতের ডিসপ্লে প্রযুক্তির ভূদৃশ্য পুনর্গঠনের লক্ষ্যে একটি রূপান্তরমূলক পদক্ষেপ হিসেবে, শার্প বিজনেস সিস্টেমস (ইন্ডিয়া) গর্বের সাথে এনইসি ইন্ডিয়ার ডিসপ্লে বিজনেস অধিগ্রহণের ঘোষণা করেছে। এই একীকরণ শার্পের ভিজ্যুয়াল সলিউশন পোর্টফোলিওকে উল্লেখযোগ্যভাবে প্রসারিত করে, যা ভারতের দ্রুত বর্ধনশীল ডিসপ্লে বাজারের প্রতি তার অটল প্রতিশ্রুতি এবং রিটেল, শিক্ষা, এভিয়েশন, ম্যানুফ্যাকচারিং, স্বাস্থ্যসেবা এবং স্মার্ট সিটির মতো গুরুত্বপূর্ণ সেক্টরগুলি ক্ষমতায়িত করার প্রতি তার অটল প্রতিশ্রুতিকে তুলে ধরে। এই স্ট্রাটেজিক এলিয়েন্সটি শার্পকে উদ্ভাবনের অগ্রভাগে স্থান দেয়, যা ভারতের গতিশীল ক্ষেত্রগুলিতে অতুলনীয় মূল্য প্রদান এবং ডিজিটাল রূপান্তর চালাতে প্রস্তুত। এনইসি ডিসপ্লে বিজনেসের সাথে একীভূত হওয়ার মাধ্যমে, শার্প কার্যকরভাবে বি২বি এবং বিশেষ বাজার উভয় ক্ষেত্রেই পরিষেবা প্রদান করতে সক্ষম, ভারতীয় গ্রাহকদের জন্য উপযুক্ত সমাধান, উন্নত কাস্টমার সাপোর্ট এবং বিস্তৃত রেঞ্জের ডিসপ্লে প্রযুক্তি প্রদান করে। ম্যানুফ্যাকচারিং, কন্ট্রোল সেন্টার, এবং এয়ারপোর্টসের মতো ২৪৭ কার্যক্রম গুরুত্বপূর্ণ এমন ইন্ডাস্ট্রিকে সমর্থন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, এই একীভূতকরণ শার্প কে তার অংশীদার ইকোসিস্টেমকে আরও প্রসারিত করতে এবং ভারতের ডিজিটাল অগ্রগতিতে তার নেতৃত্বকে শক্তিশালী করে নতুন সেক্টরগুলিতে নতুন বৃদ্ধির সুযোগ আনলক করতে সক্ষম করে। যদিও বর্তমানে শার্প বিজনেস সিস্টেমস (ইন্ডিয়া) স্মার্ট বিজনেস সলিউশনস এর মধ্যে ডিজিটাল মাল্টিফাংশনাল প্রিন্টার, ইন্টারেক্টিভ হোয়াইট বোর্ড এবং ডাইনাবুক ল্যাপটপ সহ বিস্তৃত প্রোডাক্টসের অধিকারী এনইসি ডিসপ্লে বিজনেসের সাথে একীভূত হয়ে, এটি তার বিদ্যমান অফারগুলিকে আরও উন্নত করে, নির্বিঘ্নে লার্জ ফর্ম্যাট ডিসপ্লে, ভিডিও ওয়াল, প্রজেক্টর, ডাইরেক্ট-ভিউ এলইডি এবং সিনেমা প্রজেক্টরগুলিকে তার প্রোডাক্টলাইনে অন্তর্ভুক্ত করে। এই এক্সপানশনটি কেবল ইন্টারেক্টিভ ডিসপ্লেতে শার্পের বিখ্যাত দক্ষতার পরিপূরকই নয় বরং গ্রাহকদের উচ্চ-কার্যক্ষমতা সম্পন্ন সমাধানের একটি বিস্তৃত স্যুট দিয়ে সজ্জিত করে, যা বিভিন্ন শিল্পের চাহিদা পূরণের জন্য সাবধানতার সাথে তৈরি করা হয়েছে। তদুপরি, এই অধিগ্রহণ পণ্য পোর্টফোলিওকে আরও সমৃদ্ধ করে শার্প এবং এনইসি উভয়ের বিদ্যমান অংশীদারদের জন্য যথেষ্ট সুবিধা প্রদান করে। শার্প বিজনেস সিস্টেমস (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর, ওসামু নারিতা বলেন, ভারতে এনইসি ডিসপ্লে ব্যবসা অর্জন আমাদের ভারতের ভিজ্যুয়াল সলিউশন বাজারে উদ্ভাবনের এক উত্তেজনাপূর্ণ যুগে ঠেলে দিচ্ছে। শার্পের উদ্ভাবনী ডিসপ্লের সাথে এনইসি'র বিশ্বমানের প্রযুক্তি একীভূত করে, আমরা কাস্টমাইজড, হাই পারফরমেন্স ডিসপ্লে সলিউশন্সের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে ব্যতিক্রমীভাবে ভালো অবস্থানে রয়েছি। এই একীভূতকরণ কেবল আমাদের প্রোডাক্ট সরবরাহকে উন্নত করে না বরং আমাদের ক্লায়েন্টদের অতুলনীয় পরিষেবা এবং সহায়তা প্রদানের ক্ষমতাকেও শক্তিশালী করে।

স্বামী স্ত্রীর বিবাদে আত্মঘাতী হলো স্বামী বারুইপুরে

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর, ৭ ফেব্রুয়ারি ঃ স্বামী স্ত্রীর বিবাদে আত্মঘাতী হলো স্বামী বারুইপুরে। মৃতদেহ ময়না তদন্তে পাঠিয়ে তদন্তের কাজ শুরু করেছে পুলিশ। আর্থিক সমস্যার কারণে সংসারে অশান্তি ছিল। বৃহস্পতিবার স্বামী-স্ত্রীর মধ্যে তুমুল বিবাদ হয়। এর পর স্ত্রী রাগ করে বাপের বাড়ি চলে গিয়েছিলেন। শুক্রবার ঘর থেকে উদ্ধার হলো স্বামীর গলায় ফাঁস লাগানো ঝুলন্ত মৃতদেহ। আর এই চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে দঃ২৪ পরগনার বারুইপুর পৌরসভার ১৬ নম্বর ওয়ার্ডে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম উত্তম বারিক (৫২)। স্ত্রীর নাম সঙ্গীতা বারিক। তাঁদের বিশ বছর আগে বিয়ে হয়েছিল।উত্তম বারিক দালালির কাজ করতেন। বেশ কিছু দিন তাঁর আয় কম হচ্ছিল। বাজারে অনেক টাকা দেনা হয়ে গিয়েছিল বলেও খবর। এদিকে সংসারে অনটন চলায় স্বামী স্ত্রীর মধ্যেও বিবাদ চলছিল বেশ কিছু দিন ধরে।বৃহস্পতিবার স্ত্রী সংসার খরচের জন্য টাকা চাইলে দিতে

পারেননি উত্তম বারিক। দুজনের মধ্যে প্রবল অশান্তি হয়।রাগ করে স্ত্রী সন্ধেবেলা বারুইপুরের বি।াল এলাকায় বাপের বাড়ি চলে যান মেয়েকে সঙ্গে নিয়ে। রাতে আর দুজনের মধ্যে কোনও যোগাযোগ হয়নি। শুক্রবার স্বামীকে একাধিক বার ফোন করেন স্ত্রী সঙ্গীতা। কিন্তু তাঁকে ফোনে পাওয়া যায়নি। অবশেষে প্রতিবেশী এক যুবককে ফোন করে ওই বাড়িতে যেতে বলে ছিলেন ওই মহিলা। সেই মতো ঐ যুবক ওই বাড়িতে এসে উত্তমের নাম ধরে ডাকাডাকি করতে থাকেন। কিন্তু কোনো সা।া পাই নিড়বাড়ির সব দরজা-জানলা ভিতর থেকে বন্ধ ছিল। এরপর ওই যুবক বাড়ির দরজা ভেঙে ভিতরে ঢোকেন। দেখা যায়, জানলার সঙ্গে উত্তম বারিকের গলায় ফাঁস লাগানো ঝুলন্ত মৃতদেহ।এরপর পুলিশকে খবর দিলে পুলিশ গিয়ে মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠিয়ে তদন্তের কাজ শুরু করেছে। স্ত্রীর সঙ্গে বিবাদের জন্যই কি এই ঘটনা? পুলিশ বিষয়টি তদন্ত করে দেখছে। ওই দম্পতির একমাত্র মেয়ে এবছর উচ্চমাধ্যমিক পরীক্ষায় বসবে। আর এই ঘটনায় এলাকায় নেমে এসেছে শোকের ছায়া। মৃত্যুর খবর পেয়ে মৃতের বা।তিতে যান স্থানীয় কাউন্সিলার আশিষ দে রায়।

যুবতীর কাছ থেকে টাকা ও সোনার গহনা আত্মসাতের অভিযোগে গ্রেপ্তার যুবক

প্রকাশ মণ্ডল, হুগলি, ৭ ফেব্রুয়ারি ঃ ঘনিষ্ঠ মুহূর্তের ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে দেওয়ার হুমকি দিয়ে যুবতীর কাছ থেকে টাকা ও সোনার গহনা আত্মসাতের অভিযোগে গ্রেপ্তার যুবক। ভয় দেখিয়ে যুবতীর কাছ থেকে নগদ অর্থ ও সোনার গহনা নেওয়ার পরেও বার বার ঘনিষ্ঠ মুহূর্তের ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে দেওয়ার হুমকি দিয়ে যুবতীর কাছ থেকে আরো টাকা আত্মসাৎ করার চেষ্টা করত ধৃত যুবক। পুলিশ জানিয়েছে ধৃত যুবকের নাম সুদীপ্ত মাইতি বাড়ি সিঙ্গুর থানা এলাকায়। দুবাইয়ে সোনা রুপোর কাজ করত সুদীপ্ত। যদিও তার বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার পাল্টা ওই যুবতী তাকে ফাঁসিয়েছে বলে দাবি ধৃত সুদীপ্তর। পুলিশ সূত্রে জানা গেছে গত কয়েক মাস আগে সমাজ মাধ্যমে সিঙ্গুরের সুদীপ্তর সাথে পরিচয় হয় জাঙ্গিপাড়ার এক যুবতীর। এর পরই দুজনের ঘনিষ্ঠ মুহূর্তের ছবি তুলে রাখে সুদীপ্ত এমনই অভিযোগ যুবতীর। আর অভিযোগ সেই ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে দেওয়ার হুমকি দিয়ে প্রথমে নগদ ৫০

হাজার টাকা ও প্রায় দেড় লক্ষ টাকার সোনার গহনা আত্মসাৎ করে সুদীপ্ত ।এত টাকা আত্মসাৎ করার পর আবারও ঘনিষ্ঠ মুহূর্তের ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে দেওয়ার হুমকি দিয়ে টাকার দাবি করলে গতকাল অর্থাৎ বৃহস্পতিবার তারকেশ্বরের পিয়াসাড়া এলাকায় সুদীপ্ত কে ডাকে ওই যুবতী। তারকেশ্বরের পিয়াসারা এলাকায় বচসায় জড়িয়ে পড়েন দুজনে। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় তারকেশ্বর থানার পুলিশ। যুবতীর অভিযোগের ভিত্তিতে সুদীপ্ত কে গ্রেপ্তার করে তারকেশ্বর থানার পুলিশ । শুক্রবার ধৃত সুদীপ্ত কে চন্দননগর মহকুমা আলাদালতে পাঠায় পুলিশ।

ভর দুপুরে ফাকা বাড়িতে ভয়াবহ আগুন, ভষ্মীভূত ঘরের আসবাবপত্র

দুরন্ত বার্তা, নববারাকপুর, ৭ ফেব্রুয়ারি ঃ ভর দুপুরে ফাকা বাড়িতে ভয়াবহ আগুন। ভষ্মীভূত ঘরের আসবাবপত্র সহ আলমারি পাখা ঘরের ছাউনি। ঘটনাটি ঘটেছে শুক্রবার ভর দুপুরে নববারাকপুর পুরসভার ১৮ নং ওয়ার্ডের দক্ষিণ কোদালিয়া তালপুকুর রোডে ফাকা বাড়িতে শুক্রবার দুপুরে এক টালি বেড়ার ঘরে আচমকাই ভয়াবহ আগুন লাগে। ঘরে কেউ ছিল না। সকলেই কাজে ছিলেন। পাশে বাথরুমে শ্বাশুড়ী গিযে. ছিলেন। তারপর পড়শিরা এসে দেখেন ঘর থেকে আগুন। ঘরে সুইচ বোর্ডে মোবাইল চার্জ দেওযা. ছিল। সর্ট সার্কিট থেকেই আগুন লাগে বলে অনুমান দমকল আধিকারিক থেকে স্থানীয.ওযার্ডের সভাপতির। তবে কোন হতাহত হয.নি। আগুন



লাগার সঙ্গে সঙ্গে স্থানীয. প্রতিবেশীরা বালতি বালতি জল দিযে. আগুন নেভানোর কাজে এগিযে. আসে। খবর পেয়েই ঘটনাস্থলে ছুটে আসেন বিরাটী নিমতা দমকল কর্মীরা। হোর্স পাইপ দিযে.জল নেভানোর কাজে নামে দমকল কর্মীরা। এক ঘঃটার পর আগুন নিযন্ত্রণে আসে বলে জানান দমকল কর্মীরা।

পুলিশি তৎপরতায় বোদাই-র নিখোঁজ ছেলে তিন ঘন্টায় উদ্ধার

নববারাকপুর, ৭ ফেব্রুয়ারি ঃ বিকেলে ঘরে মা ছিল শুয়ে। বাবা স্থানীয় কারখানায় কাজে ছিল। ছোট ৬ বছরের ছেলে খেলার নাম করে ঘর থেকে বেরিয়ে যায়। সন্ধ্যা হয়ে যায়৷ ছেলে ঘরে ফিরে আসে না। চারিদিকে দীর্ঘ খোঁজাখুজির পর। রাত ৯ টার সময় নববারাকপুর থানার পুলিশের তৎপরতায় তৃণমূল কংগ্রেস কর্মীদের সহযোগিতায় ছেলেকে খুঁজে উদ্ধার করে বোদাই দক্ষিণ পাড়া তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি সেখ রাজা। তিন ঘন্টার মধ্যে ছেলে কে উদ্ধার করে বোদাই ঘোষ পাড়ায় বাবা মায়ের কাছে একমাত্র সন্তান কে পৌঁছে দেওয়া হয়। ঘটনাটি ঘটেছে নববারাকপুর থানার অন্তর্গত বোদাই ঘোষ পাড়ায় বৃহস্পতিবার সন্ধ্যায়। পরিবারের লোকজন তৃণমূল যুব কংগ্রেস নেতা সেখ রাজার মানবিক উদ্যোগের প্রশংসা করেন। উদ্ধার কৃত ছেলে টির নাম মনু কুমার। বাবা মায়ের একমাত্র সন্তান ।তৃণমূল যুব কংগ্রেস সভাপতি সেখ রাজা বলেন ভাড়াটিয়া বাসিন্দ নিখোঁজ ছেলে টির বাবা মা এসে বলেন বিকেল থেকে ছেলে কে খুঁজে পাওয়া যাচ্ছে না। স্থানীয় থানার পুলিশের বড় বাবু কে বিষয় টি জানান হয় । তারপর দলের ছেলেরা ভিন্ন জায়গায় অভিযান চালিয়ে রাতে বাচ্চা টিকে উদ্ধার করে পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

অগ্নিদগ্ধ অবস্থায় উদ্ধার করা হলো এক গৃহবধূকে, লিলুয়ার ভট্টনগরে চাঞ্চল্য

৭ ফেব্রুয়ারি ঃ বাড়ি থেকে অগ্নিদগ্ধ অবস্থায় উদ্ধার করা হলো এক গৃহবধূকে। গৃহবধূর প্রতিবেশী এবং এলাকার বাসিন্দারাই প্রথমে বিষয়টি দেখেন। আশঙ্কাজনকভাবে তাঁরা উদ্ধার করে নিয়ে যান হাসপাতালে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, অগ্নিদগ্ধ গৃহবধূর নাম সুস্মিতা দাস। তিনি হাসপাতালে চিকিৎসাধীন। এই ঘটনায় গৃহবধূর স্বামী অভি দাসকে গ্রেফতার করেছে পুলিশ। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাতে হাও।ার লিলুয়া থানা এলাকার ভট্টনগর অরবিঃদ নগরে। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন অভি বিশেষ কিছু কাজ করতেন না। অগ্নিদগ্ধ সুস্মিতা বড়বাজারে কাজ করতেন। বৃহস্পতিবার নেশাগ্রস্ত অবস্থায় অভির সঙ্গে তাঁর স্ত্রী সুস্মিতার অশান্তি হয়। ঘটনার সময় সকলে ঘুমোচ্ছিলেন। হঠাৎ আওয়াজ পেতে জানালার কাছে এসে দেখেন ধোঁয়া। দরজা ভেঙে ঘরে ঢুকে দেখা যায় চাদর গায়ে মহিলা মাটিতে পড়ে আছে। অভি বিছানায় শুয়ে আছে। তখনও ওই গৃহবধূর জ্ঞান ছিল। তা দেখে এলাকার মানুষই গাড়ি নিয়ে এসে ওই মহিলাকে হাসপাতালে নিয়ে যান। তাঁরাই খবর দেন পুলিশে। অগ্নিদগ্ধ মহিলার স্বামী অভি দাস বলেন, আমার সঙ্গে বাড়িওয়ালার ঝগড়া হয়েছিল। আমাকে যেতে বারণ করেছিল। তা সত্ত্বেও আমি গিয়েছিলাম। সেই নিয়ে অশান্তি হয়। সুস্মিতা আত্মহত্যার জন্য গায়ে কেরোসিন তেল ঢেলেছিল। এদিন আমি ঘুমোচ্ছিলাম। আমি চোখ খুললে দেখি আমাকে বেধ।ক মারধর করা হচ্ছে। স্ত্রী যে পুড়ে গিয়েছে তা আমি জানিনা।

ত্রিবেণীতে রিফিউজি ক্যাম্পে নাগা সাধুরা থাকবেন না ঃ মহকুমা শাসক

বনস্পতি দে, ত্রিবেণী, ৭ ফেব্রুয়ারি ঃ রিফিউজি ক্যাম্পের কোয়ার্টারে নাগা সাধুরা থাকবেন না। তাঁদের জন্য আলাদা তাঁবুর ব্যবস্থা করতে হবে। কুম্ভমেলার জায়গা পরিদর্শন করে জানিয়ে দিলেন মহকুমা শাসক। প্রয়াগের অবস্থা দেখে এই সাবধানতা অবলম্বন করা হয়েছে। ভূমিপুজো করে ত্রিবেণী কুম্ভমেলার কাউন্টডাউন শুরু হয়েছে। কুম্ভমেলাকে ঘিরে প্রশাসনিক তপরতাও তুঙ্গে। চুঁচুড়া সদরের মহকুমা শাসক স্মিতা সান্যাল শুক্লা সহ একাধিক আধিকারিক এলাকা পরিদর্শন করেন। হুগলি গ্রামীন পুলিশের ডিএসপি ক্রাইম অভিজি সিনহা মহাপাত্র, বাঁশবেড়িয়া পুরসভার পুরপ্রধান, উপপুরপ্রধান কুম্ভ ঘাট ও মেলার জায়গা পরিদর্শন করেন। প্রয়াগের দুর্ঘটনার কথা মাথায় রেখে এবার ত্রিবেণী কুম্ভমেলায় বাড়তি সতর্কতা নেওয়া হচ্ছে।

রাজা ঘাটের পাশে রয়েছে দেশভাগের সময় তৈরি করা উদ্বাস্তুদের জন্য ক্যাম্প। সেখানে থাকার জায়গাগুলোর অবস্থা খুব খারাপ। চাল ভেঙে পড়ছে, দেওয়ালের অবস্থাও ভাল না। গত বছর এই ক্যাম্পেই ছিলেন নাগা সন্ন্যাসীরা। হোম, যজ্ঞও হয়েছিল এই ক্যাম্পে। তা দেখতে ভিড় জমিয়েছিলেন প্রচুর পুন্যার্থী। এবার যাতে কোনওরকম দুর্ঘটনা না ঘটে, সেই কারণে ওই ক্যাম্পে সাধুদের থাকার বিষয়ে নিষেধাজ্ঞা জারি করেছে প্রশাসন।

কলকাতা বইমেলায় প্রকাশিত হল বৈষ্ণা বিশ্বাসের কাব্যগ্রন্থ আনহার্ড মেলোডিজ

দুরন্ত বাতা৩, কলকাতা, ৭ ফেব্রুয়ারি ঃ কলকাতা বইমেলায় প্রকাশিত হল বৈষ্ণা বিশ্বাসের কাব্যগ্রন্থ আনহার্ড মেলোডিজ বিশিষ্ট ইঞ্জিনিয়ার ও উদীয়মান কবি বৈষ্ণা বিশ্বাসের কাব্যসংকলন আনহার্ড মেলোডিজ আনুষ্ঠানিকভাবে আন্তর্জাতিক কলকাতা বইমেলায় ২রা ফেব্রুয়ারি প্রকাশিত হলো। এক্সেলার বুকস থেকে প্রকাশিত এই কাব্যগ্রন্থ সামাজিক ন্যায়বিচার, ব্যক্তিগত সংগ্রাম ও মানবজীবনের দৃঢ়তা নিয়ে লেখা। যেখানে অন্যায়, যন্ত্রণা ও ক্ষতির অন্ধকারের বিরুদ্ধে আশার আলো, সাহস ও পুনর্জন্মের বার্তা তুলে ধরা হয়েছে। এই বই প্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সমীরণ চট্টোপাধ্যায়। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বৈষ্ণার মা বিশিষ্ট শিক্ষাবিদ এবং সেন্ট জেভিয়ার্স কলেজ, কলকাতার ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপিকা ড. চন্দ্রাণী বিশ্বাস। এবং বৈষ্ণার বাবা অধ্যাপক ড. সুজয় বিশ্বাস, রেজিস্ট্রার, টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয় ও ডিরেক্টর ও সিইও, টেকনো ইন্ডিয়া গ্রুপ। বৈষ্ণা বিশ্বাস তাঁর একাডেমিক কৃতিত্বের জন্য সুপরিচিত। বৈষ্ণা সাউথ পয়েন্ট স্কুলের প্রাক্তনী এবং বোর্ড পরীক্ষায় রাজ্য স্তরে রাঙ্ক অর্জন করেছেন। এরপর যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে ইলেকট্রনিক্স ও টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং-এ বি.টেক. সম্পন্ন করেন ২০২১ সালে এবং তাঁর গবেষণা প্রকাশিত হয়েছে বিভিন্ন আই ই ই ই জার্নালে। তিনি ভারত সরকারের টেলিকম রেগুলেটরি অথরিটি ট্রাই তে টেকনিক্যাল রিসার্চ অ্যাসোসিয়েট হিসেবে কাজ করেছেন এবং ফাইভ জি স্পেকট্রাম নিলাম, স্যাটেলাইট যোগাযোগ, ও টি টি প্ল্যাটফর্ম সংক্রান্ত গুরুত্বপূর্ণ গবেষণায় অবদান রেখেছেন। তাঁর রচিত প্রথম কাব্যগ্রন্থ আনহার্ড মেলোডিজ অত্যন্ত সংবেদনশীল একটি সৃষ্টি, যেখানে অবিচার, যন্ত্রণা ও হারানোর দু ঃখের মধ্যেও আশা, সাহস ও মানবিকতার জয়গান গাওয়া হয়েছে।

VLL
VIRAT LEASING LIMITED
Regd. Off: 1,Crooked Lane, 3rd Floor, Room No.324, Kolkata-700001
Corp. Off.: "Jajodia Tower", 3, Bentinck Street,Room No.D-8,4th Floor, Kolkata-700001, W.B.
CIN:L65910WB1984PLC098684 EMAIL:info@vll.co.in WEBSITE:www.vll.co.in
EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND NINE MONTHS ENDED 31ST DECEMBER, 2024
(₹. in Lakhs)

Sl No	Particulars	Quarter Ended			Nine Months Ended		Year Ended
		31.12.2024 Unaudited	30.09.2024 Unaudited	31.12.2023 Unaudited	31.12.2024 Unaudited	31.12.2023 Unaudited	31.03.2024 Audited
1	Total Revenue from Operations	20.75	23.46	15.79	71.50	69.94	87.02
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items)	-7.11	-49.77	-22.86	-41.56	-18.06	-10.96
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	-7.11	-49.77	-22.86	-41.56	-18.06	-10.96
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items)	-6.89	-47.56	-19.94	-41.91	-16.61	-13.09
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	-20.46	-40.96	-19.94	-30.60	-16.00	-12.48
6	Equity Share Capital	1298.05	1298.05	1298.05	1298.05	1298.05	1298.05
7	"Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations)						
	Basic & Diluted:	-0.05	-0.37	-0.15	-0.32	-0.13	-0.10

Notes:
1 The above is an extract of the detailed format of the Un-audited Financial Results for the Quarter and Nine Month ended 31st December, 2024 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (LODR) Regulations, 2015. The full format of the Quarter & Nine Month ended Un-Audited Financial Results is available on the Stock Exchange at www.bseindia.com and also on the websites of the company at www.vll.co.in.
2 The above results have been reviewed by the audit committee and approved by the Board of Directors at their meeting held on 07th February, 2025.

For Virat Leasing Limited
Sd/-
Rajeev Kothari
Managing Director
DIN: 00147196

Place : Kolkata
Dated :07.02.2025

SCINTILLA COMMERCIAL & CREDIT LIMITED
CIN : L65191WB1990PLC048276
Regd. Off: "Mercantile Building",Block-E,2nd Floor, 9/12, Lalbazar Street,Kolkata-700001
Corp. Off: "Jajodia Tower", 3, Bentinck Street, Room No. D-8, 4th Floor, Kolkata - 700001
E-MAIL: info@scintilla.co.in, WEBSITE:www.scintilla.co.in
EXTRACT OF UN-AUDITED STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER & NINE MONTH ENDED 31ST DECEMBER, 2024
(₹. in Lakhs)

Sl No	Particulars	Quarter Ended			Nine Months Ended		Year Ended
		31.12.2024 Unaudited	30.09.2024 Unaudited	31.12.2023 Unaudited	31.12.2024 Unaudited	31.12.2023 Unaudited	31.03.2024 Audited
1	Total Income from Operations	15.56	15.47	16.91	46.37	47.41	59.48
2	Net Profit/(Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items)	6.74	-16.01	10.32	-10.18	14.26	18.00
3	Net Profit/(Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	6.74	-16.01	10.32	-10.18	14.26	18.00
4	Net Profit /(Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items)	7.39	-16.32	7.72	-7.55	10.67	-16.88
5	Total Comprehensive Income for the period [Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	7.08	-17.54	7.72	-9.08	10.67	-19.13
6	Equity Share Capital	1002.78	1002.78	1002.78	1002.78	1002.78	1002.78
	Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations): Basic & Diluted	0.07	-0.16	0.08	-0.08	0.11	-0.17

Notes:
1 The above is an extract of the detailed format of the Un-audited Standalone Financial Results for the Quarter & Nine Months ended 31st December, 2024 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (LODR) Regulations, 2015. The full format of the Quarter ended Un-audited Financial Results is available on the Stock Exchanges at www.bseindia.com & www.cse-india.com and also on the websites of the company at www.scintilla.co.in.
2 The above results have been reviewed by the audit committee and approved by the Board of Directors at their meeting held on 07th February, 2025.

For and on behalf of the Board
For Scintilla Commercial & Credit Ltd
Sd/- (Jitendra Kumar Goyal)
Director
DIN: 00468744

Place : Kolkata
Dated : 07.02.2025

KAUSHAL INVESTMENTS LIMITED
Regd. Off:3, Bentinck Street, 4th Floor, Room No. D8, Kolkata-700001
CIN : L65993WB1981PLC033363 ; EMAIL : info@kaushalinvest.com WEBSITE : www.kaushalinvest.com
EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND NINE MONTHS ENDED 31ST DECEMBER, 2024
(₹. in Lakhs)

Sl No	Particulars	Quarter Ended			Nine Months Ended		Year Ended
		31.12.2024 Unaudited	30.09.2024 Unaudited	31.12.2023 Unaudited	31.12.2024 Unaudited	31.12.2023 Unaudited	31.03.2024 Audited
1	Total Income from Operations	13.79	1.03	-	15.27	-	6.43
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items)	4.06	-1.64	-2.14	1.04	-9.41	-5.63
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	4.06	-1.64	-2.14	1.04	-9.41	-13.37
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items)	4.06	-1.64	-2.14	1.04	-9.41	-13.37
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	4.06	-1.64	-2.14	1.04	-9.41	-13.29
6	Equity Share Capital	314.00	314.00	314.00	314.00	314.00	314.00
7	Reserves (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet of the previous year						
7	"Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations) Basic & Diluted:	0.13	-0.05	-0.07	0.03	-0.30	-0.43

Notes:
1 The above is an extract of the detailed format of the Un-audited Financial Results for the Quarter & Nine Months Ended December 31, 2024 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (LODR) Regulations, 2015. The full format of the Quarter & Nine Months ended Un-audited Financial Results is available on the Stock Exchange at www.cse-india.com and also on the websites of the company at www.kaushalinvest.com.
2 The above Financial Results have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors on February 7, 2025.

For Kaushal Investments Limited
Sd/-
Sumit Goyal
Managing Director
DIN: 03017130

Place : Kolkata
Dated :07.02.2025

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

৩০ বর্ষ, দৈনিক ৬৯ সংখ্যা, শনিবার ২৫ মাঘ, ১৪৩১

মেধাবী ছাত্র অমর্ত্য সেন

অমর্ত্য সেন- এক অসাধারণ প্রতিভার গল্প। তোর ছেলে একদিন মর্ত্যজয়ী হবে। ওর নাম রাখলাম অমর্ত্য। নামের বানানটা ঠিক রাখিস, য-ফলা দিতে ভুল করিস না যেন। ;এই ভবিষ্যদ্বাণী করেছিলেন স্বয়ং রবীন্দ্রনাথ ঠাকুর। শুধু রবীন্দ্রনাথই নন, অমর্ত্যের প্রতিভা চিনতে ভুল করেননি বিখ্যাত সাহিত্যিক প্রভাতকুমার মুখোপাধ্যায়ও। অমর্ত্যের পিঠ চাপড়ে তিনি বলেছিলেন, তুমি ক্ষিতিমোহন সেনের নাতি, তোমার রক্তে সাহিত্য লুকিয়ে আছে। লিখে যাও, একদিন তুমি বড় লেখক হবে। শৈশব থেকেই অমর্ত্য ছিলেন প্রতিভার এক উজ্জ্বল দৃষ্টান্ত। তাঁর দাদু ক্ষিতিমোহন সেন ছিলেন একজন প্রখ্যাত পণ্ডিত, যিনি অমর্ত্যকে ভাষা ও ব্যাকরণ শেখার প্রতি গুরুত্ব দিতে বলতেন। কিন্তু অমর্ত্য বলতেন, ভাষা আসে প্রাণের তাগিদে, মানুষের জীবনের প্রয়োজনে। ব্যাকরণ ভাষাকে নিয়মের কাঠামোয় বেঁধে রাখে, কিন্তু ভাষার উদ্ভব তার বহু আগেই হয়েছে।এক বিস্ময়কর ছাত্রজীবন। অমর্ত্য সেন ছিলেন এক অসাধারণ মেধাবী ছাত্র, তবে তাঁর পড়াশোনার প্রতি দৃষ্টিভঙ্গি ছিল সম্পূর্ণ ভিন্ন। আইএসসি পরীক্ষার দিন যখন পরিবারের সবাই উদ্বেগে অপেক্ষা করছিলেন, তখন অমর্ত্য বন্ধুদের সঙ্গে বকুলতলায় আড্ডায় ব্যস্ত। মা অমিতা সেন ছুটে গিয়ে তাঁকে ধরে এনে পরীক্ষায় হলে পাঠান। ততক্ষণে বেশ খানিকটা সময় পেরিয়ে গেছে, কিন্তু ফলাফলে তার কোনো প্রভাব পড়েনি। অমর্ত্য রেকর্ড নম্বর পেয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ে প্রথম স্থান অধিকার করেন। বিজ্ঞান না অর্থনীতি ?এক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত। অমর্ত্যের বাবা, আশুতোষ সেন, ছিলেন একজন ভূবিজ্ঞানী। তিনি চাইতেন তাঁর ছেলে বিজ্ঞানী হোক। কিন্তু অমর্ত্যের জীবনে গভীর প্রভাব ফেলেছিলেন অধ্যাপক অমিয়কুমার দাশগুপ্ত। দাশগুপ্ত একদিন বলেছিলেন, শুধু ভারত নয়, সারা পৃথিবীর দারিদ্র্যের মূল কারণ হচ্ছে ভুল অর্থনীতি, সম্পদের অসম বণ্টন, ভূমি ব্যবস্থার সংকট ও কল্যাণমূলক অর্থনীতির অভাব। এই সমস্যাগুলোর সমাধান করতে হলে অর্থনীতি নিয়ে গবেষণা করতে হবে। এই কথাগুলো অমর্ত্যের মনে গভীর রেখাপাত করল। তিনি বুঝতে পারলেন, সত্যিকারের পরিবর্তন আনতে হলে অর্থনীতিই হতে পারে সবচেয়ে কার্যকর হাতিয়ার। এরপর তিনি প্রেসিডেন্সি কলেজে অর্থনীতিতে অনার্স নিয়ে ভর্তি হলেন। প্রেসিডেন্সির তিন প্রতিভাবান ছাত্র। প্রেসিডেন্সি কলেজে ভর্তি হওয়ার পর অমর্ত্যের সঙ্গে পরিচয় হয় আরও দুই অসাধারণ ছাত্রের;সুখময় চক্রবর্তী এবং বিনয় চৌধুরী। অমর্ত্য ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম স্থান অধিকারী। সুখময় চক্রবর্তী পাটনা বিশ্ববিদ্যালয়ের শীর্ষস্থানীয় ছাত্র। বিনয় চৌধুরী সারা পূর্ব-পাকিস্তানের মধ্যে প্রথম স্থান অধিকারী। তিন তারকা ছাত্রের আগমনে প্রেসিডেন্সির অর্থনীতি বিভাগে এক নতুন অধ্যায়ের সূচনা হয়। অধ্যাপক ভবতোষ দত্ত বলেছিলেন, সুখময়ের পড়াশোনার ব্যাপ্তি ছিল অনেক, কিন্তু অমর্ত্যের জ্ঞান ছিল অত্যন্ত গভীর ও সুসংগঠিত। তাঁর উত্তরের ভাষা ছিল সংক্ষিপ্ত, অথচ সম্পূর্ণ। শিক্ষকরা অনেক সময় বুঝতেই পারতেন না কাকে বেশি নম্বর দেবেন। শেষ পর্যন্ত দুজনকেই সমান নম্বর দিয়ে সমস্যার সাময়িক সমাধান করতাম।

বিখ্যাত শিল্পীদের শৈশব কথা

ছোটবেলা খুব সুখকর নয়। সৎমা-র কাছে মানুষ। স্কুল যাওয়া-আসার পথে একটা রেকর্ডের দোকানে করিম খানের গান বাজত, আর ছোট্ট ছেলেটি মুগ্ধ হয়ে সেই গান শুনত, শুনে শুনে নিজে গাওয়ার চেষ্টাও করত। বয়স তখন এগারো। এক দিন, রুটিতে ঘি কম মাখিয়েছে বা, এই নিয়ে রাগারাগি করে বাড়ি ছেড়ে পালিয়ে গেলেন। ঘটনাটা নিয়ে পরবর্তীতে বলেছিলেন, আমি তখন গান শিখতে চাইছিলাম। বাড়ি থেকে পালিয়ে গান শিখতে হত। তাই পালানোর একটা ছুতো খুঁজছিলাম মাত্র। সেই বয়সেই উনি শুনেছিলেন গোয়ালিয়রে নাকি খুব ভাল ক্লাসিকাল মিউজিকের চর্চা হয়। আর হাফিজ আলি খান সাহেব, মানে আমজাদ আলি খানের বাবা, খুব বড় সঙ্গীতজ্ঞ। বিনা টিকিটে ট্রেনে উঠে পড়লেন। গন্তব্য গোয়ালিয়র। কিন্তু টিকিট চেকার তাঁর তাগিদের মর্ম কী বুঝবে ? জরিমানার পয়সা তো নেই। অতএব ট্রেন থেকে নামিয়ে শ্রীঘরে পাঠিয়ে দিল। এই ভাবে কোথাও ক'দিন জেলে কাটিয়ে, কোথাও রাস্তায় শুয়ে থেকে, ফের বিনা টিকিটে ট্রেনে উঠে, ফের চেকারের গলাধাক্কা খেয়ে, তিন মাস পর পৌঁছলেন গোয়ালিয়রে। হাফিজ আলি খানকে গান শুনিয়েছিলেন। চমকে গিয়েছিলেন খান সাহেব। এত কমবয়সি একটা ছেলের গলায় ধ্রুপদ গানের এমন সম্ভাবনা ! উনি ভর্তি করে দিলেন গ্বালিয়রের সিন্ধিয়া স্কুলে। স্কুলে তালিম পেতেন বটে, তবে তেমন শিখতে পারতেন না। রেওয়াজ ছিল ওঁর একমাত্র নিস্তার। নিজে নিজেই রেওয়াজ করতেন। তবে কিনা স্কুল যেতেই হত, কারণ এক বেলা ফ্রি খাবার জুটত। আর রাতের দিকে নাকি খান সাহেবের খাবার সময় তাঁরই বাড়িতে ঘুরঘুর করতেন, ফলে রাতের খাবারও জুটে যেত ওখানেই। খান সাহেবও পাকা জহুরি ছিলেন, তা না হলে, এত কম বয়সে নিজে উনি দরবারি শেখাতেন না ওই ছেলেটিকে। এই তালিমে কেটে গেল দুটো বছর। এখানেই ছেলেটি শুনেছিল, কলকাতায় ভীষ্মদেব চট্টোপাধ্যায় বলে এক জন গুরু আছেন, যিনি ভগবান। পালিয়ে এলেন কলকাতায়। কিন্তু শিখবেন কী করে ? সে খবরও জোগাড় হল। অভিনেতা পাহাড়ী সান্যালকে গান শেখাতে আসতেন ভীষ্মদেব চট্টোপাধ্যায়। ছেলেটি তখন কাজ নিয়ে নিলেন পাহাড়ী সান্যাল মশাইয়ের বাড়িতে। রান্না করতেন, টিফিন কেরিয়ারে করে খাবার পৌঁছে দিতেন সিনেমার সেটে, আর লুকিয়ে গান শিখতেন। পাহাড়ী সান্যালের কাছে বছর দুয়েক থেকে, চলে গেলেন জলন্ধরে। সেখানে তখন বছরে এক বার রমরমিয়ে বসে হরবল্লভ সংগীত সম্মেলন। আসেন ভারতবিখ্যাত সব ধ্রুপদী শিল্পীরা। সেখানে দৃষ্টিহীন ধ্রুপদী সংগীতশিল্পীর কাছে গান শেখা।

শ্রীশ্রী অনুকূল ঠাকুর



মার আশির্বাদ গ্রহণ করতে হবে। তাকে মনে প্রাণে ডাকতে হবে। তিনি সবার ডাকে সাড়া দিয়ে থাকেন। মা হচ্ছেন সেই মধ্যাকর্ষণ। তাঁকে ঘিরে সবাই চলাফেরা করে। কাজ করতে হবে। মহৎ কাজ করতে হবে। নিজের মনকে শুদ্ধ করতে হবে। মানবধর্মের জয় করতে হবে। তার বিকাশ করতে হবে। জগত মাতাই হচ্ছেন শক্তিদাত্রী। তিনি শক্তি দান করে থাকেন। ঠাকুর বলতেন, দান এবং ধ্যান করলে সম্পদ কোনও সময় কমে না। তা বৃদ্ধি পেতে থাকে। শিক্ষা দান করলে তা বৃদ্ধি পায়। শিক্ষা দান করলে শিক্ষার উন্নতি লাভ করে। শিক্ষার বিকাশ হয়।

ভগিনী নিবেদিতা

শুধু শুধু ধর্ম ধর্ম করলে হবে না। মানুষের সেবা করতে হবে। মানুষকে শিক্ষিত করতে হব। জাগ্রত করতে হবে। বেদ বেদান্ত পড়ে কোনও কিছু হবে না। গরিবদের সেবা করতে হবে। তাদেরকে মাথা তুলে দাঁড়ানোর অধিকার তৈরি করে দিতে হবে। পুজো অর্চনা কররে কোনও সময়ে দেশ সোজা হয়ে দাঁড়ায় না। দেশকে সঠিক পথ ধরে নিয়ে যেতে গেলে কাজ করতে হবে। পরিশ্রম করতে হবে। র্ম করলে মনটা শুদ্ধ থাকে। পবিত্র থাকে। মনটাকে পবিত্র করতে হবে। শুদ্ধ করতে হবে। জীবনটা যদি শুদ্ধ না হল তাহলে পুজোপাঠ করে কী লাভ। মায়ের শক্তিকে ধারন করতে হবে। জাগরিত করতে হবে মন শক্তিকে। মনের শক্তিকে। মনকে শুদ্ধি করতে হবে। পাপ থেকে মনটাকে দূর করতে হবে। জাগাতে হবে মনের মধ্যে থাকা সৎ শক্তিকে। জাগরিত করতে হবে মানবশক্তি। শুধু নিজেকেই শক্তিধারক বা বাহক করলে চলবে না। সবাইকে শক্তিশালী করার দায়িত্ব গ্রহণ করতে হবে। সবাইকে সুদ্ধাচারে থাকতে হবে। না হলে দেশটা একেবারে পঙ্কিল হয়ে যাবে। শুভ্রতার প্রতীক হতে হবে।

বিশ্ব বাংলা বাণিজ্য সম্মেলনে মুখ্যমন্ত্রীর মতকেই বেশি প্রাধান্য দিলেন শিল্পপতি মুকেশ-'সম্মেলনে উপস্থিত বা না আসুন, বিনিয়োগ করুন'

রবীনন্দ্রকুমার শীল

'গেট ওয়ে অব ইণ্ডিয়া' হবে পশ্চিমবঙ্গ। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বিশ্ব বাণিজ্য সম্মেলনে তাঁর ভাষণে বাংলার ঐতিহ্যের কথাকে তুলে ধরেছিলেন শিল্পপতিদের সামনে। উপস্থিত শিল্পপতিরা বাংলার স্বাধীনতা সংগ্রামের ইতিহাস থেকে শুরু করে বাংলার নবজাগরণের ইতিহাস সম্পর্কে জ্ঞাত আছেন। তাঁদের উপস্থিতিতে বাংলা আবার ভারতের মধ্যে একটি উল্লেখযোগ্য স্থান লাভ করতে সক্ষম। মুখ্যমন্ত্রী রবীন্দ্রনাথ এবং স্বামী বিবেকানন্দের কথা উল্লেখ করে আন্তর্জাতিক স্তরে বাংলার উল্লেখযোগ্য অবস্থানের কথাও ব্যক্ত করেন। এবারে ব্যবসা বাণিজ্যের দিকে দিয়ে বাংলাকে এগিয়ে রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হল 'বেঙ্গল গ্লোবাল বিসনেজ সামিটে'। সেই দিকে লক্ষ্য রেখে প্রতিশ্রুতির কথা শুনতে পাওয়া গেল উপস্থিত শিল্পপতিদের বক্তব্যের মধ্যে দিয়ে। শিল্পপতি মুকেশ আম্বানি অগ্নিকন্যা মমতা বন্দ্যোপাধ্যায়কে দেশের অন্যতম সফল প্রশাসক রূপে চিহ্নিত করলেন। রিল্যায়েন্স কর্তা জানালেন চলতি দশকে অর্থাৎ ২০৩০ সালের মধ্যে রাজ্যের আরও ৫০ হাজার কোটি টাকা বিনিয়োগ করার প্রতিশ্রুতি দিলেন। দেখতে পাওয়া গেল সব মিলিয়ে প্রায় ৯১ হাজার কোটি টাকার বিনিয়োগ প্রতিশ্রুতি পেল রাজ্য। তবে এবারে দেখতে পাওয়া গেল মুকেশ আম্বানি শিল্পপকি শিল্পপতি সঞ্জীব গোয়েঙ্কার ওপরে বেশি আস্থাশীল। মুকেশ, গোয়েঙ্কা এবং নেওটিয়া শিল্পগোষ্ঠী বাংলাকে আন্তর্জাতিক ব্যবসা শিল্প স্তরে নিয়ে যাওয়ার দিকে লক্ষ্য রেখে পা ফেলতে শুরু করে দিয়েছে। রিল্যায়েন্স এ বারে ৫০ হাজার কোটি টাকার লগ্নি করার প্রতিশ্রুতি দিয়েছে। ২০২৩ সালের মধ্যে আরও ৫০ হাজার কোটি টাকা লগ্নি করা হবে। বাংলাকে 'গেট ওয়ে অব ইণ্ডিয়া' তৈরি করার কথা ভাবতে শুরু করেছেন মুকেশ আম্বানি। মুখ্যমন্ত্রী মুকেশের প্রতিশ্রুতি কথা শুনে বক্তব্য রাখতে গিয়ে জানান, 'মুকেশজি যা বলেছেন তারপরে আর কোন কথা বলা যায় না। অভাবনীয় প্রতিশ্রুতি দিয়েছেন তিনি। এই রাজ্যই হবে ভবিষ্যত্যের বিনিয়োগ গন্তব্য। প্রতি বছর শিল্প সম্মেলন হবে। শিল্প সম্মেলন বাদ দেওয়া হবে না। প্রতি বছরই ভারতের প্রতিটি শিল্পপতিদের এই সম্মেলনে উপস্থিত থাকতে আমন্ত্রণপত্র পাঠানো হবে। এবারে লগ্নির আরও প্রস্তাব এসে উপস্থিত হয়েছে। আরপিজিএস গোষ্ঠী ১০ হাজার কোটি টাকা, অম্বুজা গোষ্ঠীর প্রতিশ্রুতি ১৫ হাজার কোটি টাকা, দুই দফা মিলিয়ে প্রায় ৩২ হাজার কোটি টাকার লগ্নি করার প্রতিশ্রুতি দিয়েছে জিন্দল গোষ্ঠী। রিলায়েন্স গোষ্ঠী কর্তা মুকেশ আম্বানি বলেছেন, ' ২০১৬ সালে রাজ্যের রিলায়েন্স গোষ্ঠীর লগ্নি ছিল ২ হাজার কোটি টাকা। এখন তা বৃদ্ধি পেয়ে হয়েছে ৫০ হাজার কোটি টাকা। এই দশকের শেষে আরও ৫০ হাজার কোটি টাকা অর্থাৎ একশ হাজার কোটি করার লক্ষ্য নিয়ে এগিয়ে যেতে চাই। আমাদের বিনিয়োগ এক লক্ষ কর্মসংস্থান করেছে এবং আর্থিক বৃদ্ধি ঘটিয়েছে।

রিলায়েন্স কর্তা মুকেশ আম্বানি পাঁচটি কাজ শুরু করার ইচ্ছা প্রকাশ করেছেন। তার মধ্যে রয়েছে ডিজিটাল পরিকাঠামো এবং পরিষেবা, খুচরো বিপণীর সংখ্যাবৃদ্ধি, শিল্পীদের সাহায্য নিয়ে স্বদেশের শিল্পকে নিয়ে বিশ্ব শিল্প পরিবেশ গড়ে তোলা, ২০২৫ সালের মধ্যে সৌর বিদ্যুৎ প্রকল্প, রিলায়েন্স ফাউন্ডেশন তৈরি করে সরকারকে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা করার আশ্বাস। বিশ্লেষকেরা অনুমান করতে শুরু করে দিয়েছে যে আগামি পাঁচ বছরে ৫০ হাজার কোটি টাকার লগ্ন করার অর্থ বছরে দশ হাজার কোটি টাকার লগ্নি করা। বিশ্ব ব্যবসা সম্মেলন করার পক্ষে যুক্তি দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বাংলার শিল্প সম্পর্কে যে ভুল ধারনা তৈরি হতে শুরু করে দিয়েছিল তাকে প্রতিরোধ করাই হচ্ছে এই ধরনের সম্মেলন করা। শিল্প ব্যবসা সম্মেলন করলে রাজ্যের শিল্প মান সম্পর্কে বাস্তব চিত্র ধরা পড়বে এবং আগামি দিনে বাংলা কত দিক দিয়ে শিল্প পরিবেশ গড়ে তুলতে সক্ষম তার চিত্র প্রকাশ লাভ করতে এবং বাংলার অধিকাংশ বাসিন্দারা এ সম্পর্কে ওয়াকিবহাল হতে পারবে। তিনি বাংলা জনগণকে সঙ্গে করে নিয়ে বিশ্ব বাংলা গড়তে চান। সবাইকে এর সামিল করতেই এই ধরনের শিল্প সম্মেলন করার প্রয়োজন রয়েছে। পরবর্তী প্রজন্মের জন্য কর্মসংস্থান এবং শিল্প পরিবেশ গড়ে তোলার প্রয়োজন। আধুনিক শিল্প গড়তে বাংলাকে এগিয়ে আসতে হবে। বাংলায় আধুনিক শিল্প তালুক তৈরি করতে হবে। সেই কারণে শিল্পপতিদের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার হাত মিলিয়ে কাজ করতে চায়। শিল্প বান্ধব রাজ্য হিসাবে বাংলাকে সবার কাছে তুলে ধরতে হবে। আইটিসি প্রতিশ্রুতি দিয়েছে যে শেষ তিন-চার বছর লগ্নি প্রায় ৭৫০০ কোটি টাকা। 'গ্লোবাল সেন্টার ফর এআই' তৈরি করা হচ্ছে নিউটাউনে। আগামী কয়েক বছরের মধ্যে নিউ টাউনে ছয়টি নতুন হোটেল তৈরি করা হবে। আরপিএসজি প্রতিশ্রুতি - ' কয়েক বছরে লগ্নি হয়েছে বিশ হাজার কোটি টাকার। বিদ্যুৎ, শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে আর দশ হাজার কোটি টাকা লগ্নি করা হবে। পিছিয়ে নেই অম্বুজা। তাদের প্রতিশ্রুতি ঃ রিয়েল এস্টেট, হোটেল, উপনগরী মিলিয়ে ১৫ হাজার কোটি টাকা লগ্নির করার প্রস্তাব। ইমামি গোষ্ঠী আগামী বছরে মোটা টাকার লগ্নি করার প্রতিশ্রুতি দিয়েছেন হর্ষ আগরওয়াল। জিন্দল গোষ্ঠী

বাংলায় শিল্প পরিবেশ গড়তে আগ্রহী। তারাও প্রথমে ১৬০০, পরে ১৬০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তৈরি করবে। ১৬ হাজার কোটি করে মোট ৩২ হাজার কোটি টাকার লগ্নির প্রতিশ্রুতি দেওয়া হল। মুখ্যমন্ত্রী বলেছেন যে বাংলার মানুষ জানুক যে ১২ লক্ষ কোটি টাকার বিনিয়োগ বাস্তবে পরিণত হচ্ছে। রাজ্যের গড় উৎপাদন বৃদ্ধি পাবে। রাজ্যের গড় উৎপাদন হবে জিএসডিপি প্রায় ১৯ লক্ষ কোটি টাকায় পৌঁছাবে। ৯৪টি প্রকল্প সরকারি ভাবে পরিচালিত হবে। মুখ্যমন্ত্রী লক্ষ্মী ভাণ্ডারে কথাও উল্লেখ করেছেন। তিনি সরাসরি আর্থিক সহায়তা দিয়ে অর্থনীতির চাকা ঘোরাতে চান। বিনিয়োগ টানতে উপযুক্ত পরিকাঠামো তৈরি করা হচ্ছে। রাজ্য পাঁচ হাজার একর জমি দিতে পারে। ছয়টি আর্থিক করিডর তৈরি করা হচ্ছে। উত্তর থেকে দক্ষিণ, পূর্ব থেকে পশ্চিম -সব এলাকাকে সংযুক্ত করা হবে। ৯০ লক্ষ ক্ষুদ্র এবং মাঝারি শিল্পে ১.৩৬ কোটি কর্মসংস্থান হয়েছে। রাজ্যের শিল্পকে সমৃদ্ধ করতে সব সময়ে বিদ্যুঠ পরিষেবা দেওয়ার জন্য প্রস্তুত থাকবে বিনিয়োগকারীকে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে জানান যে শিল্প মহলকে সহযোগিতা করতে 'স্টেট লেভেল সিনার্জি কমিটি' গঠন করা হবে। শিল্প স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এই কমিটি। ১৫ দিন অন্তর এই কাজ্যের মূল্যায়ন করবে এই কমিটি।

জার্মান ও ব্রিটিশ প্রতিনিধিদের সঙ্গে মুখ্যমন্ত্রী কথা বলেছেন আলাদা করে। কলকাতা থেকে লণ্ডন এবং কলকাতা থেকে জার্মান বিমান চলাচল করার ব্যাপারেও কথা হয়েছে। সিঙ্গুরের কথা এখন অতীত হয়ে গিয়েছে। টাটাকে রাজ্য সরকার বিনিয়োগ করার ব্যাপারে সুবিধা দিতে প্রস্তুত। টাটার কর্ণধার চন্দ্রশেখরন নিজে আসতে না পারলেও বাণিজ্য সম্মেলনে প্রতিনিধি পাঠিয়েছেন। টাটাও অতীত ভুলে বাংলায় শিল্পে বিনিয়োগ করতে ইচ্ছুক। আইটিসির কর্ণধার সঞ্জীব পুরী বলেছেন যে গত কয়েক বছরে রাজ্যের অগ্রগতি চোখে পড়ার মতো। শিল্প বান্ধব

পরিবেশ তৈরি হয়েছে। আরপিএসডির কর্ণধার সঞ্জীব গোয়েঙ্কা বলেছেন যে বাংলা বিনিয়োগ করুন। হতাশ হবেন না। হর্ষ নেওটিয়া বলেছেন যে ইতিবাচক মনোভাবে প্রশাসন। বিনিয়োগের সেরা গন্তব্য। সজ্জন জিন্দাল বলেছেন যে আমাদের একদিনও কর্মদিবস নষ্ট হয়নি। শ্রমিক সমস্যা নেই এ রাজ্যে। ঝাড়খণ্ড এবার বাংলার সঙ্গে ব্যবসা বাণিজ্য এবং শিল্প গড়তে আগ্রহী। ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন বলেন যে আসুন এক সঙ্গে কাজ করি। দেশের উন্নয়নের শরিক হই। ভূটানের মন্ত্রী ইয়োন টেন ফুনসো জানান যে পর্যটন, যোগাযোগ, কৃষি ইত্যাদি ক্ষেত্রে একসঙ্গে কাজ করতে পারি। বাংলার ব্রান্ড অ্যাম্বাসাডর সৌরভ গঙ্গোপাধ্যায় বলেন যে অর্থনীতি মজুবত হচ্ছে। রাজ্যের উন্নয়নের স্বার্থে মুখ্যমন্ত্রী একশো শতাংশ চেষ্টা করছেন। লগ্নিবান্ধব সহযোগিতা এখানে অপরিসীম।

বিজিবিএসের দ্বিতীয় দিনে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অশোকনগরের তেল উত্তোলনের প্রকল্পকে রাজ্য তথা দেশের উন্নয়নের অন্যতম অণুঘটক। তেল উত্তোলনের ব্যাপারে সব ধরনের সহযোগিতা করা হবে। উত্তর ২৪ পরগনার অশোনগরে তেল উত্তোলনের জন্য প্রয়োজনীয় ১৫ একর জনি ওএনজিসিকে দিয়েছে রাজ্য। এই প্রকল্পের স্বার্থে 'পেট্রেলিয়াম মাইনিং লিজ' দেওয়া হয়েছে ওএনজিসিকে। মুখ্যমন্ত্রী আধিকারিকদের মনে করিয়ে দিয়েছিলেন যে এই নিয়ে বহুদিন ধরে রাজ্য কেন্দ্র টানাপোড়েন চলছিল। এবারে তার অবসান হতে চলেছে। এবারে রাজ্যের লগ্নির অঙ্ক ৪ লক্ষ ৪০ হাজার ৫৯৫ কোটি টাকা (২০২৩ সালে বিজিবিএস -এর অঙ্ক ছিল ৩.৭৬ লক্ষ কোটি। মুখ্যমন্ত্রী বলেছেন যে গত সাতটি সম্মেলনে ১৯.৫১ লক্ষ কোটি টাকার লগ্নি প্রস্তাবের মধ্যে ১৩ লক্ষ কোটি লগ্নি কার্যকর হয়েছে ইতিমধ্যে। বাকি ছয় লক্ষ কোটি টাকার লগ্নি কার্যকর হওয়ার দিকে এগিয়ে চলেছে রাজ্য। শিল্প উৎপাদন ক্ষেত্রে সাতটি মউ চুক্তি হয়েছে। সাতটি বস্ত্রশিল্প কারখানা তৈরি প্রস্তাব এসেছে। সেখানে ১৫ হাজার কর্মসংস্থান এবং ৩৪০০ কোটি টাকার বিনিয়োগ প্রস্তাব পেয়েছে সেই শিল্পক্ষেত্র।

দুই দিনের বাণিজ্য সম্মেলনকে কয়েকটি দিক দিয়ে তাৎপর্য বলে মনে হয়েছে। প্রথমে দেখতে পাওয়া গেল জাতীয় স্তরে বাণিজ্য প্রকল্পের জটগুলিকে কাটিয়ে ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করার দিকে মনোসংযোগ বেশি করে দেওয়া হয়েছে। দ্বিতীয়ত অতীতকে ভুলে গিয়ে টাটাদের সঙ্গে সম্পর্কে প্রবলতর গাঢ় করার দিকে পদক্ষেপ নেওয়া হয়েছে। টাটার কর্ণধার চন্দ্রশেখরনের সঙ্গে ফোনে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কথা বলেছেন। কলকাতা থেকে ইউরোপ সরাসরি বিমান যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার দিকে আগ্রহ প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী। এয়ার ইণ্ডিয়া এখন টাটাদের হাতে রয়েছে। সরকারি সূত্র থেকে বলা হয়েছে এ ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছেন টাটার কর্ণধার চন্দ্রশেখরন। বাণিজ্য বিশেষজ্ঞরা মনে করছেন রতন টাটা প্রয়াত। তাই টাটারা আবার নতুন করে সম্পর্ক বাংলার সঙ্গে তৈরি করতে মঞ্চ প্রস্তুত করতে চায়। তৃতীয়ত শিল্পপতিদের বিনিয়োগ করা আহ্বান শিল্প মানচিত্রে বাংলাকে স্থান দেওয়া। বাংলার সংস্কৃতি শিল্প সম্ভাবনাকে একেবারে এড়িয়ে চলছে না শিল্পপতিরা। তারাও বাংলার সংস্কৃতিকে শিল্পে রূপায়িত করতে আগ্রহ প্রকাশ করেছে। কেন্দ্রীয় সরকার বিনোদনকে শিল্প গড়ার লক্ষ্য নিয়ে ভাবনা চিন্তা করতে শুরু করেছে। বাংলা এবারে তার থেকে পিছিয়ে নেই। বাংলার সংস্কৃতিকে নিয়ে যদি শিল্প গড়ে তোলা সম্ভব হয় সরকার তাতে যথেষ্ট আগ্রহী। বিশ্ব বাণিজ্য মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী ঘোষণা দিয়েছিলেন যে ডেউচা-পাঁচামির কাজ শুরু হবে। এবারের সম্মেলনে মোট লগ্নির প্রস্তাব এসেছে ৪ লক্ষ ৪০ হাজার ৫৯৫ কোটি টাকার। স্বাস্থ্য খাতে ৯,৩৮৬ কোটি টাকা, সার্জিক্যাল পণ্যের পরিকাঠামো নির্মাণে ১০০০ কোটি টাকা। বস্ত্র ক্ষেত্রে ৩৬০০ কোটি টাকার প্রস্তাব। উৎপাদন ক্ষেত্রে প্রস্তাব ১৩ হাজার কোটি টাকা লগ্নি। ১৫ হাজারের বেশি কর্মসংস্থান। খড়গপুরের বিড়লা ওপাসের ১৬০০ কোটি টাকার রং তৈরির কারখানা। মহিষবাথনে ২৫০ কোটি লগ্নি করে পলিমার পার্ক। আউশ গ্রামে ১৯০ কোটি টাকার ইথানাল প্ল্যান্ট। ৫০ কোটির ম্যালকম ইন্ডাস্ট্রি। সাতটি বস্ত্র শিল্পের কারখানা। অম্বানী ও জিন্দালের ঘোষণার বাইরেও তাদের গোষ্ঠী লগ্নি করবে।

ছবি ঃ সৌরভ দত্ত

পৃথিবীটাকে সুন্দর করে তোলার দায়িত্ব সবাই যদি গ্রহণ করে তাহলে সৌন্দর্য লাভ করা সম্ভব

বিশেষ প্রতিবেদক

কলকাতার প্রিন্স আনোয়ার শাহ রোডে বেশ কয়েকটা ছোট রাস্তা আছে, সেখানে সব বনেদী

পরিবারের বাস। তার একপাশে রাস্তার ধারে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের বিরাট পার্ক সমেত মাঠ। মাঠের পাশ দিয়ে গেছে রাস্তা, রাস্তার ঠিক ধারেই পূর্ব দিকে রয়েছে একটা সাবেকি ঘরানার বাড়ি, সান্যাল বাড়ি । সামনেই রয়েছে সান্যাল বাড়ির সিংহ দুয়ার, সেখান দিয়ে ঢুকেই দুপাশে লাগানো দুটো সোনাঝুরি গাছ, তাতে শোভা পায় হলুদ রঙের সোনাঝুরি ফুল, যখন ফুল ফোটে তখন বেশ লাগে দেখতে বাড়ি টাকে। বাড়ির সামনে বেশ অনেক টা জায়গা নিয়ে রয়েছে মোজাইক করা বাঁধানো উঠান, তারপর তিন দিক থেকে ঘিরে রয়েছে দ্বি তল বাড়িগ্ধ। খিড়কির জানালা আর বাইরের দেওয়ালের রং এখন জৌলুসহীন হয়ে পড়েছে। তবে এখন প্রফেশনাল ফটোগ্রাফির যুগে অনেকেই আসে বনেদি বাড়ির ফটো হিসেবে সান্যাল বাড়ির ফটো তুলতে। বেশ কয়েক প্রজন্ম রমরম করে কাটলেও বর্তমান প্রজন্মের মালিক বিশ্বজিৎ সান্যাল বছর পাঁচেক আগে মারা যাওয়ার পর থেকেই বিরাট জায়গা নিয়ে গড়ে ওঠা বাড়িটা নিষ্প্রাণ হয়ে গেছে। বিশ্বজিৎ সান্যাল এবং ওনার স্ত্রী বিমলা সান্যালের দুই সন্তান - মহেশ্বরী সান্যাল আর রিতম সান্যাল। রিতম একজন আর্কিটেকচার, ওর বৌ ঋতাভরী সান্যাল সিভিল ইঞ্জিনিয়ার। বিয়ের পর মা আর বোনকে বাড়িতে একা রেখে বৌকে নিয়ে নিউটাউনের ফ্লাটে গিয়ে থাকতে শুরু করে রিতম। বিমলা দেবী অবাক হয়ে গেছিলেন ছেলের সিদ্ধান্ত দেখে। মেয়ে মহেশ্বরী এম এ পড়ার সাথে সাথে টিউশন করতো। বিশ্বজিৎবাবু মারা যাবার দু বছর পর রিতম বিয়ে করে আলাদা থাকে, সেই থেকে মা মেয়ের সংসারের দায়িত্ব মহেশ্বরীর। শুরু হয় ওর টিকে থাকার লড়াই। সান্যাল বাড়ির সিংহ দুয়ারের পাশেই ছিল রিতমের তৈরি করা গ্যারেজ, রিতম ফ্লাটে শিফটধ করার পর আর ওটা ফাঁকাই পড়ে থাকে। তাই সেটাকেই নিজের হাতে করে সাজিয়ে নিয়ে একটা ছোট ক্যাফে তে রূপান্তরিত করে মহেশ্বরী । যদিও কাস্টমারের বসার কোনো ব্যবস্থা নেই। তবে মহেশ্বরীর হাতের রান্নার জাদুতে কাস্টমারের কোনো অভাব নেই ।ওর ক্যাফে 'টিফিন বক্স' এর নাম এখন পুরো গড়িয়াহাটবাসী জেনে গেছে। মহেশ্বরী ভোরে উঠেই আগে রুটি ঘুগনি রেডি করে ফেলে নিজের ক্যাফে ' টিফিন বক্স ' এর জন্য। তারপর রিভু নামে একটা পাড়ার ছেলে এসে 'টিফিন বক্স ' এর বাইরের ঝাঁপ খুলতেই একের পর এক লোক এসে ভিড় করে চা খাবার জন্য। বিভিন্ন ধরনের চা এই টিফিন বক্সও পাওয়া যায়। মহেশ্বরীর হাতের মশালা চা নিয়ে যায় গড়িয়াহাট থানার লোক এসে। ঠিক সকাল সাতটা থেকে আটটা অবধি চা থাকে, আটটা পাঁচ থেকে নটা দশ অবধি ব্রেকফাস্ট টাইম, তখন পাওয়া যাবে রুটি ঘুগনি ডিমের পোচ। নটা পনেরোতে রিভু আবার ঝাঁপ বন্ধ করে দেয়, ঝুমা নামের একটি মেয়ে এসে বাসন পত্র মেজে, রেস্টুরেন্ট টা ধুয়ে মুছে ঝকঝকে তকতকে করে সান্যাল বাড়ির অন্দরের কাজ করতে যায়। সেসময় মহেশ্বরী স্নান সেরে ভাত আর মাছের ঝোল রান্না করে মায়ের জন্য গুছিয়ে রেখে বেরিয়ে যায় কিন্ডারগার্টেন স্কুলে, ওখানে ও চাকরি করে। মাইনে সাড়ে পাঁচ হাজার টাকা হলেও ওখানে বাচ্চাগুলোর টানে ওর যাওয়া। নাহলে নিজের ক্যাফেতে লাঞ্চের খাবার বানালে আরো বেশি টাকা রোজগার করতেই পারতো। কিন্তু টাকার থেকেও বেশি বাচ্চা গুলোর আধো আধো বুলি মহেশ্বরীর খুব প্রিয়। স্কুল থেকে ফিরে আবার ক্যাফেতে স্ন্যাকস এর জন্য ইডলি, ধোসা, মোমো বানায়, সাথে চা কফি তো আছেই। রিভু ঠিক পাঁচটা নাগাদ এসে ঝাঁপ খুলতেই দোকানে ভিড় হয়ে যায় ।সাতটা অবধি স্যাক্স পর্ব মিটলেই আবার ডিনারের খাবারে রুটি পনীর-সবজির তরকারি, তড়কা বানানো। ঠিক রাত দশটা অবধি ই খোলা থাকে 'টিফিন বক্স' রিভু ঝাঁপ নামিয়ে বাড়ি চলে যায়। ঝুমা আবার বাসন মেজে, ক্যাফের ভেতরে ধোয়া মোছা করে খেতে যায়, ততোক্ষণ অবধি খাবার নিয়ে ওর জন্য ওয়েট করে মহেশ্বরী। ঝুমা এলে ওরা একসাথে মিলে রাতের খাবার খেয়ে ঝুমা বাড়ি যায়।

সান্যাল বাড়ির আরো চারটে বাড়ির পরেই আছে গাঙ্গুলি বাড়ি, নতুন ঝাঁ চকচকে রিনোভেট করা, ওখানে থাকেন শুভঙ্কর গাঙ্গুলি, তার স্ত্রী শ্যামলী গাঙ্গুলি। ওনাদের ছেলে দুর্নিবার গাঙ্গুলি এবং মেয়ে তিতির গাঙ্গুলি। ছেলে ডাক্তারি পরে এমডি করতে বিদেশে গেছে, আর এক সপ্তাহ বাদেই ফিরবে পড়াশোনা কমপ্লিট করে। আর তিতির এখন মাস কমিউনিকেশন নিয়ে বিএ লাস্ট ইয়ারে পড়ছে।

বিশ্বজিৎ এবং শুভঙ্কর বাবু দুই বন্ধু, ওনারা দুজনেই ট্যাক্স ডিপার্টমেন্টে চাকরি করেছেন, ওনাদের বিয়ের পর বিমলা দেবী এবং শ্যামলী দেবীর মধ্যে ও সখ্যতা তৈরি হয়। দুই পরিবারের মধ্যে বন্ধুত্ব গড়ে ওঠে। এরপর সময় যত এগিয়েছে ততোই ঘনিষ্ঠ হয়েছে সেই সম্পর্কের বাঁধন। রিতম আর দুর্নিবারের জন্ম এক বছরেই, ওদের মধ্যে ও বন্ধুত্বের সূত্রপাত হয়। মহেশ্বরী রিতমের থেকে বছর সাড়ে তিনেকের ছোট। সব শেষে হয় তিতির, দুই বাড়ির সদস্য দের খুব প্রিয় তাই তিতির। তিতিরের সব থেকে কাছের মানুষ হচ্ছে মহেশ্বরী, ওর দিদিয়া। সবটাই চলছিল ঠিকঠাক, দুই বাড়ি একে অপরের সুখ দুঃখ, হাসি কান্না সবেতেই থাকতো। সেভাবেই শ্যামলী দেবী বিমলা থাকে।

সংসদে বয়স্ক অসহায়দের পাশে জয়া বচ্চন ছিলেন

শঙ্করলাল কর্মকার

শ্রীমতি জয়া বচ্চন, মাননীয়া সংসদ সদস্য, সংসদে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করেছেন, যার জন্য আমরা তাঁকে তাঁর বক্তব্যের জন্য স্যালুট জানাই। তাঁর বক্তব্য নিম্নরূপ ঃ বয়স্ক নাগরিকদের হত্যা করুন। সরকার ৬৫ বছরের পর সমস্ত বয়স্ক নাগরিককে হত্যা করা উচিত, কারণ সরকার এই জাতি নির্মাতাদের প্রতি কোনো মনোযোগ দিতে প্রস্তুত নয়। ভারতে বয়স্ক নাগরিক হওয়া কি অপরাধ ?

ভারতের বয়স্ক নাগরিকরা ৭০ বছরের পর মেডিক্যাল ইন্স্যুরেন্স পেতে অযোগ্য, তারা ইএমআইতে ঋণ পায় না। তাদের ড্রাইভিং লাইসেন্স দেওয়া হয় না। তাদের কোনো কাজ দেওয়া হয় না, ফলে তারা জীবিকার জন্য অন্যের উপর নির্ভরশীল। তারা অবসর গ্রহণের বয়স অর্থাৎ ৬০-৬৫ বছর পর্যন্ত সমস্ত কর ও ইন্স্যুরেন্স প্রিমিয়াম পরিশোধ করেছে। এখন বয়স্ক নাগরিক হওয়ার পরও, তাদের সমস্ত কর পরিশোধ করতে হয়। ভারতে বয়স্ক নাগরিকদের জন্য কোনো প্রকল্প নেই। রেল ও বিমান ভ্রমণে ৫০ ছাড়ও বন্ধ করা হয়েছে।

অন্যদিকে, রাজনীতিতে বয়স্ক নাগরিকরা যেমন এমএলএ, এমপি বা মন্ত্রী, তাদের সমস্ত সুবিধা দেওয়া হয় এবং তারা পেনশনও পায়। আমি বুঝতে পারি না কেন অন্য সকলকে (কিছু সরকারি কর্মচারী ছাড়া) একই সুবিধা থেকে বঞ্চিত করা হয়। ভাবুন, যদি সন্তানরা তাদের যত্ন না নেয়, তবে তারা কোথায় যাবে ? যদি দেশের বয়স্করা নির্বাচনে সরকারের বিরুদ্ধে যান, তবে এর প্রভাব নির্বাচনী ফলাফলে পড়বে। সরকারকে এর পরিণতি ভোগ করতে হবে। বয়স্কদের কাছে সরকার পরিবর্তন করার ক্ষমতা আছে, তাদের উপেক্ষা করবেন না। তাদের অভিজ্ঞতা আছে যা জীবনভর অর্জিত। তাদের দুর্বল মনে করবেন না ! বয়স্কদের জন্য অনেক প্রকল্প প্রয়োজন। সরকার অনেক টাকা কল্যাণমূলক প্রকল্পে ব্যয় করে, কিন্তু বয়স্কদের কথা ভাবে না। উল্টো দিকে, ব্যাংকের সুদের হার কমানোর ফলে বয়স্কদের আয় কমে যাচ্ছে। যারা সামান্য পেনশন পায় পরিবারের খরচ চালানোর জন্য, তাও আয়করের আওতাভুক্ত। তাই বয়স্কদের কিছু সুবিধার জন্য বিবেচনা করা উচিত ঃ

(১) সমস্ত ৬০ বছরের বেশি বয়স্ক নাগরিকদের পেনশন দেওয়া উচিত। (২) সকলকে তাদের মর্যাদা অনুযায়ী পেনশন দেওয়া উচিত। (৩) রেল, বাস এবং বিমান ভ্রমণে ছাড়। (৪) শেষ নিঃশ্বাস পর্যন্ত বীমা বাধ্যতামূলক হওয়া উচিত এবং প্রিমিয়াম সরকারকে প্রদান করতে হবে। (৫) বয়স্ক নাগরিকদের মামলাগুলি অগ্রাধিকারের ভিত্তিতে দ্রুত নিষ্পত্তি করা উচিত। (৬) প্রতিটি শহরে সমস্ত সুবিধাযুক্ত বয়স্কদের জন্য আবাসস্থল থাকা উচিত। (৭) ১০-১৫ বছরের পুরোনো গাড়ি বাতিলের নিয়ম সংশোধন করা উচিত। এই নিয়ম শুধুমাত্র বাণিজ্যিক যানবাহনের জন্য প্রযোজ্য হওয়া উচিত। আমাদের গাড়ি ঋণে কেনা হয় এবং ১০ বছরে মাত্র ৪০-৫০ হাজার কিলোমিটার চালানো হয়। আমাদের গাড়ি নতুনের মতো ভালো। যদি আমাদের গাড়ি বাতিল করা হয়, তবে আমাদের নতুন গাড়ি দেওয়া উচিত। আমি সকল বয়স্ক নাগরিক এবং যুব সম্প্রদায়কে অনুরোধ করছি এটি সমস্ত সামাজিক মাধ্যমে শেয়ার করতে।

কুম্ভে বাঁশের মঞ্চ দেখে খুশি নয় পুলিশ, প্রয়াগ থেকে শিক্ষা নিয়ে এবার নয়া ব্যবস্থা

দুরন্ত বার্তা, ত্রিবেণী, ৭ ফেব্রুয়ারিঃ কুম্ভমেলার মূল মঞ্চ দেখে খুশি নন পুলিশ সুপার। বাঁশের খুঁটি নয় শাল ও বল্লা দিয়ে মঞ্চ তৈরি করার নির্দেশ দেওয়া হল। 'ফিট সার্টিফিকেট' পাওয়ার পরই মঞ্চ ব্যবহারের অনুমতি দেওয়া হবে বলে জানিয়েছে পুলিশ। প্রয়াগরাজের মহাকুম্ভ থেকে একের পর এক দুর্ঘটনার খবর সামনে এসেছে। তারপর আর কোনও ঝুঁকি নিতে চাইছে না প্রশাসন। ত্রিবেণী কুম্ভমেলায় এবার বাড়তি সতর্কতা নিচ্ছে প্রশাসন। শুক্রবার হুগলি গ্রামীণের পুলিশ সুপার কামনাশিস সেন কুম্ভমেলার ঘাট ও মাঠ পরিদর্শন করেন। এদিন মেলা কমিটির উদ্যোক্তাদের সঙ্গে কথা বলেন তিনি। সপ্তর্ষি ঘাটের বিপরীতে শিবপুর ফুটবল মাঠে তৈরি হয়েছে কুম্ভের মূল মঞ্চ। সাধুদের আখড়া তৈরি হবে ওই মাঠেই। প্রচুর পুণ্যার্থীর ভিড় জমবে। সেই জায়গায় যাতে কোনও অপ্রীতিকর ঘটনা না ঘটে, তার জন্য পুলিশ সুপার চাইছেন পোক্ত করা হোক মঞ্চ। সেখানে দেখা যায় কাঠের পাটা দিয়ে বাঁশের খুঁটিতে মঞ্চ তৈরি করা হচ্ছে, যা খুব একটা শক্তপোক্ত নয়। এরপরই নির্দেশ দেওয়া হয়, শাল-বল্লার খুঁটি দিয়ে ভাল করে মঞ্চ তৈরি করতে হবে। পুলিশ সুপার জানিয়েছেন, এলাকার সাধারণ মানুষের যাতে কোনও অসুবিধা না হয়, তা দেখবে প্রশাসন। যারা কুম্ভমেলায় যোগ দিতে যাবেন তাঁরা যাতে কোনও সমস্যায় না পড়েন, সেটাও দেখা হবে। এছাড়া পুলিশ সুপার জানিয়েছেন, অ্যাম্বুলেন্সের মত জরুরি গাড়ি চলার জন্য রাস্তা ছাড়া থাকবে, মাধ্যমিক পরীক্ষার্থীদের যাতে অসুবিধা না হয়, সেদিকেও খেয়াল রাখা হবে।

বড়ঞার বাম কংগ্রেস শিবিরে ভাঙ্গন

দুরন্ত বার্তা, বড়ঞা, ৭ ফেব্রুয়ারি ঃ আরএসপির পঞ্চায়েত প্রধান সহ কংগ্রেসের তিন সদস্য যোগদান করলো তৃণমূলে। ফলে বড়ঞার পাঁচথুপি পঞ্চায়েত তৃণমূল কংগ্রেসের নিয়ন্ত্রণে এল। যদিও যোগদান নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তর্জা। বৃহস্পতিবার বিকেলে নাগাদ মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমার বড়ঞা ব্লক দক্ষিণ চক্রের পক্ষ থেকে ডাকবাংলা এলাকায় তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয়ে জেলা তৃণমূল কংগ্রেসের নির্দেশে ও বড়ঞার তৃণমূল নেতা মাহে আলমের ডাকে আয়োজন করা হয়েছিল এই যোগদান সভার। উল্লেখ্য পঞ্চায়েত নির্বাচনে মুর্শিদাবাদ জেলার বড়ঞা ব্লক দক্ষিণ চক্রের ৬ টি গ্রাম পঞ্চায়েতের মধ্য চারটি গ্রাম পঞ্চায়েত দখল নিয়েছিল ঘাসফুল শিবির বাকি দুটি গ্রাম পঞ্চায়েত ছিল বিরোধী শিবিরে। এবারে চার থেকে বাড়িয়ে পাঁচটি গ্রাম পঞ্চায়েতের দখল পেল রাজ্যের শাসকদল। প্রসঙ্গত, গত নির্বাচনে পাঁচথুপি গ্রাম পঞ্চায়েতের ২৫ টি আসনের মধ্যে তৃণমূল ১০টি আসন পায়। কংগ্রেস আটটি, বিজেপি তিনটি ও সিপিএম- আরএসপি দু'টি করে আসন পেয়েছিল। পঞ্চায়েত বোর্ড গঠনের আগেই কংগ্রেসের দুই সদস্য তৃণমূলে যোগ দিয়েছিলেন। তারপরেও চারুট দল একত্রিত হয়ে বোর্ড গঠন করে। পঞ্চায়েত প্রধান নির্বাচিত হয়েছিলেন আরএসপির কেশবচন্দ্র সাহা। এদিন পঞ্চায়েত প্রধান সহ কংগ্রেসের জাহাঙ্গীর শেখ, কেরিমা বিবি ও আলি মহম্মদ শাসকদলে নাম লেখান। পাঁচথুপি গ্রাম পঞ্চায়েতের বাম কংগ্রেস জোটের জয়ী প্রধান কেশবচন্দ্র সাহা কংগ্রেস দল ত্যাগ করে তৃণমূল কংগ্রেসের দলীয় পতাকা হাতে তুলে নেয .তৃনমূলের জেলা ও ব্লক নেতৃত্বের হাত থেকে। এই যোগদান সভা মঞ্চে উপস্থিত ছিলেন, বড়ঞা ব্লক তৃণমূল কংগ্রেসের উত্তর চক্রের সভাপতি গোলাম মুর্শেদ, কান্দি পঞ্চায়েত সমিতির সভাপতি পার্থপ্রতিম সরকার, কান্দি পৌরসভার পৌরপিতা জয়দেব ঘটক, বড়ঞা ব্লক তৃণমূল কংগ্রেসের সহ-সভাপতি মাহে আলম, ভরতপুর ১ নম্বর ব্লক তৃণমূল সভাপতি নজরুল ইসলা, কান্দি মহকুমা তৃণমূল শিক্ষক সংগঠনের সভাপতি আইনাল হক, কান্দি মহকুমা তৃণমূল কংগ্রেস পর্যবেক্ষক তথা কান্দি শহর তৃণমূলের সভাপতি দেবাশীষ চ্যাটার্জী সহ ব্লক পঞ্চায়েত স্তরের জন প্রতিনিধি ও নেতৃত্বরা। যদিও যোগদান করার পরেই শুরু হয়েছে রাজনৈতিক তর্জা। এই বিষয়ে তৃণমূলে যোগ দিয়ে আরএসপির পঞ্চায়েত প্রধান কেশবচন্দ্র সাহা বলেন, বিরোধী থেকে মানুষের জন্য কাজ করতে অসুবিধা হচ্ছে, তাই মানুষের স্বার্থে মানুষের জন্য কাজ করতে তৃণমূলে যোগদান করেছি। যদিও আরএসপির বড়ঞা ব্লক লোকাল কমিটির সম্পাদক আনন্দ বাগদি বলেন, মানুষ দলের ওপরে আস্থা রেখেই ভোট দিয়েছিল। কিন্তু খুব দু ঃখের বিষয় মানুষের সেই বিশ্বাসকে তারা ভেঙেছে। কেউ দলত্যাগ করতে চাইলে তাঁকে আমাদের ধরে রাখার ক্ষমতা নেই। এটাকে আমাদের দুর্ভাগ্য ছাড়া কিছুই বলা যায় না। যদিও এই বিষয়ে বিস্ফোরক মন্তব্য করেছে কংগ্রেসের বড়ঞা ব্লক সভাপতি আজাদ মল্লিক বলেন, পঞ্চায়েত প্রধান অনিয়ম করে ফেঁসে গিয়েছিলেন। তাই নিজের পিঠ বাঁচাতে সঙ্গীদের নিয়ে শাসকদলে চলে গেলেন।

ভুয়ো আধার কার্ড বানিয়ে একাধিক জেলায় কাজ, গ্রেফতার বাংলাদেশি

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৭ ফেব্রুয়ারিঃ নাম ভাড়িয়ে আধার কার্ড বানিয়ে নিয়ে গত ৯ বছর ধরে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কাজ করছিলেন বাংলাদেশের পঞ্চগড় জেলার বাসিন্দা মঞ্জু কুমার রায়। গোপন খবরে অভিযান চালিয়ে অভিযুক্তকে গ্রেফতার করল পুলিশ। জানা গিয়েছে,

২০১৬ সালে রাজগঞ্জ ব্লকের সীমান্ত এলাকার নদী পেরিয়ে ভারতে অনুপ্রবেশ করে অভিযুক্ত। এরপর কলকাতা চলে যায়। সেখানেই কাজকর্ম করতেন। এরপর তিনি চলে আসেন রাজগঞ্জ ব্লকের ফাড়াবাড়ি এলাকায়। সেখানে এক হোটেলে কাজ করতেন। এর মধ্যে তিনি মঞ্জুকুমার রায় নামে ভুয়ো আধার কার্ড বানিয়ে ফেলেন। বৃহস্পতিবার ভোরের আলো থানার আইসি সন্দীপ দত্তর কাছে একটি গোপন সূত্রে খবর আসে। সঙ্গে সঙ্গে অভিযান চালিয়ে অভিযুক্তকে গ্রেফতার করা হয়। এরপর তাকে আজ জলপাইগুড়ি জেলা আদালতে পাঠিয়ে হেফাজতে নেওয়ার আবেদন জানায় পুলিশ। ঘটনায় জলপাইগুড়ি জেলা আদালতের সহকারি সরকারি আইনজীবী মৃন্ময় বন্দ্যোপাধ্যায় বলেন বেআইনি অনুপ্রবেশের অভিযোগে গ্রেফতার করা হয়েছে। তিনি দীর্ঘদিন ধরে অবৈধ ভাবে ভারতে আছেন। ধৃতের কাছে ভুয়ো আধার কার্ডের পাশাপাশি কিছু বাংলাদেশের নথি উদ্ধার হয়েছে। কীভাবে ভারতে এলেন, তদন্ত করে দেখা যাচ্ছে। কোথায় কোথায় ছিলেন। কীভাবে আধার কার্ড পেলেন তা জানতে পুলিশ ১৪ দিনের জন্য হেফাজতে নেওয়ার আবেদন করেছিল। আদালত ১০ দিনের জন্য পুলিশ হেফাজত মঞ্জুর করেছে।

রাতের ফাঁকা ট্রেনে আক্রান্ত প্রধান শিক্ষক, কেড়ে নেওয়া হল ফোন

দুরন্ত বার্তা, পূর্ব মেদিনীপুর, ৭ ফেব্রুয়ারিঃ রাতের ট্রেনে আক্রান্ত প্রধান শিক্ষক। আক্রান্ত পূর্ব মেদিনীপুরের ময়নার চংরাচক জগদীশ স্মৃতি বিদ্যাপীঠের বাংলা বিষয়ের শিক্ষক নন্দ মুর্মু। জানা যাচ্ছে, বৃহস্পতিবার রাত সাড়ে দশটা নাগাদ লোকালে বাড়ি ফিরছিলেন তিনি। সে সময়ে তাঁর অভিযোগ দুষ্কৃতীরা হামলা চালায় বলে অভিযোগ। তাঁর ফোনও কেড়ে নেওয়ার চেষ্টা হয়। জানা গিয়েছে, ওই শিক্ষকের সাঁতরাগাছি স্টেশনের নামার কথা ছিল। কিন্তু চলন্ত ট্রেন থেকে তাঁকে নামতে দেওয়া হয়নি বলেও অভিযোগ। দুষ্কৃতীদের মারে মাথায় গুরুতর চোট পান ওই শিক্ষক। তাঁকে প্রচুর মারধর করা হয়েছে। ওই শিক্ষক বর্তমানে তিনি উলুবেড়িয়া হাসপাতালে ভর্তি রয়েছেন। ওই শিক্ষক জানাচ্ছেন, মাঝের একটি স্টেশন থেকে ওই দুষ্কৃতীরা ট্রেনে ওঠে। ট্রেন ফাঁকাই ছিল। অতর্কিতে হামলা চালায় তারা। শিক্ষকের গন্তব্য স্টেশন সাঁতরাগাছি হলেও তাঁকে সেই স্টেশনে নামতে দেওয়া হয়নি বলে অভিযোগ। পরে তিনি উলুবেড়িয়া স্টেশনে নামেন। মাথায় গুরুতর চোট নিয়ে রাত ১২টা ৩০মিনিট নাগাদ বাড়ি ফেরেন। অন্য যাত্রীরা ভয়ে কিছু বলেননি বলে। বিষয়টি পুলিশকে জানিয়েছেন তিনি।

আমমোক্তারনামা

মহঃ মেহেবুব সেখ, পিতা- তোফাজুল সেখ, সাং- তেঘরী আহম্মদপুর, পোঃ- রাজপুত তেঘরী, থানা- রঘুনাথগঞ্জ, জেলা- মুর্শিদাবাদ, জঙ্গীপুর A.D.S.R. অফিসে রেজিষ্ট্রীকৃত গত ইং ২০২৩ সালে Book-1, 13620 নং আমমোক্তার দলিল মূলে পুতুল ঘোষ আমাকে আমমোক্তার নিযুক্ত করেন।

উক্ত আমমোক্তার অনুযায়ী রঘুনাথগঞ্জ থানার ১১৭ নং নিস্তা মৌজাস্থিত এল. আর. ৭১৬ নং দাগের এল, আর, ২৩৬ নং খতিয়ানের মোট ৬.৬৭ শতক সম্পত্তি হইতেছে।

উক্ত সম্পত্তি রেকর্ড হলে বা কোন Dispute থাকলে বিজ্ঞাপন প্রকাশ হওয়ার পরবর্তীতে ৩০ দিনের মধ্যে B.L. & L.R.O. RAGHUNATHGANJ-I অফিসে যোগাযোগ করিবেন।

আমমোক্তারনামা

১) আজির সেখ, পিতা- আব্দুল হাকিম, সাং- ও পোঃ- ঘোড়শালা, ২) মুকুল সেখ, পিতা- মৃত আব্দুল রসিদ বিশ্বাস, সাং- তালাই, পোঃ- জরুর, উভয়ের থানা- রঘুনাথগঞ্জ, জঙ্গীপুর A.D.S.R. অফিসে রেজিষ্ট্রীকৃত গত ইং ২০২৩ সালে Book-I, 17174 নং ও Book-I, 18431, ভিন্ন ভিন্ন দুই খন্ড আমমোক্তার দলিল মূলে ১) শেফালী খাতুন, ২) আব্দুল সাত্তার, ৩) সামসুন্নেহার বেওয়া, ৪) সুফিয়ারাস ৫) আমিনা খাতুন আমাকে আমমোক্তার নিযুক্ত করেন।

উক্ত আমমোক্তার অনুযায়ী রঘুনাথগঞ্জ থানার ১৩৩ নং বিজয়পুর মৌজাস্থিত এল. আর. ২৫৯৬ নং দাগের এল, আর. ২৬৯০, ৫৭৯২, ৫৭৯৩, ৫৭৯৪, ৫৭৯৫ নং খতিয়ানের মোট ৫৯ শতক সম্পত্তি হইতেছে।

উক্ত সম্পত্তি রেকর্ড হলে বা কোন Dispute থাকলে বিজ্ঞাপন প্রকাশ হওয়ার পরবর্তীতে ৩০ দিনের মধ্যে B.L.& L.R.O. Raghunathganj-I অফিসে যোগাযোগ করিবেন। অন্যথায় পরবর্তীতে কোন অভিযোগ গ্রাহ্য হইবে না।

আমমোক্তারনামা

১) আকাশ সরখেল, পিতা- মৃত অশোক সরখেল, সাং- লীনরতন কলোনী, পোঃ- ও থানা-রঘুনাথগঞ্জ, ২) জাকির হোসেন, পিতা- মৃত হজরত বেলাল হোসেন, সাং- মঙ্গলজন, পোঃ- ঘোড়শালা, থানা- রঘুনাথগঞ্জ, জেলা- মুর্শিদাবাদ, জঙ্গীপুর A.D.S.R. অফিসে রেজিষ্ট্রীকৃত গত ইং ২০২৪ সালে Book-1, 3518 নং ও গত ইং ২০২৩ সালে Book-1, 16457 নং আমমোক্তার দলিল মূলে ১) সেরাজ সেখ, ২) মোঃ হাসানুজ্জামান সেখ, ৩) আবুল হোসেন সেখ, ৪) ফিরোজা বিবি বেগম আমাকে আমমোক্তার নিযুক্ত করেন।

উক্ত আমমোক্তার অনুযায়ী রঘুনাথগঞ্জ থানার ৯৮ নং ঘো।শালা মৌজাস্থিত এল, আর, ২৪৫ নং দাগের এল, আর, ১০৭৭৮, ১০৭৭৯ নং খতিয়ানের মোট ১১২.৫০ শতক সম্পত্তি হইতেছে।

উক্ত সম্পত্তি রেকর্ড হলে বা কোন Dispute থাকলে বিজ্ঞাপন প্রকাশ হওয়ার পরবর্তীতে ৩০ দিনের মধ্যে B.L.& L.R.O. Raghunathganj-1 অফিসে যোগাযোগ করিবেন।

আমমোক্তারনামা

সাহেব মন্ডল, পিতা- ধানু মন্ডল, সাং- সিমলা, পোঃ- বাড়ালা, থানা- রঘুনাথগঞ্জ, জেলা- মুর্শিদাবাদ, জঙ্গীপুর A.D.S.R. অফিসে রেজিষ্ট্রীকৃত গত ইং ২০২৩ সালে Book-I, 6764 নং আমমোক্তার দলিল মূলে ১) সহবুল হক, ২) আনসেরা বিবি, ৩) সমীর ঘোষ আমাকে আমমোক্তার নিযুক্ত করেন।

উক্ত আমমোক্তার অনুযায়ী রঘুনাথগঞ্জ থানার ১১৭ নং নিস্তা মৌজাস্থিত এল. আর. ৭১১, ৭১৩, ৭১৬, নং দাগের এল. আর. ২৩৭৪, ২৩৬৬, ৩১৪৯, ৩১৫০ নং খতিয়ানের মোট ৫৬.৬৫৪ শতক সম্পত্তি হইতেছে।

উক্ত সম্পত্তি রেকর্ড হলে বা কোন Dispute থাকলে বিজ্ঞাপন প্রকাশ হওয়ার পরবর্তীতে ৩০ দিনের মধ্যে B.L.& L.R.O. Raghunathganj-1 অফিসে যোগাযোগ করিবেন।

আমমোক্তারনামা

আনারুল সেখ, পিতা- হোসেন সেখ, সাং- জয়রামপুর, পোঃ জঙ্গীপুর, থানা- রঘুনাথগঞ্জ, জেলা-মুর্শিদাবাদ, জঙ্গীপুর A.D.S.R. অফিসে রেজিষ্ট্রীকৃত গত ইং ২০২৩ সালে Book-1 10614 নং আমমোক্তার দলিল মূলে ১) আনন্দময় দাস, ২) গৌরা সরকার, ৩) আরতী সরকার, ৪) রেখা দাস, ৫) সুলেখা দাস, ৬) লতিকা দাস, ৭) চাইনা দাস, ৮) বুদ্ধদেব দাস, ৯) সাধন দাস, ১০) প্রনতি দাস, ১১) মিরা দাস, ১২) দিপতি দাস, ১৩) মির্জন দাস, ১৪) টুকুরানী দাস আমাকে আমমোক্তার নিযুক্ত করেন।

উক্ত আমমোক্তার অনুযায়ী রঘুনাথগঞ্জ থানার ১২৩ নং সেলালপুর মৌজাস্থিত এল, আর, ৩১১, ৪০০ নং দাগের এল, আর, ৩২০ নং খতিয়ানের মোট ১২.২৩ শতক ও ১২৪ নং প্রসাদপুর মৌজাস্থিত এল. আর, ৮৯ নং দাগের এল. আর. ৫৭৯ নং খতিয়ানের মোট ২.৬০ শতক সম্পত্তি হইতেছে।

E-Tender is invited by the Pradhan, Kalatalahat Gram Panchayat from resourceful, experienced contractors/agencies for **(1) NIeT No. 12/Tied 15th FC(2024-25) 1st Inst. vide Memo No. 92/KHGP/24-25, Date: 04.02.2025 for 4(Four)Nos. works, (2) 13/Tied 15th FC (2024-25) 1st Inst. vide Memo No. 93/KHGP/24-25, Date: 04.02.2025 for 5(Five)Nos. works.** Bid submission (online) from **07/02/2025, 18.00 Hrs. up to 13/02/2025 14.00 Hrs.** Bid opening date (Online) **15/02/2025 at 14.00 Hrs**. For details. Please visit website **https://wbtenders.gov.in** or may visit office of the undersigned.

**Sd/- Pradhan
Kalatalahat Gram Panchayat**

**Office of the
Onda-II Gram Panchayat
Patrahati, Makarkole, Onda, Bankura
Notice inviting e-Tender No-1) NIeT-16/2024-25
(Tender ID- 2025_ZPHD_812060)**

Pradhan, Onda-II invites percentage rate e-Tender for 3 no (Three) works. Last date of documents download & bid submission is 14 th Feb 2025 at 6:30 p.m. For details please visit website: **www.wbtenders.gov.in**

**Sd/- Pradhan
Onda-II Gram Panchayat**

**ILLAMBAZAR GRAM PANCHAYAT
ILLAMBAZAR, BIRBHUM
under Illambazar Panchayat Samity
e-Tender Notice**

Prodhan, Illambazar Gram Panchayet, Birbhum, West Bengal invites **e-NIT No- 15, 16, 19, 20/IGP/2024-25 dt 06.02.2025** and **Tender ID:- 2025_ZPHD_795371(2nd Call), 795375(2nd Call), 811943, 811944** for **Six** Nos work. Works details will be available in the website: **wbtenders.gov.in**

**Sd/-Prodhan
Illambazar Gram Panchayet**

SWAMI VIVEKANANDA GRAM PANCHAYAT
VILL. & P. 0.-AKSHAYNAGAR, P.S.-HARWOOD POINT COASTAL
DIST.-SOUTH 24 PARGANAS, PIN-743347

NIT NO. **36 (20)/SVGP/2025** Dated: 5/02/2025 Last date of Submission On or before **17/02/2025 (up-to 1.30 P.M)** Date of Opening - **20/02/2025 (At 2 P.M)** (For viewing Tender:- www.wbtenders.gov.in)
Thanking You

**Pradhan
Swami Vivekanand Gram Panchayat
Akshaynagar, kakdwip, 24Pgs.(s)**

পূর্ব রেলওয়ে

টেন্ডার নং.ঃ ওডি–এফই–এএমসিআর–এইচডব্লুএইচ–২৫, তারিখঃ ০৪.০২.২০২৫। সিনিয়র ডিএমই/এনভায়রনমেন্ট এবং হাউজ কিপিং ম্যানেজার এবং এফআরটি./হাওড়া, পূর্ব রেলওয়ে, হাওড়া, রেলওয়ে স্টেশনের নিকটে ডিআরএম বিল্ডিং, হাওড়া-৭১১১০১ নিম্নলিখিত কাজের জন্য টেন্ডার নংঃ ওডি-এফই-এএমসিআর-এইচডব্লুএইচ-২৫-এর পরিপ্রেক্ষিতে ওপেন ই-টেন্ডার আহ্বান করছেন। বিডদাতারা কেবলমাত্র বন্ধের তারিখ এবং সময় পর্যন্ত তাঁদের অরিজিনাল/সংশোধিত বিড জমা করতে পারবেন। এই টেন্ডারের ক্ষেত্রে ম্যানুয়াল অফার অনুমোদিত নয় এবং এরূপ কোন ম্যানুয়াল অফার গৃহীত হলে তা অগ্রাহ্য করা হবে। **কাজের নামঃ** সম্পূর্ণ হাওড়া ডিভিসনে বিভিন্ন রেলওয়ে স্টেশন এবং এটির ইউনিট অফিস, হেডকোয়ার্টার বিল্ডিং এবং স্টেশনারি লোকেশনে স্থিত ৫/৬ কেজি ডিসিপি কার্ট্রিজ প্রেসারাইজড্ টাইপ, ৬ কেজি স্টোরড্ প্রেসার টাইপ, ৯ এলটিআর. ওয়াটার মিস্ট টাইপ এবং ৪.৫ কেজি CO_2 টাইপ ফায়ার এক্সটিংগুইসার-এর এএমসি। **বিডিং সিস্টেমঃ** সিঙ্গল প্যাকেট। **বিজ্ঞাপিত মূল্যঃ** ৪৪,৯৩,৪৪৭.৩১ টাকা। **বায়না মূল্যঃ** ৮৯,৯০০ টাকা। **টেন্ডার নথিপত্রের মূল্যঃ** ০.০০ টাকা। **সম্পূর্ণ করার সময়সীমাঃ** ২৪ মাস। **প্রস্তাবের বৈধতাঃ** ৬০ দিন। **টেন্ডার আপলোডিংয়ের তারিখ ও সময়ঃ** ০৪.০২.২০২৫ তারিখ বিকেল ০৪.২৭ মিনিট। **বিডিং শুরুর তারিখঃ** ১১.০২.২০২৫। **টেন্ডার বন্ধের তারিখ ও সময়ঃ** ২৫.০২.২০২৫ তারিখ দুপুর ৩টে। বিস্তারিত বিবরণ **www.ireps.gov.in** তে পাওয়া যাবে।

HWH-588/2024-25

পূর্ব রেলওয়ে ওয়েবসাইটঃ www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in – এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway
@easternrailwayheadquarter

আরডিবি রসায়ন লিমিটেড

CIN-L36999WB1995PLC074860
রেজি. অফিসঃ বিকানের বিল্ডিং, ৮ /১, লাল বাজার স্ট্রিট,
রেফারেন্স নং. ০৯, কলকাতা- ৭০০০০১,
ফোন নং. (০৩৩) ৪৪৫০০৫০০, ফ্যাক্স নং. ৯১-৩৩-২২৪২ ০৫৮৮
ইমেলঃ **info@rdbindia.com,** ওয়েবসাইট ঃ **www.rdbgroup.in**

৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে শেষ হওয়া ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য অ-নিরীক্ষিত আর্থিক ফলাফলের একটি উদ্ধৃতি

ক্রম নং	বিবরণ	৩ মাস শেষে ডিসেম্বর ৩১, ২০২৪ (অনিরীক্ষিত)	৩ মাস শেষে ডিসেম্বর ৩১, ২০২৩ (অনিরীক্ষিত)	৯ মাস শেষে ডিসেম্বর ৩১, ২০২৪ (অনিরীক্ষিত)	অর্ধবর্ষ শেষে ডিসেম্বর ৩১, ২০২৩ (অনিরীক্ষিত)	বর্ষ শেষে মার্চ ৩১, ২০২৪ (পরীক্ষিত)
১.	মোট কারবার থেকে আয়	৩,২৩৬.৪০	৩,০২৪.১২	১৩,৫৪৩.২৬	৮,৯২৯.৪০	১২,০৩৭.৮১
২.	সময়ের জন্য নিট লাভ / (ক্ষতি) (করের আগে, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম)	৮০২.৩৭	৮৭৩.২৬	২,৬১১.০৬	২,৪৫৮.৫০	৩,২২৫.১৭
৩.	সময়ের জন্য নিট লাভ / (ক্ষতি) করের পূর্ববর্তী (ব্যতিক্রমী এবং/ অথবা অসাধারণ আইটেমের পরে)	৮০২.৩৭	৮৭৩.২৬	২,৬১১.০৬	২,৪৫৮.৫০	৩,২২৫.১৭
৪.	সময়ের জন্য নিট লাভ / (ক্ষতি) করের পরবর্তী (ব্যতিক্রমী এবং/ অথবা অসাধারণ আইটেমগুলির পরে)	৫৭৪.০৩	৬৫৮.২৯	১,৯১০.৯৩	১,৮৪৪.২৬	২,৪২৩.১২
৫.	সময়কালের জন্য মোট ব্যাপক আয় / (ক্ষতি) [সমকালের জন্য (করের পরে) লাভ/(ক্ষতি) এবং অন্যান্য ব্যাপক আয় (করের পরে) অন্তর্ভুক্ত]	৫৭৪.০৩	৬৫৮.২৯	১,৯১০.৯৩	১,৮৪৪.২৬	২,৪১৪.৯৭
৬.	ইক্যুইটি শেয়ার মূলধন	১,৭৭১.৪৮	১,৭৭১.৪৮	১,৭৭১.৪৮	১,৭৭১.৪৮	১,৭৭১.৪৮
৭.	সংরক্ষিত(পূর্ব বছরের ব্যালেন্সশিটে দেখানো পুনর্মূল্যায়ন সংরক্ষণ বাদে)	--	--	--	--	১৬,৮৭৬.৭৩
৮.	প্রতি শেয়ার আয় (প্রতিটি ১০ /- টাকা)					
	মূল	৩.২৪	৩.৭২	১০.৭৯	১০.৪১	১৩.৬৮
	মিশ্র	৩.২৪	৩.৭২	১০.৭৯	১০.৪১	১৩.৬৮

দ্রষ্টব্য
১. উপরে উল্লিখিত তথ্যটি SEBI (তালিকাভুক্তি এবং অন্যান্য প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান, ২০১৫ এর ৩৩ নং রেগুলেশনের অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি উদ্ধৃতি। ত্রৈমাসিক / বার্ষিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাস BSE লিমিটেডের ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.rdbgroup.in এ পাওয়া যাবে এবং এখানে সংযুক্ত দ্রুত প্রতিক্রিয়া কোডটি স্ক্যান করে
২. উপরোক্ত অনিরীক্ষিত ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং ৭ ফেব্রুয়ারী, ২০২৫ তারিখে অনুষ্ঠিত তাদের সভায় পরিচালনা পর্ষদ দ্বারা অনুমোদিত হয়েছে।

আরডিবি রসায়ন লিমিটেড-এর জন্য
স্বা /-শান্তি লাল বৈদ
ব্যবস্থাপনা পরিচালক
ডিআইএনঃ০০০৫৬৭৭৬

তারিখঃ ০৭.০২.২০২৫
স্থান ঃকলকাতা

জাল নথি-সহ জঙ্গি সন্দেহে গ্রেপ্তার ২ এগরায়

দুরন্ত বার্তা, কাঁথি, ৭ ফেব্রুয়ারি ঃ স্ত্রীর সঙ্গে বিবাদ। দাম্পত্য অশান্তির জল গড়ায় থানায়। আর তাতেই বিপদ। জঙ্গি সন্দেহে পূর্ব মেদিনীপুরের এগরা থেকে গ্রেপ্তার ২ জন। জঙ্গি সন্দেহে পাকড়াও করা হয় তাদের। যদিও যে মহিলা অভিযোগ দায়ের করেন তিনি বর্তমানে ফেরার। এই দুই কী কারণে বাংলাদেশ থেকে ভুয়ো নথিপত্র-সহ বাংলায় আসে, তা খতিয়ে দেখছেন তদন্তকারীরা। ধৃতরা কুরবান মণ্ডল ও ইমরান হোসেন। তারা দুজনে এগরার ১ নম্বর ব্লকের ঋষি বঙ্কিমচন্দ্র গ্রাম পঞ্চায়েতের মির্জাপুর বাজারে থাকত। ওই এলাকার বাসিন্দা সুকুমার মান্নার বাড়ির ভাড়াটিয়া ছিল দুজনে। মাসখানেক ধরে স্ত্রীকে নিয়ে সেখানে থাকত তারা। কুরবান আয়ুর্বেদির ওষুধ বিক্রেতা এবং রাজমিস্ত্রির পরিচয় দিত ইমরান। দিনকয়েক আগে হঠাৎ কুরবানের সঙ্গে স্ত্রী মুক্তা বিবির অশান্তি চরমে পৌঁছায়। মুক্তা এগরা থানার অন্তর্গত নেগুয়া ফাঁড়িতে যান। স্বামীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। অভিযোগ পাওয়ামাত্র সুকুমার মান্নার বাড়িতে পৌঁছায় পুলিশ। তদন্ত করতে গিয়ে চোখ কপালে ওঠে তদন্তকারীদের। তারা দেখেন, ধৃত ইমরান বাংলাদেশের নাগরিক। ওই দুজনে জাল নথিপত্র তৈরি করে। নাম বদলে ইব্রাহিম হোসেন হয় সে। ভুয়ো পরিচয়পত্রে ঠিকানা লেখা উত্তর ২৪ পরগনার কেউটসা বুরুজ গ্রামে। তবে তা সত্ত্বেও কেন এগরায় বসবাস করত ওই দুজনে, তা এখনও স্পষ্ট নয়। নাশকতার ছক কষছিল তারা নাকি অন্য কিছু, তা খতিয়ে দেখা হচ্ছে। বর্তমানে ওই দুই যুবকের স্ত্রী নিখোঁজ। শুক্রবার তাদের কাঁথি মহকুমা আদালতে তোলা হয়।

**NABASTHA-II GRAM PANCHAYAT
PALSIT: BARDHAMAN-II P.S: PURBA BARDHAMAN
Notice Inviting e-Tender (RETENDER)/NIT No. 25/NAB-II/2025, Dated-06/02/2025**

“The Prodhan, NABASTHA-II Gram Panchayat.” Invites e-tender for the work of Construction of Concrete road at 4(Four) different places under 15 th FC. Last date of submission of Bid on **14/02/2025 up to 10.00 Am**. Date of opening of tender (online): **17/02/2025 at 11.00 Am**. For details please visit website **https://wbtender.gov.in**

**Sd/- Prodhan
Nabastha-II Gram Panchayat**

**E-Tender Notice
N.I.T. No-45/BGP/2024-25**

Online bids are invited from bonafide contractors for Listed works under 15th CFC (Tied Fund). Last date of online bid submission-**15/02/2025** up to **14:00 IST**. For details information contact

**Sd/-Prodhan,
Budbud Gram Panchayat
Budbud, Galsi-I, Purba Bardhaman**

Hooghly- Chinsurah Municipality
Mahendra Mitra Road,Pipulpati,PO & Dist.-Hooghly
Tel.:2680-2899/2319, Telefax.:2680-6092

Notice for invitation Tender

Tender Notice No- 01/HCM/Eng/2025 **Dated- 07 .02.2025**
Memo No- 3507 /HCM/Eng/S.B

Sealed Tenders are invited from the experience and reliable contractors for the work Of Construction of Con.Rd from Peara Bagan Sarada mani School to Santosh Dutta house in ward no-15. Under Tax on Vehicles fund.
Details information will be available from Municipal office **08.02.2025 within 10.00 A.M upto 14.02.25 at 2.00 P.M.**
Purchase of Tender paper Dated **12.02.25 on 2 P.M** & dropping date: **14.02.25 at 2.00 P.M.**
For details information please visit **website-https:// wbtenders.gov.in**

**Chairman/Executive Officer
Hooghly Chinsurah Municipality**

e-Tender of Amta-I Panchayat Samity

Sealed % rate tenders are invited from bonafide outsiders regarding tender having **Tender Id 2025_ZPHD_810787_1.** Bid submission (start date **04/02/25 from 5:00 p.m.** & end date **11/02/25 5:00 p.m.**). For details including corrigendum (if any) see wbtenders.gov.in and office notice board of this office.

**Sd/- Executive Officer
Amta-I Panchayat Samity**

**South Dum Dum Municipality
Nager Bazaar, Kolkata - 700 074
Tender Notice No 797 Tande Notice Date 6/2/2005
NOTICE INVITING E-TENDER**

Tenders are invited from the reputed Firms, Companies, Agencies, Concerned etc, for the work of e-Tender **NIT No. 797/2/2024-2025** dated 06/02/2025 under South Dum Dum Municipality. For details log on to **w.w.w.wbtenders.gov.in**./contact to the concerned authority of the Accounts Department (Tender section) South Dum Dum Municipality at the above address, if required. Last date of E-Submission: **18/2/2025**
Executive Officer reserves the right to accept or reject tender without giving any reason.

**Executive Officer
South Dum Dum Municipality**

**South Dum Dum Municipality
Nager Bazaar, Kolkata - 700 074
Tender Notice No 799 Tender Notice Date 6/2/2025
NOTICE INVITING E-TENDER**

Tenders are invited from the reputed Firms, Companies, Agencies, Concerned etc. for the work of e-Tender NIT No. **799/2/2024 2025 dated 06/02/2025** under South Dum Dum Municipality. For details log on to **w.w.w.wbtenders.gov.in.**/contact to the concerned authority of the Accounts Department (Tender section) South Dum Dum Municipality at the above address, if required. (Prebid Meeting Held on **10/02/2025.2.00 pm to 3.00 pm**)
Last date of E-Submission: **18/2/2025**
Executive Officer reserves the right to accept or reject tender without giving any reason.

**Executive Officer
South Dum Dum Municipality**

পায়োনিয়ার এমব্রয়ডায়রিস লিমিটেড

PIONEER GROUP
... সময়ের থেকে আগে একটি সেলাই
সিআইএন নং. এল১৭২৯১এমএইচ১৯৯১পিএলসি০৬৩৭৫২
রেজি. অফিসঃ ইউনিট ১০১বি, প্রথম তল, অভিষেক প্রিমিসেস, ব্লট নং. সি৫-৫ ডালিয়া ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, অফিসঃ নিউ লিঙ্ক রোড, আন্ধেরি (পশ্চিম), মুম্বই-৪০০০৫৮
ফোনঃ ০২২-৪২২৩২৩২৩, ফ্যাক্সঃ ০২২-৪২২৩২৩১৩, ইমেলঃ mumbai@pelhakoba.com
www.pelhakoba.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, এসইবিআই (ইকুইটি শেয়ার ডিলিস্টিং) রেগুলেশন, ২০২১ এর রেগুলেশন ৬ (সি) অনুসারে, কোম্পানিটি ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) থেকে স্বেচ্ছায় ডিলিস্টিংয়ের জন্য আবেদন করার প্রক্রিয়াধীন।
ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) এর ট্রেড পরিসংখ্যান থেকে জানা যায় যে সিএসই-তে ট্রেড করা ইক্যুইটি শেয়ারের পরিমাণ নগণ্য। কোম্পানির ইক্যুইটি শেয়ারের সম্পূর্ণ ট্রেডিং বিএসই লিমিটেড (বিএসই) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (এনএসই)-তে করা হয়। এই এক্সচেঞ্জগুলির দেশব্যাপী টার্মিনাল রয়েছে এবং তাই, বিনিয়োগকারীদের সম্পূর্ণ তরলতা প্রদান করে এবং তাই সিএসই থেকে কোম্পানির ইক্যুইটি শেয়ার ডিলিস্টিংয়ের ফলে বিনিয়োগকারীদের উপর কোনও প্রতিকূল প্রভাব পড়বে না।
কোম্পানীর ইক্যুইটি শেয়ারগুলি বিএসই লিমিটেড (বিএসই) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (এনএসই) এর সাথে তালিকাভুক্ত থাকবে।

বোর্ড অফ ডিরেক্টরদের জন্য এবং পক্ষে
হর্ষ বর্ধন বাসসি
ম্যানেজিং ডিরেক্টর
ডিআইএনঃ ০০১০২৯৪১

স্থানঃ মুম্বই
তারিখঃ ৬ই ফেব্রুয়ারি, ২০২৫

hakoba SILKOLITE Scale to Value...

অ্যাক্সিস ব্যাংক লিমিটেড

AXIS BANK
এ.সি. মার্কেট বিল্ডিং, ৩য় তলা, ১ শেক্সপিয়ার সরণি, কলকাতা - ৭০০০৭১
নিবন্ধিত অফিসঃ ত্রিশূল-সমরেশ্বর মন্দিরের বিপরীতে ৩য় তলা ল গার্ডেনের কাছে, এলিসব্রিজ, আহমেদাবাদ-৩৮০০০৬, টেলিফোন নম্বর ০৭৯-২৬৪০৯৩২২ ফ্যাক্স নম্বর-০৭৯-২৬৪০৯৩২১

দখল নোটিশ (স্থাবর সম্পত্তির জন্য)
(সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২ এর নিয়ম ৮(১) এর সাথে পঠিত পরিশিষ্ট IV অনুসারে)

যেহেতু, অ্যাক্সিস ব্যাংক লিমিটেডের অনুমোদিত কর্মকর্তা হিসেবে, নিম্নস্বাক্ষরকারী, 'সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২' এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর ধারা ১৩(১২)-এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রযোগ করে একটি চাহিদা-নোটিশ জারি করেছেন। নোটিশে উল্লেখিত অর্থ, চুক্তিভিত্তিক সুদের হার এবং শাস্তিমূলক সুদ, চার্জ, খরচ ইত্যাদি নোটিশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করার জন্য ঋণগ্রহীতা / সহ-ঋণগ্রহীতা / জামিনদারদের আহ্বান জানানো হয়েছে।
ঋণগ্রহীতা / সহ-ঋণগ্রহীতা / জামিনদারগণ, অর্থ পরিশোধে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতাগণ / সহ-ঋণগ্রহীতাগণ / জামিনদারগণকে, বিশেষ করে এবং সাধারণভাবে, জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী, উক্ত আইনের ধারা ১৩(৪) এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে, যা পরবর্তীতে উল্লেখিত তারিখে উক্ত বিধির নিয়ম ৮ সহ পঠিত হবে, নিম্নে বর্ণিত সম্পত্তির দখল গ্রহণ করেছেন।
ঋণগ্রহীতাসহ-ঋণগ্রহীতা / জামিনদারগণ, বিশেষ করে, এবং সাধারণভাবে জনসাধারণকে,এতদ্বারা সম্পত্তির সাথে লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং সম্পত্তির সাথে যেকোনো লেনদেনের জন্যঅ্যাক্সিস ব্যাংক লিমিটেডের চার্জ প্রযোজ্য হবে,নোটিশে উল্লেখিত পরিমাণের জন্য, তার উপর সুদ এবং দণ্ডনীয় সুদ, চার্জ, খরচ ইত্যাদি চার্জের নোটিশের তারিখ থেকে।
ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে যে, SARFAESI আইন, ২০০২ এর ধারা ১৩ এর উপধারা (৮) এর বিধানাবলীর প্রতি, যদি সময় থাকে, তাহলে সুরক্ষিত সম্পদ খালাস করা সম্ভব হবে।

ঋণগ্রহীতা / জামিনদারের নাম ও ঠিকানা	ক) নোটিশের তারিখ অনুসারে বকেয়া পরিমাণ খ) চাহিদার নোটিশের তারিখ গ) দখলের তারিখ (প্রতীকী)
১. মি. শক্তিপদ সেন, সন অফ-শঙ্কর প্রসাদ সেন, ওরফে শঙ্কর সেন **২. মি. সঞ্জীব সেন,** সন অফ- শঙ্কর প্রসাদ সেন, ওরফে শঙ্কর সেন সকলেই এখানে বসবাস করছেন ভিলপি.ও-ঝেন্টলা, পিএস-কেশপুর, ঘেঁতলার কাছে এসবি উচ্চ বিদ্যালয়, জেলা-পশ্চিম মেদিনীপুর, পিন- ৭২১১৫০	ক) ২৫.০৭.২০২৪ তারিখের হিসাবে ঋণের অধীনে শুধুমাত্র ১৯৬৭৫৮২.০০- টাকা (এই পরিমাণের মধ্যে রয়েছে ০১.০৫.২০২৪ তারিখের জন্য প্রযোজ্য সুদ) এবং ২৫.০৭.২০২৪ তারিখের হিসাবে ঋণের অধীনে শুধুমাত্র ৩১৮০৪.৬৬- টাকা (এই পরিমাণের মধ্যে রয়েছে ০১.০৫.২০২৪ তারিখের জন্য প্রযোজ্য সুদ) অর্থাৎ মোট বকেয়া টাকা১৯,৯৯,৩৮৬.৬৬- টাকা (উনিশ লক্ষ নিরানব্বই হাজার তিনশো ছিয়াশি টাকা ছেষট্টি পয়সা মাত্র) খ) ২৭.০৮.২০২৪ গ) ০৪।০২।২০২৪

স্থাবর সম্পত্তির বর্ণনা (সুরক্ষিত সম্পদ)
মৌজা-ঝেন্টলা, জে.এল. নং ৫৫২, হাল খতিয়ান নং ৩৯, এল.আর. খতিয়ান নং ৩৯৮, আর.এস.-এ অবস্থিত প্রায় ৪ দশমিক ৫৫ শতাংশ বাস্তু জমির সমস্ত অংশ। পশ্চিম মেদিনীপুর জেলার প্লট নং-৯৩, এল.আর. প্লট নং- ১৮২ (এলাকা ২.২৫ ডিসেম্বর) এবং আর.এস. প্লট নং- ৯২৪৭০, এল.আর.পশ্চিম মেদিনীপুর, পি.এস.-কেশপুরে প্লট নং- ১৮৪ (এলাকা ১.৭৫ ডিসেম্বর) এবং উক্ত জমির উপর নির্মিত ভবনটি। সম্পত্তিবাঁকা এবং সীমানাযুক্ত ঃ উত্তরেঃ দাতা শঙ্কর প্রসাদ সেনের জমি, দক্ষিণেঃ দাতা শঙ্কর প্রসাদ সেনের জমি, পূর্বেঃ দাতা শঙ্করের জমিপ্রসাদ সেনের জমি, পশ্চিমেঃ দাতা শঙ্কর প্রসাদ সেনের জমি এবং রাস্তা

ঋণগ্রহীতা / জামিনদারের নাম ও ঠিকানা	ক) নোটিশের তারিখ অনুসারে বকেয়া পরিমাণ খ) চাহিদার নোটিশের তারিখ গ) দখলের তারিখ (প্রতীকী)
ক. এম / এস রাজা রানী, একটি মালিকানা সংস্থা,ছোট বাজার গ্রাম- ছোটবাজার, পো- মেদিনীপুর, পিএস-কোতোয়ালি,চৌমাথার কাছে, জেলাঃ- পশ্চিম মেদিনীপুর। মেদিনীপুর, পশ্চিমবঙ্গ-৭২১১০১। **খ. জনাব অশোক কুমার মুন্দ্রা,**স্নাতক কিষাণলাল মুন্দ্রামেসার্স রাজা রানী, গ্রাম- ছোটবাজারের স্বত্বাধিকারী,পো- মেদিনীপুর, পিএস- কোতোয়ালি, ছোটবাজারের কাছে চৌমাথা, জেলাঃ- পশ্চিম মেদিনীপুর। মেদিনীপুর, পশ্চিমবঙ্গ- ৭২১১০১. এছাড়াও রাসময়রাচক, ছোটবাজার, রাসময়রা চকের কাছে, পো- মেদিনীপুর, পিএস-কোতোয়ালি, জেলা- পশ্চিম মেদিনীপুর, পিন-৭২১১০১	ক. ঋণ হিসাব অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০০১৫৯৪৯১৪ এর অধীনে, ২৭.০৮.২০২৪ তারিখে, শুধুমাত্র ১৬,৭০,২৫২.২৩- টাকা (এই পরিমাণ ৩০.০৬.২০২৪ পর্যন্ত প্রযোজ্য সুদ সহ)

স্থাবর সম্পত্তির বর্ণনা (সুরক্ষিত সম্পদ)
পশ্চিম মেদিনীপুর জেলার মৌজা-বিবিগঞ্জা, হোল্ডিং নং ৬৫৭, জে.এল. নং ১৮০, সাবেক খতিয়ান নং ৪৫১, হাল-খতিয়ান নং ২৯৩৬, এল.আর. খতিয়ান নং ৩০৮৯, আর.টি. প্লট নং ৭১৭, এল.আর. প্লট নং- ১৩৬২, থানা-কোতোয়ালি, এবং তার উপর অবস্থিত সমস্ত ভবন এবং কাঠামো, ফিক্সচার, ফিটিংস এবং জমির সাথে সংযুক্ত সমস্ত প্ল্যান্ট এবং যন্ত্রপাতি সহ প্রায় ২.০১ দশমিক পরিমাপের বাস্তু জমির টুকরো। সম্পত্তিটি বাটযুক্ত এবং বেষ্টিতঃ উত্তরে ড্রেন, দক্ষিণেঃ ঋষি মুন্দ্রার সম্পত্তি, পূর্বেঃ ২০ ফুট প্রশস্ত কংক্রিট রাস্তা, পশ্চিমেঃপ্লট নং ৯৭৭।

তারিখঃ ০৮-০২-২০২৫
স্থানঃ পশ্চিমবঙ্গ

অনুমোদিত কর্মকর্তা
অক্সিস ব্যাংক লিমিটেড

**Office of the Pradhan
Kenda Gram Panchayat
Vill-Kenda, PO – Baladih, PS-Puncha, Dist-Purulia
NOTICE INVITING e-TENDER NO-07/2024-25/KGP**, Dated: 06/02/2025 Bid submission end date-**14.02.2025 – 6 PM**. Bid open Date (Technical)-**17.02.2025 – 1pm.** For more details information visit: **www.wbtenders.gov.in** and office of the undersigned.

**Sd/- Pradhan
Kenda Gram Panchayat**

**ANDULIA GRAM PANCHAYAT
Vill.-Mahadia, PO.-Mahadia, PS-Kandi, Dist.-Murshidabad
E-Tender No.-MSD/KAN/ANDULIA/05/2024-25**

On behalf of the ANDULIA GP. The Prodhan, invites e-tender for 4 (Four) Nos. similar works. Source of Fund: CFC-BG. Bid submission starting from **07/02/2025 at 16.00 Hrs. up to 14/02/2025 at 16.00 Hrs**. Bid opening date: **17/02/2025 at 12.00 Hrs**. For details visit website **https://wbtenders.gov.in**

**Sd/- Prodhan
Andulia Gram Panchayat**

e-Tender Notice

The Undersigned hereby inviting Re-e-tender vide ref.no.-**256/JGP/NIT/15TH CFC/2024-25** Dt. 07.02.2025 from prospective bidders from **07/02/2025, 18.00** IST. For details visit **www.wbtenders.gov.in.**

**Sd/- Prodhan
Jahannagarh G.P.**

TARAPADA DEY EDUCATIONAL INSTITUTION
(A COMPOSITE INSTITUTION B.ED & D.EL.ED COLLEGE)
Run by Nabadwip Education Trust
Recognized by NCTE, Affiliated to WBUTTEPA & W.B.B.P.E
South Srirampur, Srirampur, PurbaBardhaman, PIN-741316

For Advertisement

Applications are invited for the post of Principal and Assistant Professors of Foundation-2, Bengali-1, English-1, Sanskrit-1, Hindi-1, History-1, Geography-1, Life Science-1, Physical Science-1, Mathematics-1, Pol Science-1, Philosophy-1, Education-1, Music-1, Fine Art-1, Physical Education-1 of our B.Ed. department.
Applications invited for the post of Lecturers in Bengali-1, Social science-1, English-1, Mathematics-1, Science-1, Performing Arts-1 of our D.El.Ed. department.
Qualification: As per NCTE norms -2014
Send your CV via Mail Id- tarapadadeyei@gmail.com within 7 days.

**OFFICE OF THE J.B.PUR PANCHAYET SAMITY HOWRAH
TENDER NOTICE**

TENDERS are invited from the bonafide contractors vide Notice no- : **NIT-74/2025, Dated-28.01.25 & NIT-88/2025,** Dated-29.01.25 29 NOS OF WORKS(15 th FC) & 2 NOS OF WORKS(5 th SFC)

**SD/-
Executive officer
JB PUR Panchayet Samity
Munshirhat, Howrah**

রাইটস লিমিটেড

RITES THE INFRASTRUCTURE PEOPLE
(ভারত সরকারের একটি উদ্যোগ)
শিখর, প্লট নং. ১, সেক্টর-২৯, গুরগাঁও-১২২০০১
নিম্নলিখিত পদ / বিভাগের জন্য নিয়মিত পেশাদার প্রয়োজন।

ভিসি নং.	পদ	পদের সংখ্যা
আরজি/১৩/২৫	যুগ্ম মহাব্যবস্থাপক (ইএসঅ্যান্ডটি / সিগন্যালিং)	০১
আরজি/১৪/২৫	যুগ্ম মহাব্যবস্থাপক (ইএসঅ্যান্ডটি / পিএসডি-এএফসি	০১

আবেদনের পদ্ধতি, পদ, পারিশ্রমিক, যোগ্যতার বয়স, তারিখ ও স্থান, নির্বাচন প্রক্রিয়া ইত্যাদি সম্পর্কে বিস্তারিত জানতে প্রার্থীরা রাইটস ওয়েবসাইট www.rites.com-এ ক্যারিয়ার বিভাগের অধীনে পোস্ট করা বিস্তারিত বিজ্ঞাপনটি দেখতে পারেন।

KOLKATA MUNICIPAL CORPORATION e - TENDER

ABRIDGED NIT

The Executive Engineer (Civil/H.Q.), KMC invites online percentage rate e-tender in two bid system for the following works :
1. NIT No.: KMC/DG(C)EE(C/HQ)/104/2024-25, Dated-06/02/2025
Name of the Work : **Beautification of the front space of the entrance zone adjacent to Babughat Monumental Structure**; Estimated Cost (including G.S.T. & L.W.C.) : **₹4,19,398.00;** Earnest Money : **₹8,400.00**; Period of Completion : **15 Days**;
2. NIT No.: KMC/DG(C)EE(C/HQ)/105/2024-25, Dated-06/02/2025
Name of the Work : **Renovation of toilet and other ancillary works including painting & polishing of walls at CME (C) Department**; Estimated Cost (including G.S.T. & L.W.C.) : **₹1,22,161.00;** Earnest Money : **₹2,500.00**; Period of Completion : **14 Days**;
Last Date and Time of submission of bid : **22/02/2025 at 11 a.m.** (for Sl. no. 1 & 2); The bid forms and other details are available on and from **12/02/2025 (5 p.m.)** (for Sl. no. 1 & 2); The website **https://etender.wb.nic.in** (for Sl. no. 1 & 2)

The CMHO (Health Department), KMC invites quotation online item rate two bid system for the following work :
NIT No.: KMC/CMHO/26/2024-25, Dated-07/02/2025
Name of the Work : **Printing of 5,00,000 nos. colourful anti-dengue leaflets [8 inch x 11 inch] for people's awareness about prevention and control of vector-borne diseases**; Estimated Value : **₹4,75,000.00;** Earnest Money : **₹10,000.00**; Last Date and Time of submission of bid : **18/02/2025 till 2 p.m.**; The other details are available on and from **07/02/2025** from the website **https://etender.wb.nic.in** or **https://wbtenders.gov.in**

The Executive Engineer (Electrical)/Ltg./Z-IV/BR-X, KMC invites e-tender online, two part bid system for the following works :
1. NIT No.: KMC/LTG/Z-IV/BR-X/373/24-25
Name of the Work : **Development of Street lighting system at Bengal Lamp, North Road, Jadavpur C.I.T Market and surrounding areas in Ward No. 93, BR-X**; Estimated Amount : **₹1,99,425.51;** Earnest Money : **₹4,000.00**; Period of Completion : **10 Days**;
2. NIT No.: KMC/LTG/Z-IV/BR-X/374/24-25
Name of the Work : **Supply & delivery of LED fittings at Barobagan, Baikuntha Ghosh and surrounding areas in Ward No. 91, BR-X**; Estimated Amount : **₹1,73,822.80;** Earnest Money : **₹3,500.00**; Period of Completion : **10 Days**;
3. NIT No.: KMC/LTG/Z-IV/BR-X/347/24-25
Name of the Work : **Temporary lighting arrangement for upcoming festival at 6/5A Paddapukur Road and adjacent areas in Ward No - 98, BR-X**; Estimated Amount : **₹1,37,660.00;** Earnest Money : **₹3,000.00**; Period of Completion : **4 Days**;
4. NIT No.: KMC/LTG/Z-IV/BR-X/365/24-25
Name of the Work : **Improvement of street lighting system at Jahura Bazar Lane and surrounding areas in Ward No. 91, BR-X**; Estimated Amount : **₹1,99,921.42;** Earnest Money : **₹4,000.00**; Period of Completion : **10 Days**;
5. NIT No.: KMC/LTG/Z-IV/BR-X/375/24-25
Name of the Work : **Supply & delivery of LED fittings at Barobagan, Banerjee Para, Kumarpara and adjacent areas in Ward No. 91, BR-X**; Estimated Amount : **₹1,96,158.00;** Earnest Money : **₹4,000.00**; Period of Completion : **10 Days**;
6. NIT No.: KMC/LTG/Z-IV/BR-X/384/24-25
Name of the Work : **Supply & delivery of LED fittings at 10 No Netaji Nagar and adjacent areas in Ward No. 98, BR-X**; Estimated Amount : **₹1,97,612.64;** Earnest Money : **₹4,000.00**; Period of Completion : **10 Days**;
7. NIT No.: KMC/LTG/Z-IV/BR-X/385/24-25
Name of the Work : **Improvement works of street lighting arrangement at different places like Netaji Nagar (1, 2 & 3), Pallisree and other areas in Ward No-98, BR-X**; Estimated Amount : **₹1,98,274.33;** Earnest Money : **₹4,000.00**; Period of Completion : **10 Days**;
8. NIT No.: KMC/LTG/Z-IV/BR-X/355/24-25
Name of the Work : **Supply & delivery of LED fittings at Biswas Para, Meghnath Colony and surrounding areas in Ward No. 93, BR-X**; Estimated Amount : **₹1,97,952.00;** Earnest Money : **₹4,000.00**; Period of Completion : **10 Days**;
9. NIT No.: KMC/LTG/Z-IV/BR-X/366/24-25
Name of the Work : **Repairing of street lighting system at R. K. Chatterjee Road, B. B. Chatterjee Road in Ward No. 91, BR-X**; Estimated Amount : **₹1,99,899.20;** Earnest Money : **₹4,000.00**; Period of Completion : **10 Days**;
10. NIT No.: KMC/LTG/Z-IV/BR-X/361/24-25
Name of the Work : **Miscellaneous street lighting work at Jodhpur Park Bazar, Gariahat Road (West) in Ward No. 93, BR-X**; Estimated Amount : **₹1,99,769.92;** Earnest Money : **₹4,000.00**; Period of Completion : **10 Days**;
11. NIT No.: KMC/LTG/Z-IV/BR-X/357/24-25
Name of the Work : **Supply & delivery of LED fittings at 2 No. Podder Nagar and adjacent areas in Ward No. 93, BR-X**; Estimated Amount : **₹1,93,756.00;** Earnest Money : **₹4,000.00**; Period of Completion : **10 Days**; Last Date and Time of completion of bid : **15.02.2025 up to 10 a.m.** (for Sl. no. 1 to 11); The bid form and other details are available on and from **07.02.2025 from 12 noon** (for Sl. no. 1 to 11); The website **https://etender.wb.nic.in** (for Sl. no. 1 to 11)

The Executive Engineer (Electrical), Lighting/Crematorium, KMC invites open percentage rate e-tender online in two bid system for the following works :
1. NIT No.: KMC/LTG/CRM/65/GAM/24-25 (1st Call)
Name of the Work : **Restoration of damaged electric creamation furnace no 1 with allied works at Garia Adi Mahasmashan**; Estimated Amount : **₹3,04,268.00;** Earnest Money : **₹6,200.00**; Time of Completion : **10 Days**; Last Date and Time of submission of bid : **17.02.2025 at 5 p.m.**; The bid form and other details are available on and from **08.02.2025 at 5 p.m.** from the website **https://wbtenders.gov.in**
2. NIT No.: KMC/NBG/LTG/CRM/e-20/24-25
Name of the Work : **Renovation of horizontal and vertical brick duct connected to the Air pollution Control Devices of furnace no. 7 & 8 and allied works at the New Complex of Nimtala Burning Ghat**; Estimated Amount : **Open Quotation;** Earnest Money : **₹9,500.00**; Period of Completion : **10 Days**;
3. NIT No.: KMC/NBG/LTG/CRM/e-21/24-25
Name of the Work : **Supply, installation of signage board with energy efficient LED lamps in the riverside of new complex at Nimtala Burning Ghat**; Estimated Amount : **Open Quotation;** Earnest Money : **₹6,000.00**; Period of Completion : **10 Days**; Last Date and Time of submission of bid : **15/02/2025 at 5 p.m.** (for Sl. no. 2 & 3); The bid form and other details are available on and from **07/02/2025 at 5 p.m.** (for Sl. no. 2 & 3); The website **https://etender.wb.nic.in** (for Sl. no. 2 & 3)

1362/24-25

শ্রেয়স নিয়মিত দলে সুযোগ না পাওয়ায় অবাক রিকি পন্টিং

দুরন্ত বার্তা প্রতিবেদন

টি-টোয়েন্টি ক্রিকেটে ব্রাত্য শ্রেয়স আইয়ার। টেস্টেও সুযোগ পাচ্ছেন না দীর্ঘ সময় হয়ে গেল। ওয়ান ডে স্কোয়াডে থাকলেও একাদশে জায়গা নিশ্চিত নয়। ঘরের মাঠে ইংল্যান্ডের বিরুদ্ধে টি-টোয়েন্টি সিরিজে সুযোগ পাননি। ওয়ান ডে স্কোয়াডে থাকলেও প্রথম ওয়ান ডে-তে খেলা নিশ্চিত ছিল না শ্রেয়সের। ম্যাচের আগের রাতে জানতে পারেন রোহিত শর্মার থেকে। বিরাট কোহলি ফিট থাকলে হয়তো সেই সুযোগটা পেতেন না। আইপিএলের আগামী মরসুমে পঞ্জাব কিংসের হয়ে খেলতে দেখা যাবে শ্রেয়স আইয়ারকে। নেতৃত্বও দেবেন। পঞ্জাব কিংসের কোচ শ্রেয়স আইয়ারকে নিয়ে প্রশ্ন তুলে দিলেন। নাগপুরে প্রথম ওয়ান ডে-তে ৪ উইকেটে জিতেছে ভারত। টস জিতে প্রথমে ব্যাট করেছিল ইংল্যান্ড। ভারতকে টার্গেট দেয় ২৪৯ রানের। ভারতের দুই ওপেনার রোহিত শর্মা ও যশস্বী জয়সওয়ালের ব্যাটে বড় রান আসেনি। এরপরই শুভমনের সঙ্গে গুরুত্বপূর্ণ পার্টনারশিপ গড়েন শ্রেয়স আইয়ার। এই জুটিতে বিধ্বংসী ছিলেন শ্রেয়স। শেষ অবধি ৩৬ বলে ৫৯ রান করেন শ্রেয়স। শুধু তাই নয়, ২০২৩ সালে ঘরের মাঠে ওয়ান ডে বিশ্বকাপে ৫৩০ রান করেছিলেন শ্রেয়স। এরপরও কেন সাদা বলের ক্রিকেটে নিয়মিত জায়গা পান না শ্রেয়স? আইসিসি রিভিউতে কিংবদন্তি ক্রিকেটার রিকি পন্টিং বলেন, ''শ্রেয়স কেন নিয়মিত সুযোগ পাচ্ছিল না, আমাকে অবাক করেছে। ওয়ান ডে বিশ্বকাপে দুর্দান্ত খেলেছিল। মিডল অর্ডারে শ্রেয়সকেই ধারাবাহিক দেখিয়েছে। আমার তো মনে হয়েছিল ওর জায়গা নিশ্চিত। এরপর চোটও ছিল। ঘরোয়া ক্রিকেটেও দুর্দান্ত পারফর্ম করেছে। তারপরও একাদশে ওর জায়গা নিশ্চিত নয়। যা আমাকে সত্যিই অবাক করে।'' রিকি পন্টিং আরও মনে করেন, আসন্ন চ্যাম্পিয়ন্স ট্রফিতে ভারতের অন্যতম ভরসা হয়ে উঠবেন শ্রেয়স আইয়ার। বলছেন, ''ওর খেলার স্টাইল সাদা-বলের ক্রিকেটে খুবই কার্যকরী। দুবাইয়ের পিচ কিছুটা মন্থর হয়। স্পিনের বিরুদ্ধে শ্রেয়স কতটা দক্ষ প্লেয়ার আমরা সকলেই দেখেছি।''

টি-২০ বিশ্বকাপ ফাইনালে ক্লাসেনের বিরুদ্ধে পরিকল্পনা শেয়ার হার্দিকের

মুম্বই, ৭ ফেব্রুয়ারিঃ ভারতের ক্রিকেট ইতিহাসে একটি স্মরণীয় দিন হিসেবে ২০২৪ সালের টি-২০ বিশ্বকাপের ফাইনাল হয়ে থাকবে। বার্বাডোজে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে এক অবিস্মরণীয় ম্যাচে ভারতের পক্ষে ম্যাচ-জয়ী পারফরম্যান্স দেখান অলরাউন্ডার হার্দিক পান্ডিয়া। এই জয় ভারতের জন্য ছিল ১৭ বছরের দীর্ঘ বিরতির পর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিশ্বকাপ ট্রফি জয়, যা ক্রিকেটপ্রেমীদের জন্য ছিল এক ঐতিহাসিক মুহূর্ত। ফাইনালে ভারত ১৭৬/৭ স্কোর করে প্রথম ইনিংস শেষে। দক্ষিণ আফ্রিকা প্রতিপক্ষ হিসেবে তাদের দুর্দান্ত ব্যাটিংয়ে ম্যাচে ফিরে আসে। বিশেষত হেইনরিখ ক্লাসেনের বিধ্বংসী ব্যাটিং ভারতীয় বোলারদের জন্য এক বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়ায়। ২৪ বলে ২৬ রানের

প্রয়োজনীয়তা নিয়ে যখন তিনি ভারতীয় স্পিনারদের বিরুদ্ধে মারাত্মকভাবে শট খেলে যাচ্ছিলেন। তখন ভারতীয় দল আশা হারাচ্ছিল। তবে হার্দিক পান্ডিয়া ঠিক সেই সময়ে যে কৌশল নেন তা ভারতের ভাগ্য বদলে দেয়। পান্ডিয়া জানতেন যে ক্লাসেন তার স্টাম্পের বাইরে একটি বল প্রত্যাশা করবেন। তাই তিনি নিজেই পরিকল্পনা করেন একটি স্লো ওয়াইড ডেলিভারি করার যাতে ক্লাসেন তার শট খেলার চেষ্টা করলেই পিচে ফাঁকাতে পড়েন। পান্ডিয়া বলেন, ''রোহিত ভাইয়ের সাথে আমরা বহুদিন ধরে খেলছি। তিনি জানেন আমার ক্রিকেট সচেতনতা কেমন এবং আমার ব্যক্তিত্ব কেমন। তাই আমি তাকে বলেছিলাম যে আমি ক্লাসেনকে একটা স্লো ওয়াইড বল দেব। তাঁর এই কৌশল কাজ করে এবং ক্লাসেন ফাঁদে পড়েন, ফলস্বরূপ তিনি আউট হন এবং ম্যাচের দখল পরিবর্তিত হয়ে যায়।'' শুধু ভারতের জন্য না, পান্ডিয়া আরও জানালেন যে, শেষ ওভারে ১৬ রান প্রয়োজন ছিল, যেখানে রক্ষণশীলতার সুযোগে ডেভিড মিলারের মতো এক শক্তিশালী ফিনিশারের বিরুদ্ধে তাকে বল করতে হয়েছিল। তিনি গাছপালার দিকে বায়ু প্রবাহ লক্ষ্য করেন এবং ঠিক করেন, মিলারকে বায়ুর বিপরীতে খেলতে বাধ্য করবেন। সেখানেই মুম্বইয়ের সূর্যকুমার যাদব অসাধারণ এক ক্যাচ নিয়ে ম্যাচ শেষ করেন এবং ভারতকে বিশ্বকাপের শিরোপা এনে দেন। পান্ডিয়া বলেন, ''এটা ছিল একটা স্বপ্নের মতো, আমার কাঁধ থেকে অনেকটা চাপ নামলো। আমি দেশের জন্য কিছু করতে পেরেছি, সেটা ছিল সত্যিই এক গর্বের বিষয়।'' রোহিত শর্মা ও তার দলের জন্যও এটি ছিল এক বড় অর্জন যেখানে দীর্ঘদিন পর ভারত আইসিসি টি-২০ বিশ্বকাপের শিরোপা জয় করতে পেরেছে। ভারতে ক্রিকেটের প্রতি ভালোবাসা এবং প্রত্যাশা কখনও কমে না আর এই জয় সেই প্রত্যাশার প্রতিদানও দিল।

'কঠিন ম্যাচ'ই ৫ গোলে জিতে সেমিফাইনালে বার্সেলোনা

ভ্যালেন্সিয়া, ৭ ফেব্রুয়ারিঃ লা লিগায় ভ্যালেন্সিয়ার বিপক্ষে সর্বশেষ ম্যাচ ৭-১ গোলে জিতেছিল বার্সেলোনা। একই দলের বিপক্ষে গতকাল রাতে কোপা দেল'রের কোয়ার্টার ফাইনালে মাঠে নেমেছিল কাতালান ক্লাবটি। আগের ম্যাচে বড় জয়ের পরও এই ম্যাচটাতে কঠিন প্রতিদ্বন্দ্বিতার প্রত্যাশা ছিল বার্সা খেলোয়াড়দের। মাঠের লড়াইয়ে অবশ্য কোনো প্রতিদ্বন্দ্বিতাই হয়নি। এবার ফেরান তোরেসের হ্যাটট্রিকে ভ্যালেন্সিয়াকে ৫-০ গোলে উড়িয়ে দিয়েছে বার্সা। দলের হয়ে অন্য দুই গোল করেন ফারমিন লোপেজ ও লামিনে ইয়ামাল। এ জয়ের পথে দুই ম্যাচ মিলিয়ে ভ্যালেন্সিয়ার জালে বার্সা বল জড়িয়েছে ১২ বার। ভ্যালেন্সিয়ার



মাঠে দলটিরই প্রাক্তন খেলোয়াড় তোরেসের গোলে বার্সার এগিয়ে যেতে সময় লাগে মাত্র ৩ মিনিট। এরপর ৩০ মিনিটে নিজের হ্যাটট্রিকও পূরণ করে নেন তোরেস। আর মাঝে ২৩ মিনিটে গোল করেন লোপেজও। অর্থাৎ প্রথম আধা ঘণ্টায় ৪ গোল করে ম্যাচটাই একরকম শেষ করে দেয় বার্সা। পরবর্তীকালে অবশ্য ৫৯ মিনিটে বার্সার হয়ে আরও এক গোল করে ব্যবধান ৫-০ করেন ইয়ামাল। বড় জয়ে সেমিফাইনাল নিশ্চিত করে হ্যাটট্রিক করা তোরেস বলেন, ''আমরা ভেবেছিলাম এটা খুব কঠিন একটা ম্যাচ হতে যাচ্ছে। কারণ, মেস্তায়ায় খেলা সব সময় কঠিন। আমাদের ভাগ্য ভালো যে আমরা ম্যাচের প্রথম দিকেই গোল করেছি এবং সেটাই তাদের ভরাডুবির কারণ হয়েছে।'' দলের জয় নিয়ে ম্যাচ শেষে কথা বলেন বার্সা কোচ ফ্লিকও, ''দল কি প্রথম মিনিট থেকেই আগ্রাসী খেলেছে? হ্যাঁ, সেটা গুরুত্বপূর্ণও ছিল। আমি যেমনটা আগেও বলেছি, কোয়ার্টার ফাইনালে কোনো দ্বিতীয় সুযোগ নেই এবং আজ (গতকাল) আমরা দারুণ খেলেছি। শুরু থেকেই আমরা মনোযোগী ছিলাম, সুযোগ তৈরি করেছি এবং গোল করেছি। আর সেটা আমাদের অনেক সহায়তাও করেছে।'' বার্সার জয়ের রাতে অন্য সেমিফাইনালে জয় পেয়েছে রিয়েল সোসিয়েদাদ। ওসাসুনাকে তারা হারিয়েছে ২-০ গোলে। এর ফলে কোপা দেল রের সেমিফাইনাল নিশ্চিত করা চার দল হলো রিয়াল মাদ্রিদ, আতলেতিকো মাদ্রিদ, বার্সেলোনা ও রিয়েল সোসিয়েদাদ। এই চার দলের মধ্যে তিন দল অর্থাৎ রিয়াল, আতলেতিকো ও বার্সা আছে লা লিগা পয়েন্ট তালিকার তিনে। আর সোসিয়েদাদের অবস্থান ১১ নম্বরে।

টটেনহ্যামকে গোলবন্যায় ভাসিয়ে ফাইনালে লিভারপুল

ম্যাচের শুরুতে একবার জালে বল পাঠিয়েও গোল পেল না লিভারপুল। পরে তাদের তিনটি শট প্রতিহত হলো পোস্ট কিংবা ক্রসবারে। তারপরও বড় জয়ের আনন্দে ভাসল দলটি। দাপুটে ফুটবলে টটেনহ্যাম হটস্পারকে উড়িয়ে লিগ কাপের ফাইনালে উঠল প্রতিযোগিতাটির বর্তমান ও রেকর্ড ১০ বারের চ্যাম্পিয়নরা।

লিভারপুল, ৭ ফেব্রুয়ারিঃ অ্যানফিল্ডে বৃহস্পতিবার রাতে ৪-০ গোলে জিতে, দুই লেগ মিলিয়ে ৪-১ গোলে এগিয়ে শিরোপা লড়াইয়ে জায়গা করে নিল আর্না স্লটের দল। ঘরের মাঠে লিভারপুলের গোলগুলো করেন কোডি হাকপো, মোহামেদ সালাহ, দমিনিক সোবোসলাই ও ভার্জিল ফন ডাইক। প্রথম লেগে ১-০ গোলে জয়ী টটেনহ্যাম ফিরতি দেখায় প্রায় পুরোটা সময়ই ঘর সামলাতে ব্যস্ত সময় পার করে। গোলের জন্য তারা মাত্র পাঁচটি শট নিতে পারে, যার একটিও ছিল না লক্ষ্যে। সেখানে লিভারপুলের ২৬ শটের ১০টি লক্ষ্যে ছিল। প্রত্যাশিতভাবেই ম্যাচের শুরু থেকে লিভারপুল বেশিরভাগ সময় পজেশন রেখে আক্রমণের চেষ্টা করতে থাকে। প্রতিপক্ষের ওপর একচেটিয়া চাপ ধরে রেখে, প্রথম আধা ঘণ্টায় গোলের জন্য সাতটি শট নিয়ে দুটি লক্ষ্যে রাখতে পারে যদিও টটেনহ্যাম গোলরক্ষককে একবারও কঠিন পরীক্ষায় ফেলতে পারেনি তারা। প্রতিপক্ষকে কোণঠাসা করে রাখার সুফল লিভারপুল পেয়ে যায় ৩৪তম মিনিটে। বক্সে ডান দিক থেকে সালাহর দূরের পোস্টে বাড়ানো বল ফাঁকায় পেয়ে প্রথম ছোঁয়ার শটে দলকে এগিয়ে নেন ডাচ ফরোয়ার্ড হাকপো। দুই লেগ মিলিয়ে স্কোরলাইন দাঁড়ায় ১-১। ৪৪তম মিনিটে ব্যবধান দ্বিগুণ হতে পারত। তবে বক্সে বাঁ দিক থেকে

সালাহর ভলি গোলরক্ষকের আঙুল ছুঁয়ে ক্রসবারে বাধা পেলে বেঁচে যায় টটেনহ্যাম। বিরতির পরও একইরকম আক্রমণাত্মক শুরু করে লিভারপুল। ৪৯তম মিনিটে সবাইকে পেছনে ফেলে নুনেস ডি-বক্সে ঢুকে পড়লে তাকে ফাউল করে আটকান গোলরক্ষক। সুবর্ণ সুযোগ কাজে লাগাতে ভুল করেননি সালাহ দারুণ স্পট কিকে দলকে ফাইনালের পথে এগিয়ে নেন মিশরের স্ট্রাইকার। ৬৩তম মিনিটে দারুণ সুযোগ আসে লিভারপুলের সামনে দুর্ভাগ্য বাধা হয়ে দাঁড়ায়। হাকপোর জোরাল শট দূরের পোস্টে প্রতিহত হয়। ১০ মিনিট পর তাদের ডাচ মিডফিল্ডার রায়ানের শটও পোস্টে লাগে। অনেক সুযোগ হারানোর পর ৭৫তম মিনিটে অবশেষে তৃতীয় গোলের দেখা পায় লিভালপুল। কনর ব্র্যাডলির পাস প্রথম ছোঁয়ায় ধরে দ্বিতীয় ছোঁয়ায় প্লেসিং শটে জালে পাঠান সোবোসলাই। তিন মিনিট পর টটেনহ্যামের সন হিউং-মিনের একটি শটও ক্রসবারে লাগে। এরপরই পাল্টা আক্রমণে উঠে সব অনিশ্চয়তার ইতি টেনে দেয় লিভারপুল। কর্নারে দারুণ হেডে স্কোরলাইন ৪-০ করেন ডাচ ডিফেন্ডার ফন ডাইক। আগামী ১৬ মার্চ লন্ডনের ওয়েম্বলি স্টেডিয়ামের ফাইনালে লিভারপুলের প্রতিপক্ষ নিউক্যাসল ইউনাইটেড। আর্সেনালকে দুই লেগেই হারিয়ে ফাইনালে উঠেছে ২০২২-২৩ আসরসহ দুইবারের রানার্সআপ দলটি।

'জীবনের সঙ্গী'কে বিদায়ী বার্তা রোনাল্ডোর

দুরন্ত বার্তা প্রতিবেদন

মার্সেলো ২০০৭ সালে যোগ দেন রিয়াল মাদ্রিদে। ক্রিস্টিয়ানো রোনাল্ডো সেখানে তাঁর সতীর্থ হন দুই বছর পর। তারপর দুজনের গল্পটা শুধু সতীর্থ হিসেবে ডালপালা মেলেনি। তাঁরা দুজন একে অপরের মধ্যে খুঁজে পেয়েছেন অকৃত্রিম বন্ধুত্ব। দুই কিংবদন্তির রিয়াল অধ্যায় শেষ হয়েছে বেশ আগেই। কিন্তু বন্ধুত্ব টিকে আছে আজও। গতকাল মার্সেলো ফুটবলকে বিদায় জানানোর পর তাঁকে বিদায়ী শুভেচ্ছা বার্তায় সেই বন্ধুত্বেরই ছাপ রাখলেন রোনাল্ডো। সামাজিক যোগাযোগমাধ্যম 'এক্স' মার্সেলোকে 'জীবনের সহচর' বা 'জীবনসঙ্গী' হিসেবে উল্লেখ করেন রোনাল্ডো। শুধু তা-ই নয়, 'ভাই' বলেও ডেকেছেন। সেটার কারণও আছে। রিয়ালের সোনালি দিনগুলোতে আক্রমণভাগে রোনাল্ডোকে বাঁ প্রান্ত থেকে পাসের অন্যতম জোগানদাতা ছিলেন মার্সেলো। ব্রাজিলের প্রাক্তন এই লেফটব্যাকের সঙ্গে রিয়ালে রোনাল্ডোর গোল উদযাপনও আলোচনার জন্ম দিয়েছে মাঝেমধ্যে। বিশেষ কেউ গোল করার পর দুজনের নাচ ঠাঁই করে নিয়েছে রিয়াল সমর্থকদের মনের মণিকোঠায়। রোনাল্ডোর পরিবারের সঙ্গে মার্সেলোর পরিবারের সম্পর্কও চমৎকার। পর্তুগিজ কিংবদন্তি ২০১৮ সালে রিয়াল ছেড়ে জুভেন্তাসে যোগ দেওয়ার পরের বছর মার্সেলোর স্ত্রী ক্ল্যারিস আলভেস বলেছিলেন, ''ক্রিস্টিয়ানো রোনাল্ডোর রিয়াল ছেড়ে চলে যাওয়ায় আমাদের

জন্য খারাপ হয়েছে। আমরা একসঙ্গে অনেক সময় কাটিয়েছি। তার মা এবং জর্জিনার (রোনাল্ডোর প্রেমিকা) সঙ্গেও ভালো সম্পর্ক। সে (জর্জিনা) দুর্দান্ত। আমার ছেলে ক্রিস্টিয়ানো রোনাল্ডোর ছেলে জুনিয়রেরও খুব ভালো বন্ধু। মাদ্রিদ থেকে তার প্রস্থানে আমরা শূন্যতা অনুভব করি।'' মার্সেলো ফুটবল থেকে অবসর ঘোষণার পর গতকাল তাঁকে বিদায়ী বার্তায় রোনাল্ডোর ভেরিফায়েড এক্স হ্যান্ডল থেকে পোস্ট করা হয় এই কথাগুলো, 'আমার ভাই, কী অবিশ্বাস্য ক্যারিয়ার! আমরা একসঙ্গে অনেক সময় কাটিয়েছি, বছরের পর বছর অর্জন করেছি, জিতেছি এবং অবিস্মরণীয় সব মুহূর্ত আছে। তুমি সতীর্থের চেয়েও বেশি কিছু, আমার জীবনের সঙ্গী। সবকিছুর জন্য ধন্যবাদ বন্ধু। জীবনের নতুন মঞ্চে তোমার সব রকম ভালো কামনা করছি।'' রোনাল্ডো রিয়াল ছাড়ার চার বছর পর মাদ্রিদের ক্লাবটি ছাড়েন মার্সেলো। তার আগে দুজনে একসঙ্গে ক্লাবটিতে ৯ মরসুম কাটিয়ে জিতেছেন চারটি চ্যাম্পিয়নস লিগ, তিনটি ক্লাব বিশ্বকাপ, তিনটি ইউরোপিয়ান সুপার কাপ, দুটি লা লিগা, দুটি কোপা দেল রে এবং দুটি স্প্যানিশ সুপার কাপ। ট্রান্সফার মার্কেটের হিসাব অনুযায়ী, রিয়ালে রোনাল্ডোর সঙ্গে ৩৩২ ম্যাচ খেলেছেন মার্সেলো। রিয়াল ছেড়ে গ্রিক ক্লাব অলিম্পিয়াকোস ঘুরে ব্রাজিলের ফ্লুমিঙ্গেতে ফিরেছিলেন মার্সেলো। গত নভেম্বরে কোচের সঙ্গে বিরোধে জড়িয়ে চুক্তি বাতিল হওয়ার পর বেকার বসে ছিলেন। এরপর ভিডিও বার্তায় ফুটবলকে আনুষ্ঠানিকভাবে বিদায় বলে দিলেন ৩৬ বছর বয়সী মার্সেলো। ব্রাজিলের হয়ে ৫৮ ম্যাচে ৬ গোল করেছেন তিনি। রোনাল্ডো রিয়াল ছেড়ে জুভেন্তাস ও ম্যানচেস্টার ইউনাইটেড ঘুরে যোগ দেন আল নাসরে।

ইতি চ্যাম্পিয়ন্স ট্রফিতে?

বিরাট-রোহিত খেলবে ২০২৭ বিশ্বকাপ!

মুম্বই, ৭ ফেব্রুয়ারিঃ ভারতীয় ক্রিকেটের দুই মহারথি রোহিত শর্মা ও বিরাট কোহলির ভবিষ্যৎ নিয়ে বর্তমানে বিসিসিআই চিন্তিত, চ্যাম্পিয়ন্স ট্রফির পর আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানাবেন তারা? বিশেষ করে রোহিতের ভবিষ্যৎ নিয়ে চলছে নানান আলোচনা এবং গুঞ্জন। প্রশ্ন উঠছে, তিনি কিভাবে নিজের ক্যারিয়ারের পরবর্তী ধাপগুলো নির্ধারণ করবেন এবং ২০২৭ সালের এক দিনের বিশ্বকাপে তাঁকে দেখা যাবে কিনা? বিসিসিআই তার ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে রোহিতের সঙ্গে আলোচনা করতে চায় এবং চ্যাম্পিয়ন্স ট্রফির পরেই সে আলোচনায় বসা হবে বলে জানা গিয়েছে। বিসিসিআইয়ের এক সূত্র জানিয়েছে, রোহিতের সঙ্গে নির্বাচকরা ও বোর্ডের অন্যান্য সদস্যদের আলোচনা হয়েছে। রোহিতকে চ্যাম্পিয়ন্স ট্রফির পর তার ভবিষ্যৎ সম্পর্কে সিদ্ধান্ত নিতে বলা হয়েছে। কারণ, ২০২৭ সালের এক দিনের বিশ্বকাপ নিয়ে বোর্ডের কিছু পরিকল্পনা রয়েছে। সেই অনুযায়ী সবার পরিকল্পনা একসূত্রে বাঁধা প্রয়োজন। সুতরাং, বোর্ড চায় রোহিত স্পষ্টভাবে তার পরিকল্পনা জানাক, যাতে তাদের ভবিষ্য পরিকল্পনায় কোনো অসুবিধা না হয়। অস্ট্রেলিয়া সফরে বর্ডার-গাভাসকার টেস্ট সিরিজে লাল বলের ক্রিকেটে রোহিতের পারফরম্যান্স বেশ নিম্নমুখী ছিল। তিনি সেভাবে রান পাননি এবং একদিনের ক্রিকেট

থেকেও বেশ কিছু সময় বিরতি নিয়েছিলেন। ২০২৭ সালের বিশ্বকাপে রোহিতের বয়স হবে ৪০ বছর। এমন পরিস্থিতিতে বিসিসিআই তার কাছ থেকে জানতে চায়, তিনি কতদিন ক্রিকেট খেলা চালিয়ে যেতে চান। এই পরিস্থিতিতে রোহিতকে নিজের ভবিষ্যৎ পরিকল্পনা জানানো অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়িয়েছে। বোর্ড চায় যে, রোহিত নিজের সিদ্ধান্ত স্পষ্টভাবে জানাক, যাতে তারা আগামী বছরগুলোর জন্য উপযুক্ত পরিকল্পনা গ্রহণ করতে পারে। অন্যদিকে, বিরাট কোহলি নিয়ে বিসিসিআইয়ের চিন্তা কিছুটা কম। তার ফিটনেসের ওপর ভরসা রেখেই বোর্ড তাকে আরও কিছু সময় খেলতে চাইছে। যদিও টেস্ট ক্রিকেটে বিরাটের ফর্ম কিছুটা খারাপ চলছিল, তবে এক দিনের ক্রিকেটে তার পারফরম্যান্স এখনও সন্তোষজনক। তাই বোর্ডের কাছে বিরাটের ভবিষ্যৎ নিয়ে তেমন চিন্তা নেই। তবে রোহিতের মতো বিরাটও পরবর্তী কিছু সিরিজে তার ফর্ম প্রমাণ করতে পারবেন কিনা, তা এক ধরনের অ্যাসিড টেস্ট হয়ে দাঁড়াবে। বর্তমানে ভারতীয় ক্রিকেট বোর্ডের এক উচ্চপদস্থ কর্মকর্তা বলেন, ''২০২৭ সালের বিশ্বকাপের পরিকল্পনা অনুযায়ী বোর্ড কিছু পরিবর্তন আনতে চায়। এটি যদি করতে হয়, তাহলে তা দুই বছর আগে থেকেই শুরু করতে হবে। রোহিত এখনও দুই ফরম্যাটে ভারতের অধিনায়ক। তাই, তার না থাকলে অধিনায়কত্বের বিষয়েও নতুন সিদ্ধান্ত নিতে হতে পারে। এই কারণে বোর্ড চায় রোহিতের সঙ্গে চ্যাম্পিয়ন্স ট্রফির পরে বসে তার ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা করতে। তবে যদি চ্যাম্পিয়ন্স ট্রফির পর রোহিত ও বিরাটের কেরিয়ার নিয়ে কোনো বড় সিদ্ধান্ত নিতে হয়, তাহলে ভারতের টেস্ট ক্রিকেটের নতুন অধিনায়ক হিসেবে জসপ্রীত বুমরাহর নাম ওঠে আসতে পারে।'' সুতরাং, আগামী কিছু মাস ভারতীয় ক্রিকেটের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়। বোর্ড, নির্বাচকরা এবং কোচিং স্টাফরা তাদের সিদ্ধান্ত নিতে একেবারে প্রস্তুত। এখন, দেখা যেতে পারে যে রোহিত শর্মা ও বিরাট কোহলি নিজেদের পরবর্তী পদক্ষেপের মাধ্যমে ভারতীয় ক্রিকেটে নিজেদের অনন্য স্থান আরও দীর্ঘায়িত করতে পারবেন কিনা।

ফিফা থেকে ফের নির্বাসিত পাকিস্তান ফুটবল ফেডারেশন

জুরিখ, ৭ ফেব্রুয়ারিঃ আবারও ফিফা থেকে সাময়িক সাসপেন্ড হল পাকিস্তান ফুটবল ফেডারেশন। প্রয়োজনীয় সাংবিধানিক সংশোধন না করায় এবং সুষ্ঠু ও গণতান্ত্রিক নির্বাচন নিশ্চিত করার ক্ষেত্রে ব্যর্থ হওয়ায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৃহস্পতিবার ফিফা এই সিদ্ধান্ত ঘোষণা করেছে যেখানে পাকিস্তান ফুটবল ফেডারেশনকে ফিফার স্বাভাবিকীকরণ প্রক্রিয়ার আওতায় থাকা বাধ্যবাধকতাগুলি পূরণ করতে অক্ষম হিসেবে চিহ্নিত করা হয়েছে। ফিফার বিবৃতিতে বলা হয়েছে, 'পাকিস্তান ফুটবল ফেডারেশনকে অবিলম্বে সাসপেন্ড করা হয়েছে কারণ তারা ফিফা এবং এশিয়ান ফুটবল কনফেডারেশন কর্তৃক প্রস্তাবিত সাংবিধানিক সংশোধনগুলি গ্রহণ করেনি। এই সংশোধনগুলি ফেডারেশনের শাসন ব্যবস্থা উন্নত করতে এবং নির্বাচনী প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত করতে প্রস্তাবিত হয়েছিল। কিন্তু নির্বাচিত পিএফএফ কংগ্রেস এই সংশোধনগুলি বাস্তবায়ন করতে অস্বীকার করেছে, যার ফলে সাসপেনশন আরোপ করা হয়।' এটি ২০১৭ সাল থেকে পাকিস্তান ফুটবল ফেডারেশনের তৃতীয় সাসপেনশন। ২০২১ সালের এপ্রিলেও ফিফা অনিয়মিত তৃতীয় পক্ষের হস্তক্ষেপের কারণে পাকিস্তান ফুটবল ফেডারেশনকে সাসপেন্ড করেছিল। ২০২২ সালের জুনে ফিফার স্বাভাবিকীকরণ কমিটি ফেডারেশনের কাজকর্ম পুনরায় পরিচালনার অধিকার পাওয়ার পরই সেই সাসপেনশন তুলে নেওয়া হয়।



দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নস্কর কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর
Printed & Published by Aloke Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar
Ph. No. 033-2237-0488, 9830217166
E-mail: dailydurantabarta@gmail.com